Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

14260

৭৭ব
৯

পবনবিজয়-স্বরোদয়ঃ

...ক প্রমাণীকরণ ১৯৮৪-১৯৮...

২২ব
৯

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ॐ ओ३म् ॐ

पुस्तक-संख्या ११५/२

पंजिका-संख्या १४२६०

पुस्तक पर सर्व प्रकार की निशानियां लगाना वर्जित है। कोई महाशय १५ दिन से अधिक देर तक पुस्तक अपने पास नहीं रख सकते। अधिक देर तक रखने के लिये पुनः आज्ञा प्राप्त करनी चाहिये।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পবনবিজয়-স্বরোদয়ঃ

শ্রীকালীপ্রসন্ন-বিদ্যারত্নেনানূদিতঃ।

বসুমতী-কার্য্যালয়তঃ

শ্রীউপেন্দ্রনাথ-মুখোপাধ্যায়েন সম্পাদিতঃ প্রকাশিতশ্চ।

কলিকাতা-রাজধান্যাম্

গ্রে-ষ্ট্রীটস্থ ১১৫।৪ সংখ্যক-ভবনে "বসুমতী-ইলেক্‌ট্রো-মেসিনাখ্য-যন্ত্রে"

শ্রীপূর্ণচন্দ্রমুখোপাধ্যায়েন মুদ্রিতঃ।

১৩১৫

মূল্য ৸০ বার আনা।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সূচিপত্রম্।

অধ্যায়	বিষয়		পৃষ্ঠা
১ম।	স্বরজ্ঞানম্	...	১
২য়।	জ্ঞানকাণ্ডম্	...	১১
৩য়।	নাড়ীজ্ঞানম্	...	১৭
৪র্থ।	প্রাণাদিবায়ুনিরূপণং নাড়ীনামবস্থানং, কর্ম্মবিশেষেণ নাড়ীফলং পক্ষতিথিরাশিবারাদিনিরূপণঞ্চ		২০
৫ম।	বিপরীতলক্ষণং নাড়ীচালনঞ্চ	...	৩০
৬ষ্ঠ।	ইড়াফলম্	...	৩৬
৭ম।	পিঙ্গলাফলম্	...	৩৮
৮ম।	সুষুম্নাফলম্	...	৪০
৯ম।	তত্ত্বনির্ণয়ঃ	...	৪৩
১০ম।	প্রবাসিপ্রশ্নঃ	...	৫৫
১১শ।	পঞ্চতত্ত্বধ্যানম্	...	৬০
১২শ।	যুদ্ধপ্রকরণম্	...	৬৩
১৩শ।	ঘাতস্থাননিরূপণং, তত্ত্ববিশেষেণ যুদ্ধজ্ঞানঞ্চ		৭১
১৪শ।	যমযুদ্ধ-দ্যূতযুদ্ধ-স্বরজ্ঞানানি	...	৭৬
১৫শ।	দেবীবশীকরণম্	...	৭৯
১৬শ।	স্ত্রীবশীকরণম্	...	৮১
১৭শ।	গর্ভপ্রকরণম্	...	৮২
১৮শ।	সংবৎসরপ্রকরণম্	...	৮৬
১৯শ।	রোগপ্রকরণম্	...	৯০
২০শ।	নাড়ীজ্ঞানম্	...	৯৮
২১শ।	স্বরোদয়ফলশ্রুতিঃ	...	১০৩

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পবনবিজয়-স্বরোদয়ঃ

প্রথমোঽধ্যায়ঃ।

স্বরজ্ঞানম্।

সূত উবাচ।

হরেঃ শ্রুত্বা হরো গৌরাং দেহস্থং জ্ঞানমব্রবীৎ ॥ ১ ॥

কোন সময়ে মহামতি সূত নৈমিষারণ্যবাসী তাপসগণের নিকট উপস্থিত হইলে, ঋষিবৃন্দ স্বরোদয়-শাস্ত্র পরিজ্ঞাত হইবার বাসনায় তাঁহার নিকট তদ্বিষয় কীর্ত্তনে অনুরোধ করেন। তখন সূত তাঁহাদিগকে কহিলেন, হে তাপসবৃন্দ! ভগবান্ মহেশ্বর শ্রীহরিপ্রমুখাৎ শ্রবণ করিয়া পার্ব্বতী-সকাশে দেহনির্ণায়ক স্বরোদয়জ্ঞান বর্ণন করিয়াছিলেন; অধুনা আমি তাহা কীর্ত্তন করি, অবধান করুন ॥১॥

শ্রীসদাশিব উবাচ।

কুজো বহ্নী রবিঃ পৃথ্বী শৌরিরাপঃ প্রকীর্ত্তিতঃ।
বায়ুসংস্থঃ স্থিতো রাহুর্দ্দক্ষরন্ধ্রাবভাষকঃ ॥ ২ ॥

সদাশিব হৈমবতীকে সম্বোধন করিয়া কহিলেন, গিরিজে! দক্ষিণনাসা পিঙ্গলা নামে অভিহিত। যে সময়ে ঐ দক্ষিণ-নাসায় শ্বাস প্রবাহিত হয়,

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সেই সময়ে অগ্নিতত্ত্বের অধীশ্বর কুজ,পৃথ্বীতত্ত্বের অধীশ্বর সূর্য্য, বারিতত্ত্বের অধীশ্বর শনৈশ্চর এবং অনিলতত্ত্বের অধিপতি রাহু হইয়া থাকেন ॥ ২ ॥

গুরুঃ শুক্রস্তথা সৌম্যশ্চন্দ্রশ্চৈব চতুর্থকঃ ।
বামনাড্যান্তু মধ্যস্থান্ কারয়েদাত্মনস্তথা ॥ ৩ ॥

বামনাসাকে ইড়া কহে। যে সময়ে বামনাসায় শ্বাস প্রবাহিত হয়,তখন বহ্নিতত্ত্বের অধীশ্বর গুরু, পৃথ্বীতত্ত্বের অধিপতি শুক্র, বারিতত্ত্বের অধীশ্বর বুধ এবং অনিলতত্ত্বের অর্থাৎ বায়ুতত্ত্বের অধীর সোম হইয়া থাকেন॥ ৩ ॥

যদাচার ইড়াযুক্তস্তদা কর্ম্ম সমাচরেৎ ।
স্থানসেবাং তথা ধ্যানং বাণিজ্যং রাজদর্শনম্ ।
অন্যানি শুভকর্ম্মাণি কারয়েত প্রযত্নতঃ ॥ ৪ ॥

বামনাসিকাতে শ্বাস প্রবাহিত হইতে আরম্ভ হইলে, তখন তীর্থগমন, ধ্যান, ব্যবসায়, নৃপতিদর্শন ও সৎক্রিয়া সম্পাদন করিবে ॥ ৪ ॥

দক্ষনাড়ীপ্রবাহে তু শনির্ভৌমশ্চ সৈংহিকঃ ।
ইনশ্চৈব তথাপ্যেব পাপানামুদয়ো ভবেৎ ॥ ৫ ॥

পিঙ্গলাতে অর্থাৎ দক্ষিণ-নাসায় শ্বাস-প্রবহন-সময়ে শনৈশ্চর, কুজ, রাহু ও ভাস্কর এই চারিটী পাপগহের উদয় হয় ॥ ৫ ॥

শুভাশুভবিবেকো হি জ্ঞায়তে তু স্বরোদয়াৎ ॥ ৬ ॥

এই শাস্ত্রে জ্ঞান জন্মিলে ইহার প্রসাদে শুভাশুভ সকল কার্য্যই নিরূপণ করিতে পারে ॥ ৬ ॥ *

---

* শুভগ্রহেরা শুভকর্ম্মের ফলদাতা, সুতরাং যে সময়ে বাম-নাসিকায় শ্বাস প্রবাহিত হইবে, তৎকালে শুভকর্ম্মের অনুষ্ঠান করা কর্ত্তব্য। আর দক্ষিণনাসায় শ্বাসবহনকালে পাপক্রিয়ার আচরণে প্রবৃত্ত হইতে হয়।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

দেহমধ্যে স্থিতা নাড্যো বহুরূপাঃ সুবিস্তৃতাঃ।
নাভেরধস্তাদ্‌যঃ স্কন্দ অঙ্কুরাস্তত্র নির্গতাঃ ॥ ৭ ॥
দ্বিসপ্ততিসহস্রাণি নাভিমধ্যে ব্যবস্থিতাঃ।
চক্রবচ্চ স্থিতাস্তা তু সর্ব্বাঃ প্রাণহরাঃ স্মৃতাঃ ॥ ৮ ॥

মানব-শরীরে বহুসংখ্যক নাড়ী বিদ্যমান। উহারা অতি বিস্তৃত এবং উহাদিগের আকার নানারূপ। নাভির অধোভাগস্থ মূলাধার হইতেই ঐ সমস্ত নাড়ী বহির্গত হইয়া শরীরের সর্ব্বত্র প্রসৃত হইয়াছে। দেহাভ্যন্তরে সর্ব্বসমেত সার্দ্ধদ্বিসপ্ততি সহস্র নাড়ী বিদ্যমান আছে। উহারা চক্রাকারে অবস্থিত। ঐ সকল নাড়ীকেই প্রাণনাশক বলা যায় ॥ ৭-৮ ॥

তাসাং মধ্যে ত্রয়ঃ শ্রেষ্ঠা বামদক্ষিণমধ্যমাঃ ॥ ৯ ॥

সে সমস্ত নাড়ীর বিষয় কীর্ত্তিত হইল, ইহাদিগের মধ্যে বাম, দক্ষিণ ও মধ্যম এই তিনটী নাড়ীই প্রধান ॥ ৯ ॥ *

বামা সোমাত্মিকা প্রোক্তা দক্ষিণা রবিসন্নিভা।
মধ্যমা চ ভবেদগ্নিঃ কথ্যতাং কালরূপিণী ॥ ১০ ॥

বামা (ইড়া) নাড়ী সোমাত্মিকা, দক্ষিণা (পিঙ্গলা) রবি-সন্নিভা এবং মধ্যমা (সুষুম্না) নাড়ী অগ্নিস্বরূপিণী। এই মধ্যমা নাড়ীই কালরূপিণী বলিয়া অভিহিত হইয়া থাকে ॥ ১০ ॥

বামা হ্যমৃতরূপা চ জগদাপ্যায়নে স্থিতা।
দক্ষিণা রৌদ্রভাগেন জগচ্ছোষয়তে সদা ॥ ১১ ॥

---

* ইড়া নাড়ী শরীরের বামদিকে অবস্থিত বলিয়া উহাকে বাম-নাড়ী কহে। ঐরূপ দক্ষিণভাগস্থ নাড়ীকে পিঙ্গলা এবং মধ্যভাগস্থ নাড়ীকে মধ্যমা অথবা সুষুম্না কহে। এই তিনটী নাড়ীই সর্ব্বপ্রধান।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

দ্বয়োর্ব্বাহে তু মৃত্যুঃ স্যাৎ সর্ব্বকার্য্যবিনাশিনী ।
নির্গমে তু ভবেদ্বামা প্রবেশে দক্ষিণা স্মৃতা ॥ ১২ ॥

সুধারসস্বরূপা ইড়া নাড়ী দেহের বামদিক্ আশ্রয় পূর্ব্বক অধিষ্ঠিত রহিয়াছে। এই নাড়ী দ্বারাই অনুক্ষণ জগতের প্রীতিবিধান হয়। শরীরাভ্যন্তরস্থ দক্ষিণভাগ পিঙ্গলা নাড়ীর আশ্রয়। পিঙ্গলা নাড়ীতে শ্বাসবহন আরম্ভ হইলে মহাতাপ প্রকাশিত হইয়া থাকে। এই নাড়ীই পরিশোষণকারিণী অর্থাৎ ইহাদ্বারাই জগতের পরিশোষণ-কার্য্য সম্পাদিত হয়। যে সময়ে ইড়া ও পিঙ্গলা অর্থাৎ উভয় নাসাপুটেই শ্বাস প্রবাহিত হইতে থাকে, তৎকালে মৃত্যু ও সমস্ত কর্ম্ম বিনাশ প্রাপ্ত হয়; অর্থাৎ সে সময়ে কোন শুভকর্ম্মের অনুষ্ঠানে প্রবৃত্ত হইবে না। ইড়া দ্বারা শ্বাসনির্গম ও পিঙ্গলা দ্বারা প্রবেশ হইয়া থাকে ॥ ১১-১২ ॥

ইড়াচারে তথা সৌম্যং চন্দ্রসূর্য্যগতস্তথা ।
কারয়েৎ ক্রূরকর্ম্মাণি প্রাণে পিঙ্গলসংস্থিতে ॥ ১৩ ॥

দক্ষিণ-নাসাপুটে শ্বাসবহনকালে ক্রূরকর্ম্মের আচরণে প্রবৃত্ত হইবে এবং বাম-নাসিকাপুটে শ্বাসবহনকালে শুভকর্ম্মের আচরণ করিতে হয়; এই প্রকার করিলেই মঙ্গললাভ হয় ॥ ১৩ ॥

যাত্রায়াং সর্ব্বকার্য্যেষু বিষাপহরণে ইড়া ।
ভোজনে মৈথুনে যুদ্ধে পিঙ্গলা সিদ্ধিদায়িকা ॥ ১৪ ॥

ইড়া নাড়ীতে শ্বাসবহনকালে যাত্রা ও বিষাপহরণ-কার্য্যে প্রবৃত্ত হইবে এবং যে সময়ে পিঙ্গলাতে শ্বাস প্রবাহিত হইবে, তখন ভোজন, মৈথুন ও যুদ্ধে প্রবৃত্ত হইলে তত্তৎকার্য্যে সিদ্ধিলাভ হয় সন্দেহ নাই ॥১৪॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

উচ্চাটমারণাদ্যেষু কর্ম্মস্বেতেষু পিঙ্গলা।
মৈথুনে চৈব সংগ্রামে ভোজনে সিদ্ধিদায়িকা ॥ ১৫ ॥

পিঙ্গলাতে শ্বাসবহনকালে উচ্চাটন, মারণ, মৈথুন ও সংগ্রাম প্রভৃতি কার্য্যে প্রবৃত্ত হইলে তত্তৎকার্য্য সুসিদ্ধ হয় ॥ ১৫ ॥

শোভনেষু চ কার্য্যেষু যাত্রায়াং বিষকর্ম্মণি।
শান্তিমুক্ত্যর্থসিদ্ধৌ চ ইড়া যোজ্যা নরাধিপৈঃ ॥ ১৬ ॥

শুভক্রিয়া, যাত্রা, বিষপ্রয়োগ, শান্তিকর্ম্ম, মুক্তি ও মনোরথ-সিদ্ধ্যর্থ যে কোন কর্ম্ম হউক না কেন, বামনাসাপুটে শ্বাসবহনকালে আরম্ভ করিবে। তাহা হইলেই শুভফল লাভ হইবে, ইহাতে সন্দেহ নাই ॥১৬॥

দ্বাভ্যাঞ্চৈব প্রবাহে চ ক্রূরসৌম্যবিবর্জ্জনে।
বিষুবং তন্তু জানীয়াৎ সংস্মরেত্তু বিচক্ষণঃ ॥ ১৭ ॥

ইড়া ও পিঙ্গলা উভয় নাড়ীতে অর্থাৎ যুগপৎ উভয় নাসিকাতে শ্বাসবহন আরম্ভ হইলে সে সময়ে শুভাশুভ কোন কর্ম্মে প্রবৃত্ত হইবে না। বিচক্ষণ ব্যক্তি ইহাকেই সুষুম্নার শ্বাসবহন বলিয়া কীর্ত্তন করেন ॥ ১৭ ॥

সৌম্যাদিশুভকার্য্যেষু লাভাদিজয়জীবিতে।
গমনাগমনে চৈব বামা সর্ব্বত্র পূজিতা ॥ ১৮ ॥

ইড়া নাড়ীই লাভ, বিজয়, আয়ুর্বৃদ্ধিকর কর্ম্ম, স্থানান্তরে গমন, বিদেশ হইতে প্রত্যাগমন ইত্যাদি কার্য্যে প্রশস্ত অর্থাৎ যখন বামনাসাপুটে শ্বাসবহন হয়, তৎকালেই ঐ সমস্ত কর্ম্ম অনুষ্ঠান করিতে হয়॥ ১৮ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

যুদ্ধাদিভোজনে ঘাতে স্ত্রীণাঞ্চৈব তু সঙ্গমে।
প্রশস্তা দক্ষিণা নাড়ী প্রবেশে ক্ষুদ্রকর্ম্মণি ॥ ১৯ ॥

যুদ্ধ, ভোজন, কোন জীবকে প্রহার, মৈথুন, গৃহপ্রবেশ ইত্যাদি ক্ষুদ্র-কার্য্য-সম্বন্ধে দক্ষিণনাড়ীই প্রশস্ত অর্থাৎ যে সময়ে দক্ষিণনাসায় শ্বাস প্রবাহিত হইবে, সেই সময়েই ঐ সকল ক্রিয়ার অনুষ্ঠান করিতে হয় ॥১৯॥

শুভাশুভানি কার্য্যাণি লাভালাভৌ জয়াজয়ৌ।
জাবো জীবায় যৎ পৃচ্ছেৎ ন সিদ্ধ্যতি চ মধ্যমা ॥ ২০ ॥

শুভাশুভ কার্য্য, লাভালাভ, জয়-পরাজয় প্রভৃতি যে কোন বিষয়ের প্রশ্ন হউক না কেন, সুষুম্নায় শ্বাবহনকালে করিলে তাহা সিদ্ধ হয় না ॥ ২০ ॥

বামাচারেঽথবা দক্ষে প্রত্যয়ে যত্র নায়কঃ।
তনুস্থঃ পৃচ্ছতে যস্তু তত্র সিদ্ধির্ন সংশয়ঃ ॥ ২১ ॥
বৈচ্ছন্দো বামদেবস্তু যদা বহতি চাত্মনি।
তত্র ভাগে স্থিতঃ পৃচ্ছেৎ সিদ্ধির্ভবতি নিষ্ফলা ॥ ২২ ॥

বামনাসাপুটে বা দক্ষিণ-নাসাপুটে শ্বাসপ্রশ্বাসকালে কেহ কোন বিষয়ের প্রশ্ন করিলে, তাহা সফল হইবে, সন্দেহ নাই। ইহার বিপরীতে নিষ্ফল বুঝিতে হইবে ; অর্থাৎ যে সময়ে বামনাসাপুটে বা দক্ষিণ-নাসাপুটে শ্বাস বহির্গত হয়, তৎকালে কেহ সেই দিক্ হইতে প্রশ্ন করিলে তাহা নিষ্ফল বুঝিতে হইবে ॥২১-২২।

বামে বা দক্ষিণে বাপি যত্র সংক্রমতে শিবা।
ঘোরে ঘোরাণি কার্য্যাণি সৌম্যে বৈ মধ্যমানি চ ॥ ২৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

প্রস্থিতে ভাগতো হংসে দ্বাভ্যাং বৈ সর্ব্ববাহিনি।
তদা মৃত্যুং বিজানীয়াদ্‌যোগী যোগবিশারদঃ ॥ ২৪ ॥

যৎকালে বামনাসায় বা দক্ষিণনাসায় শ্বাস প্রবাহিত হয়, তখন ক্রূর-গ্রহের উদয়ে ক্রূরকর্ম্ম এবং শুভগ্রহের উদয়ে শুভকর্ম্মের আচরণ করিতে হয়। যৎকালে মধ্যমাতে অর্থাৎ সুষুম্নাতে শ্বাস প্রবাহিত হয়, তৎকালে কোন কর্ম্মে প্রবৃত্ত হইলে মৃত্যু ঘটে ॥-২৩-২৪ ॥

যত্র যত্র স্থিতঃ পৃচ্ছেদ্বামদক্ষিণসংমুখঃ।
তত্র তত্র সমং দিশ্যাদ্বাতস্যোদয়নং সদা।
অগ্রতো বামিকা শ্রেষ্ঠা পৃষ্ঠতো দক্ষিণা শুভা ॥২৫॥
বামেন বামিকা প্রোক্তা দক্ষিণে দক্ষিণা শুভা।
জীবো জীবতি জীবেন যচ্ছূন্যং তৎস্বরো ভবেৎ ॥ ২৬ ॥

বামভাগে, দক্ষিণভাগে অথবা পুরোভাগে অবস্থিতি পূর্ব্বক প্রশ্ন করিলে সেই সময়ে কোন্ নাড়ীতে নিশ্বাস প্রবাহিত হইতেছে, প্রথমতঃ তাহা সম্যক্ বিদিত হওয়া উচিত। যে সময়ে বামনাসাপুটে শ্বাস প্রবাহিত হয়, তৎকালে পুরোভাগ বা বামদিক্ হইতে প্রশ্নে শুভফল ফলিবে সন্দেহ নাই এবং যে সময়ে দক্ষিণনাসাপুটে শ্বাস প্রবাহিত হয়, তৎকালে পশ্চাদ্‌ভাগ বা দক্ষিণ হইতে প্রশ্ন হইলে কার্য্যসিদ্ধি হয় বুঝিবে ॥২৫-২৬॥

যৎকিঞ্চিৎ কার্য্যমুদ্দিষ্টং জয়াদিশুভলক্ষণম্।
তৎসর্ব্বং পূর্ণনাড্যান্তু জায়তে নির্ব্বিকল্পতঃ ॥ ২৭ ॥

পূর্ণনাড়ী-বহনকালে জয়াদি শুভকার্য্য উদ্দেশপূর্ব্বক প্রশ্ন করিলে সেই প্রশ্নের ফল শুভ হয় এবং তৎকালে কোন কর্ম্মে প্রবৃত্ত হইলে সেই কর্ম্মও সুসিদ্ধ হইয়া থাকে ॥ ২৭ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বামাচারসমো বায়ুর্জ্জায়তে কর্ম্মসিদ্ধিদঃ ।
প্রবৃত্তে দক্ষিণে মার্গে বিষমে বিষমাক্ষরম্ ॥ ২৮ ॥
অন্যত্র বামবাহে তু নাম বৈ বিষমাক্ষরম্ ।
তদাসৌ জয়মাপ্নোতি যোধঃ সংগ্রামমধ্যতঃ ॥ ২৯ ॥
দক্ষবাতপ্রবাহে তু যদি নাম সমাক্ষরম্ ।
জায়তে নাত্র সন্দেহো নাড়ীমধ্যে তু লক্ষয়েৎ ।
পিঙ্গলান্তর্গতে প্রাণে শমনীয়াহবঞ্জয়েৎ ॥৩০॥
যাবন্নাড্যোদয়ং চারস্তাং দিশং যাবদাপয়েৎ ।
ন দাতুং জায়তে সোঽপি নাত্র কার্য্যা বিচারণা ॥ ৩১ ॥

বামনাসাপুটে শ্বাসবহনকালে কেহ প্রশ্ন করিলে প্রথমে সেই প্রশ্নগত বাক্যের অক্ষরগুলি গণনা করিবে। যুগ্ম অক্ষর হইলে কার্য্য সিদ্ধ এবং অযুগ্মে নিষ্ফল বুঝিতে হয়। যে সময়ে দক্ষিণনাসাপুটে বা বামনাসাপুটে শ্বাস প্রবাহিত হয়, সেই সময়ে কেহ প্রশ্ন করিলে যদি প্রশ্নগত অক্ষর গণনা করিয়া অযুগ্ম হয়, তাহা হইলে কার্য্য সফল হইবে সন্দেহ নাই। যদি তৎকালে জয়-পরাজয়-সম্বন্ধীয় প্রশ্ন হয়, তাহা হইলে জয়লাভ হইবে। দক্ষিণনাসাপুটে শ্বাসবহনকালে কেহ প্রশ্ন করিলে যদি সেই প্রশ্নগত অক্ষরে ও নামে সমান অক্ষর হয় অর্থাৎ প্রশ্নে যে কয়টী অক্ষর, প্রশ্নকর্ত্তার নামও সেই কয় অক্ষর-বিশিষ্ট হয়, তাহা হইলে যে যুদ্ধে সন্ধি হইবার বিলক্ষণ সম্ভব, তাহাতেও সন্ধি না হইয়া জয়লাভ হইবে ॥ ২৮-৩১ ॥

অথ সংগ্রামমধ্যে তু যত্র নাড়ী সদা বহেৎ ।
সা দিশা জয়মাপ্নোতি শূন্যে ভঙ্গং বিনির্দ্দিশেৎ ॥ ৩২ ॥
জাতচারে জয়ং বিদ্যান্মৃতকে মৃতমাদিশেৎ ।
জয়ং পরাজয়ং চৈব যো জানাতি স পণ্ডিতঃ ॥৩৩॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সংগ্রাম-সম্বন্ধে কেহ প্রশ্ন করিলে তৎকালে যে নাড়ীতে শ্বাস প্রবাহিত হয়, সেই দিকে জয় ও তাহার বিপরীত দিকে যুদ্ধভঙ্গ হয়। বাম ও দক্ষিণনাসাপুটের মধ্যে যে কোন নাসিকাতে শ্বাসবহন হইবে, উপরি-উক্ত প্রণালীতে জয়-পরাজয় স্থির করিবে; কিন্তু যে সময়ে সুষুম্নায়-অর্থাৎ উভয় নাসাপুটে শ্বাস প্রবাহিত হয়, তৎকালে প্রশ্ন করিলে অবশ্য মৃত্যু ঘটিবে সন্দেহ নাই। এই প্রকারে জয়-পরাজয়-বৃত্তান্তে পারদর্শী হইলেই বিচক্ষণ বলিয়া গণনীয় হইতে পারে ॥ ৩২-৩৩ ॥

বামে বা দক্ষিণে বাপি যত্র সঞ্চরতে শিবম্।
কৃত্বা তৎপাদমাপ্নোতি যাত্রা সন্ততশোভনা ॥৩৪॥

যে সময়ে বামনাসাপুটে শ্বাস প্রবাহিত হয়, তৎকালে কোন স্থানে গমনের আবশ্যক হইলে প্রথমতঃ বামচরণ প্রক্ষেপ করিয়া যাত্রা করিবে। দক্ষিণনাসাপুটে শ্বাসবহনকালে কোন স্থানে যাত্রা করিতে হইলে প্রথমতঃ দক্ষিণচরণ প্রক্ষেপ করিয়া যাইবে। এই প্রণালীতে যাত্রা করিলে শুভ-ফল-প্রাপ্তি হয়, সন্দেহ নাই ॥ ৩৪ ॥

শশিসূর্য্যপ্রবাহে তু সতি যুদ্ধং সমাচরেৎ।
তত্রস্থঃ পৃচ্ছতে যস্তু স সাধুর্জয়তে ধ্রুবম্ ॥ ৩৫ ॥

বাম বা দক্ষিণ যে কোন নাসাতেই শ্বাসবহন হউক না কেন, যুদ্ধে প্রবৃত্ত হইতে পারে; কিন্তু যে নাসায় শ্বাসবহন হইবে, সেই দিকেই জয় নিশ্চয় ॥৩৫ ॥

যাং দিশং বহতে বায়ুস্তাং দিশং যাবদাজয়েৎ।
জায়তে নাত্র সন্দেহ ইন্দ্রো যদ্যগ্রতঃ স্থিতঃ ॥ ৩৬ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

যে নাসাপুটে শ্বাস প্রবাহিত হইতেছে, কেহ সেই দিক্ হইতে সংগ্রাম-সম্বন্ধে প্রশ্ন করিলে নিশ্চয় তাহার জয়লাভ হইবে ; স্বয়ং দেবেন্দ্রও তাহাকে পরাস্ত করিতে সমর্থ হইবেন না ॥ ৩৬ ॥

মেষাদ্যা দশ যা নাড়ো দক্ষিণা বামসংস্থিতাঃ।
চরস্থিরদ্বিমার্গে তাস্তাদৃশে তাদৃশঃ ক্রমাৎ ॥ ৩৭ ॥

বামভাগের ও দক্ষিণভাগের দশসংখ্য নাড়ীতে মেষাদি দ্বাদশরাশি এবং তাহাদিগের চর, স্থির ও দ্ব্যাত্মকাদি বিচার করিয়া প্রশ্নের ফলাফল নির্ণয় করিতে হয় ॥ ৩৭ ॥

নির্গমে নির্গমং যাতি সংগ্রহে সংগ্রহং বিদুঃ।
পৃচ্ছকস্য বচঃ শ্রুত্বা তত্র সিদ্ধিঞ্চ লক্ষয়েৎ ॥ ৩৮ ॥

শ্বাসবহির্গমনকালে কেহ প্রশ্ন করিলে অশুভ ফল ঘটে এবং শ্বাস-প্রবেশসময়ে প্রশ্ন হইলে প্রশ্নকর্ত্তার সিদ্ধিলাভ হইয়া থাকে ॥ ৩৮ ॥

বামে বা দক্ষিণে বাপি পঞ্চতত্ত্বস্থিতঃ শিবে।
ঊর্দ্ধোঽগ্নিরধ-আপশ্চ তির্য্যক্সংস্থঃ প্রভঞ্জনঃ।
মধ্যে তু পৃথিবী জ্ঞেয়া নমঃ সর্ব্বত্র সর্ব্বদা ॥ ৩৯ ॥

উভয় নাসাতেই পঞ্চতত্ত্বের উদয় হইয়া থাকে। শ্বাস নাসাপুটের ঊর্দ্ধভাগ স্পর্শ পূর্ব্বক প্রবাহিত হইলেই জানিবে যে, অগ্নিতত্ত্বের উদয় হইয়াছে। নাসাপুটের অধোভাগ স্পর্শ পূর্ব্বক প্রবাহিত হইলে জলতত্ত্বের উদয় জানিবে ; নাসাপুটের পার্শ্বদেশ স্পর্শপূর্ব্বক প্রবাহিত হইলে অনিলতত্ত্বের উদয় বুঝিতে হয় ; নাসার মধ্যস্থল দিয়া বাহিত হইলে পৃথ্বীতত্ত্ব এবং নাসার সর্ব্বত্র স্পর্শ পূর্ব্বক ঘূর্ণিতভাবে প্রবাহিত হইলে বুঝিবে যে, তৎকালে গগনতত্ত্বের উদয় হইয়াছে ॥ ৩৯ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ঊর্দ্ধে মৃত্যুরধঃ শান্তিস্তির্য্যক্ চোচ্চাটয়েৎ সুধীঃ।
মধ্যে স্তম্ভং বিজানীয়ান্মোক্ষঃ সর্ব্বত্র সর্ব্বগে ॥ ৪০ ॥

মারণকর্ম্ম বহ্নিতত্ত্বের উদয়ে, শান্তিকার্য্য জলতত্ত্বের উদয়ে, উচ্চাটন অনিলতত্ত্বের উদয়ে, স্তম্ভন পৃথ্বীতত্ত্বের উদয়ে এবং মোক্ষসম্বন্ধীয় কর্ম্ম গগনতত্ত্বের উদয়ে করিবে ॥ ৪০ ॥

ইতি প্রথমোঽধ্যায়ঃ।

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

—*—

জ্ঞানকাণ্ডম্।

শ্রীপার্ব্বতী উবাচ।

দেবদেব মহাদেব তত্ত্বজ্ঞ পরমেশ্বর।
কথয়স্ব প্রভো জ্ঞানং কৃপাং কৃত্বা মমোপরি ॥ ১ ॥

পার্ব্বতী কহিলেন, হে দেবদেব! হে মহাদেব! হে তত্ত্বজ্ঞ! হে পরমেশ্বর! হে প্রভো! মৎপ্রতি করুণাপুরঃসর জ্ঞানবিষয় বর্ণন করুন ॥ ১ ॥

কথং ব্রহ্মাণ্ডমুৎপন্নং কথং বা পরিবর্ত্ততে।
কথং বিলীয়তে দেব বদ ব্রহ্মাণ্ডনির্ণয়ম্ ॥ ২ ॥

হে দেব! কিরূপে ব্রহ্মাণ্ডের উৎপত্তি হইয়াছে? কিরূপেই বা ইহার পরিবর্ত্তন হয় এবং কি প্রকারেই বা পুনর্ব্বার বিলয় প্রাপ্ত হইয়া থাকে? এই সমস্ত ব্রহ্মাণ্ড-নির্ণয় কীর্ত্তন করুন্ ॥ ২ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

মহাদেব উবাচ ।

তত্ত্বাদ্‌ব্রহ্মাণ্ডমুৎপন্নং তত্ত্বেন পরিবর্ত্ততে ।
তত্ত্বেন লীয়তে দেবি তত্ত্বাদ্‌ব্রহ্মাণ্ডনির্ণয়ঃ ॥ ৩ ॥

মহাদেব কহিলেন, হে দেবি! ব্রহ্মাণ্ড তত্ত্ব হইতেই সমুৎপন্ন, তত্ত্ব দ্বারাই পরিবর্ত্তিত হইতেছে এবং পরিশেষে তত্ত্বেই বিলয় প্রাপ্ত হয়; অতএব তত্ত্বই ব্রহ্মাণ্ড-নিরূপণের মূল কারণ ॥ ৩ ॥

দেব্যুবাচ ।

তত্ত্বমেব পরং মূলং নিশ্চিতং তত্ত্ববেদিভিঃ ।
তত্ত্বস্বরূপং কিং দেব তত্ত্বমেব প্রকাশয় ॥ ৪ ॥

দেবী কহিলেন, হে দেব! তত্ত্বজ্ঞ পণ্ডিতেরা নিরূপণ করিয়াছেন যে, তত্ত্বই পরম মূল; সুতরাং কৃপা করিয়া তত্ত্ব-স্বরূপ মৎসকাশে প্রকাশ করুন্ ॥ ৪ ॥

ঈশ্বর উবাচ ।

নিরঞ্জনো নিরাকারো একদেবো মহেশ্বরঃ ।
তস্মাদাকাশমুৎপন্নং আকাশাদ্বায়ুসম্ভবঃ ।
বায়োস্তেজস্ততশ্চাপস্ততঃ পৃথ্বীসমুদ্ভবঃ ॥ ৫ ॥

ঈশ্বর কহিলেন, প্রথমতঃ একমাত্র নিরঞ্জন নিরাকার মহেশ্বর হইতেই আকাশ সঞ্জাত হয়। তৎপরে আকাশ হইতে অনিল, অনিল হইতে তেজঃ, তেজঃ হইতে জল এবং জল হইতে পৃথিবীর উৎপত্তি হইয়াছে ॥৫॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

এতানি পঞ্চতত্ত্বানি বিস্তীর্ণানি চ পঞ্চধা।
বিলীয়তে চ তত্রৈব তত্রৈব রমতে পুনঃ ॥ ৬ ॥

ইহাদিগের নাম পঞ্চতত্ত্ব। এই পঞ্চতত্ত্ব পঞ্চপ্রকারে প্রসারিত হইয়াছে। এই তত্ত্বপঞ্চক হইতেই ব্রহ্মাণ্ডের উৎপত্তি হয়,সমস্ত পরিবর্ত্তিত হয় এবং ইহাদ্বারাই সকলের বিলয় হইয়া থাকে। এই তত্ত্বপঞ্চকেই ব্রহ্মাণ্ড পরিমিত হয় ॥ ৬ ॥

পঞ্চতত্ত্বময়ে দেহে পঞ্চতত্ত্বানি সুন্দরী।
সূক্ষ্মরূপেণ বর্ত্তন্তে জ্ঞায়তে তত্ত্বযোগিভিঃ ॥ ৭ ॥

তত্ত্বযোগিগণ এইরূপ নির্দ্দেশ করিয়াছেন যে, এই তত্ত্বপঞ্চ-বিশিষ্ট শরীরে তত্ত্বসমূহ সূক্ষ্মভাবে বিদ্যমান আছে ॥ ৭ ॥

অতএব প্রবক্ষ্যামি শরীরস্থং স্বরোদয়ম্।
হংসচারস্বরূপেণ ভবেৎ জ্ঞানং ত্রিকালগম্ ॥ ৮ ॥

হে সুন্দরি! অধুনা শরীরস্থ স্বরোদয়ের বিষয় কীর্ত্তন করি, অবধান কর। জীবশরীরে "হংস"-রূপে শ্বাস প্রবাহিত হয় অর্থাৎ শ্বাস-প্রশ্বাসের সময় "হংসঃ" এই শব্দ উচ্চারিত হইয়া থাকে। ঐ শব্দের হংকার দ্বারা শিবরূপ মৃত্যু বুঝায় এবং "সঃ" দ্বারা শক্তিরূপ বুঝাইয়া থাকে। এই বীজ দ্বারাই ভূত, ভাবী ও বর্ত্তমান এই ত্রিকাল পরিজ্ঞাত হইতে পারে ॥ ৮ ॥

গুহ্যাদ্‌গুহ্যতরং সারমুপকারপ্রকাশকম্।
ইদং স্বরোদয়ং জ্ঞানং জ্ঞানিনাং মস্তকেমণিঃ।
সূক্ষ্মাৎ সূক্ষ্মতরং জ্ঞানং সুবোধং সত্যপ্রত্যয়ম্।
আশ্চর্য্যং নাস্তিকে লোকে আধারং ত্বাস্তিকে জনে ॥ ৯ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সর্ব্বশাস্ত্রের সারভূত এই স্বরোদয়শাস্ত্র অতীব গোপনীয়, হিতকর, জ্ঞানিবর্গের শিরোভূষণস্বরূপ, সূক্ষ্ম হইতেও সূক্ষ্ম, সত্য-প্রত্যয়জনক, নাস্তিকের পক্ষে বিস্ময়কর ও আস্তিকের জ্ঞান-নিদানস্বরূপ ॥ ৯ ॥

শান্তে শুদ্ধে সদাচারে গুরুভক্তৈকমানসে।
দৃঢ়চিত্তে কৃতজ্ঞে চ দেয়শ্চৈব স্বরোদয়ম্ ॥ ১০ ॥

শান্তমনা, পবিত্রাচারবান্, গুরুভক্তিপরায়ণ, একাগ্রমনা, দৃঢ়চিত্ত ও কৃতজ্ঞজনের নিকট এই শাস্ত্র প্রকাশ করিবে ও উপদেশ দিবে ॥ ১০

শঠে চ দুর্জ্জনে শূদ্রে অশান্তে গুরুলোপকে।
হীনসত্ত্বে দুরাচারে স্বরোদয়ং ন দীয়তে ॥ ১১ ॥

শঠ, দুর্জ্জন, শূদ্র, অশান্তস্বভাব, মূঢ়বুদ্ধি ও অসদাচারীর নিকট ইহার উপদেশ দিবে না; বিশেষতঃ যে ব্যক্তি গুরুস্বীকার না করে, তাহার নিকট ইহা প্রকাশ করিবে না ॥ ১১ ॥

শৃণু ত্বং কথিতং দেবি দেহস্য জ্ঞানমুত্তমম্।
যেন বিজ্ঞানমাত্রেণ সর্ব্বজ্ঞত্বং প্রজায়তে ॥ ১২ ॥

হে পার্ব্বতি! দেহজ্ঞানের বিষয় বিস্তারিতরূপে বর্ণন করিতেছি, অবধান কর। ইহা বিদিত হইবামাত্র সর্ব্বজ্ঞত্ব প্রাপ্ত হওয়া যায় ॥ ১২ ॥

স্বরে বেদাশ্চ শাস্ত্রাণি স্বরে গন্ধর্ব্বমুত্তমম।
স্বরে সর্ব্বঞ্চ ত্রৈলোক্যং স্বরে আত্মস্বরূপকঃ ॥ ১৩ ॥

বেদ, গন্ধর্ব্ববিদ্য (সংগীতাদিবিদ্যা) ও অপরাপর শাস্ত্র সমস্তই স্বরে অধিষ্ঠিত অর্থাৎ যে কোন শাস্ত্রে আছে, সমস্তই স্বরশাস্ত্র হইতে উদ্ভূত। ত্রিভুবন স্বরেই বিদ্যমান আছে। এই শাস্ত্রের প্রসাদেই আত্মস্বরূপ বিদিত হওয়া যায় ॥ ১৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

স্বরহীনোঽথ দৈবজ্ঞো নাথহীনো যথা গৃহম্।
শাস্ত্রহীনো যথা বক্তা শিরোহীনঞ্চ যদ্বপুঃ ॥ ১৪ ॥
নাড়ীভেদং যথা প্রাণং তত্ত্বভেদং তথৈব চ।
সুষুম্নাদিশ্রভেদঞ্চ যো জানাতি স মুক্তিগঃ ॥ ১৫ ॥

কর্ত্তাহীন গৃহ, শাস্ত্রজ্ঞানরহিত বক্তা, মস্তকহীন শরীর এবং নাড়ীবর্জ্জিত প্রাণ যেরূপ, স্বরশাস্ত্রহীন দৈবজ্ঞও তদ্রূপ। সুষুম্নাদি নাড়ীর তত্ত্ব বিদিত না থাকিলে মোক্ষপদ-প্রাপ্তির আশা নাই ॥ ১৪-১৫ ॥

ব্রহ্মাণ্ডখণ্ডপিণ্ডাদ্যং স্বরেণৈব হি নির্ম্মিতম্।
সৃষ্টিসংহারকর্ত্তা চ স্বরঃ সাক্ষান্মহেশ্বরঃ ॥ ১৬ ॥

খণ্ডপিণ্ডাদি সমস্ত ব্রহ্মাণ্ড কেবলমাত্র স্বরদ্বারাই সমুদ্ভূত হইয়াছে! সৃষ্টিলয়কারী মহাদেবই মূর্ত্তিমান্ স্বরস্বরূপ ॥ ১৬ ॥

স্বরজ্ঞানাৎ পরং মিত্রং স্বরজ্ঞানাৎ পরং ধনম্।
স্বরজ্ঞানাৎ পরং গুহ্যং ন বা দৃষ্টং ন বা শ্রুতম্ ॥১৭॥

স্বরশাস্ত্রজ্ঞানই পরমবন্ধু, মহাধনস্বরূপ ও পরম গুহ্য। ইহা অপেক্ষা শ্রেষ্ঠ বন্ধু, মহাধন ও গুহ্য বিষয় কেহ কখন দর্শন বা শ্রবণ করেন নাই ॥১৭॥

শত্রুং হন্যাৎ স্বরবলৈস্তথা মিত্রসমাগমঃ।
লক্ষ্মীপ্রাপ্তিঃ স্বরবলৈঃ কীর্ত্তিঃ স্বরবলৈস্তথা ॥ ১৮ ॥
স্বরবলৈর্দ্দেবতাসিদ্ধিঃ স্বরবলৈঃ ক্ষিতিপো বশঃ ॥ ১৯ ॥
কন্যাপ্রাপ্তিঃ স্বরবলৈঃ স্বরবলৈ রাজদর্শনম্।
স্বরবলৈর্গম্যতে দেশে ভোজ্যং স্বরবলৈস্তথা।
লঘুদীর্ঘং স্বরবলৈর্ম্মলঞ্চৈব নিবারয়েৎ ॥ ২০ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সর্ব্বশাস্ত্রপুরাণাদিস্মৃতিবেদাঙ্গপূর্ব্বকম্।
স্বরজ্ঞানাৎ পরং মিত্রং নাস্তি কিঞ্চিৎ বরাননে ॥ ২১ ॥

এই শাস্ত্রের প্রভাবে শত্রুকুল নির্ম্মূল হয়, সুহৃদ্‌গণের সমাগমলাভ হইয়া থাকে, শ্রীমান্ হওয়া যায়, যশোপার্জ্জন হয়, কল্যাণলাভ করিতে পারে এবং নৃপদর্শন, বশীকরণ, দেবতাসাধন, লঘুতাদীর্ঘতাসিদ্ধি, দেশভ্রমণ, খাদ্যসঞ্চয়, মলবিদূরণ প্রভৃতি সমস্ত কর্ম্মই সিদ্ধ করা যায়। স্বর হইতেই পুরাণ-স্মৃতি-বেদাদি প্রভৃতির উৎপত্তি হইয়াছে। হে পার্ব্বতি! স্বরশাস্ত্রজ্ঞান হইতে প্রিয়সুহৃদ্ বিশ্বসংসারে আর দৃষ্ট হয় না ॥১৮-২১॥

নামরূপাদিকাঃ সর্ব্বে মিথ্যাঃ সর্ব্বে কবিভ্রমাঃ।
অজ্ঞানমোহিতা মূঢ়া যাবত্তত্ত্বং ন বিদ্যতে ॥ ২২ ॥

নামরূপাদি সমস্তই বৃথা ও ভ্রান্তিবিজৃম্ভিত। যতদিন মনুষ্যেরা স্বর-তত্ত্ববিষয়ে উপদেশ প্রাপ্ত না হয়, ততদিনই তাহাদিগের মূর্খতা বিদ্যমান থাকে এবং ততদিন তাহাদিগের মোহান্ধ বিদূরিত হইবার সম্ভব নাই॥২২॥

ইদং স্বরোদয়ং শাস্ত্রং সর্ব্বশাস্ত্রোত্তমোত্তমম্।
আত্মঘটপ্রকাশার্থং প্রদীপকলিকোপমম্ ॥ ২৩ ॥

স্বরোদয় শাস্ত্রই সর্ব্বশাস্ত্র হইতে গরীয়ান্। দীপশিখা যেমন গৃহাদি আলোকময় করে, এই স্বরোদয় শাস্ত্র দ্বারাও সেইরূপ আত্মপ্রকাশ হইয়া থাকে ॥২৩॥

যস্মৈ কস্মৈ পরস্মৈ বা ন প্রোক্তং প্রশ্নহেতবে।
তস্মাদেতৎ স্বরং জ্ঞেয়মাত্মনৈবাত্মনাত্মনি ॥ ২৪ ॥

হে দেবি! তোমাকে সাবধান করিয়া দিতেছি, বিশেষরূপে স্মরণ রাখিও,এই স্বরোদয় শাস্ত্র যাহার তাহার নিকট প্রকাশ করা অনুচিত॥২৪॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ন তিথির্ন চ নক্ষত্রং ন রাহুগ্রহদেবতাঃ।
ন বিষ্টির্ন ব্যতীপাতো বিরুদ্ধাদ্যাস্তথৈব চ ॥ ২৫ ॥
কুযোগো নৈব দেবেশি প্রভবন্তি কদাচন।
প্রাপ্তে স্বরবলে সিদ্ধিং সর্ব্বমেব ফলং শুভম্ ॥ ২৬ ॥

এই শাস্ত্র পরিজ্ঞাত হইয়া স্বর অবলোকন পূর্ব্বক যাত্রা বা অন্য যে কোন কার্য্যে প্রবৃত্ত হইতে পারে। তাহাতে তিথি, বার, ঋক্ষ, গ্রহ, বিষ্টি, ব্যতীপাত, অন্যান্য যোগ, কিছুরই শুভাশুভ বিচার করিতে হয় না। স্বরশাস্ত্রে অভিজ্ঞতা জন্মিলে উহার প্রসাদে নিখিল কর্ম্মই সুসম্পন্ন হয়; কোনরূপ প্রতিবন্ধকই বিঘ্নসম্পাদনে সমর্থ হয় না। ২৫-২৬ ॥

তৃতীয়োঽধ্যায়ঃ।

—*—

নাড়ীজ্ঞানম্।

দেহমধ্যে স্থিতা নাড্যো বহুরূপাঃ সুবিস্তৃতাঃ।
জ্ঞাতব্যাশ্চ বুধৈর্নিত্যং স্বদেহজ্ঞানহেতবে ॥ ১ ॥

জীবশরীরাভ্যন্তরে অসংখ্য নাড়ী বিস্তৃতভাবে বিদ্যমান রহিয়াছে। দেহবিজ্ঞানার্থ সেই সকল নাড়ীর তত্ত্ব অবগত হওয়া বিচক্ষণ ব্যক্তির নিতান্ত উচিত ॥ ১ ॥

নাভিস্থানককন্দোর্দ্ধমঙ্কুরাদেব নির্ম্মিতাঃ।
দ্বিসপ্ততিসহস্রাণি দেহমধ্যে ব্যবস্থিতাঃ ॥ ২ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

নাভির অধোদেশে মূলাধারপদ্মের ঊর্দ্ধ হইতে সর্ব্বদেহে যে অসংখ্য নাড়ী প্রসৃত হইয়া রহিয়াছে, শরীরবিজ্ঞানবিৎ মহাত্মারা তাহার সংখ্যা দ্বাসপ্ততি সহস্র নির্দ্দেশ করিয়াছেন॥ ২॥

নাড়ীস্থা কুণ্ডলী শক্তির্ভুজঙ্গাকারশায়িনী।
ততো দশোর্দ্ধগা নাড্যো দশৈবাধঃ প্রতিষ্ঠিতাঃ॥ ৩॥
দেহে তির্য্যগ্‌গতা নাড্যশ্চতুর্বিংশতিসংখ্যয়া।
প্রধানা দশনাড্যস্তু দশবায়ুপ্রবাহকাঃ॥ ৪॥

কুণ্ডলিনী শক্তি নাড়ীতে অধিষ্ঠিতা। তিনি সর্পাকারে শয়ানা রহিয়াছেন। পূর্ব্বোক্ত নাড়ীপুঞ্জের মধ্যে দশসংখ্য নাড়ী ঊর্দ্ধে এবং দশটী নিম্নভাগে অবস্থিত আর চতুর্ব্বিংশতিটী কুটিলাকারে শরীরের সর্ব্বত্র ব্যাপিয়া অবস্থিতি করিতেছে। ঐ সকল নাড়ীর মধ্যে দশটী সর্ব্বপ্রধান বলিয়া পরিগণিত হইয়া থাকে। সেই দশসংখ্য নাড়ী হইতেই দশ প্রকার বায়ু প্রবাহিত হয়॥ ৩-৪॥

তির্য্যগূর্দ্ধমধস্তাদ্বা বায়ুর্দ্দেহসমন্বিতঃ।
চক্রবত্তু স্থিতা দেহে সর্ব্বাঃ প্রাণসমাশ্রিতাঃ॥ ৫॥

যে সমস্ত বায়ুবাহক নাড়ী দেহাভ্যন্তরে অধিষ্ঠিত রহিয়াছে, তাহারা তির্য্যগ্‌ভাবে, ঊর্দ্ধগতভাবে ও অধোগতভাবে বিদ্যমান থাকিয়া চক্রাকারে প্রাণবায়ু অবলম্বন করিয়া রহিয়াছে॥ ৫॥

তাসাং মধ্যে দশ শ্রেষ্ঠা দশানাং তিস্র উত্তমাঃ।
ইড়া চ পিঙ্গলা চৈব সুষুম্না চ তৃতীয়িকা॥ ৬॥
গান্ধারী হস্তিজিহ্বা চ পূষা চৈব যশস্বিনী।
অলম্বুষা কুহূশ্চৈব শঙ্খিনী দশমী তথা॥ ৭॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

যে দশটী নাড়ী সর্ব্বপ্রধান, তন্মধ্যে আবার তিনটী সর্ব্বশ্রেষ্ঠ। সেই নাড়ী তিনটী যথাক্রমে ইড়া, পিঙ্গলা ও সুষুম্না নামে পরিকীর্ত্তিত। এই নাড়ীত্রয় ভিন্ন পূর্ব্বোক্ত দশটীর মধ্যে অবশিষ্ট সাতটী গান্ধারী, হস্তিজিহ্বা, পূষা, যশস্বিনী, অলম্বুষা, কুহূ ও শঙ্খিনী নামে অভিহিত হইয়া থাকে। এই দশটীই নাড়ী-পুঞ্জমধ্যে প্রধান ॥ ৬-৭ ॥

ইড়া বামে স্থিতা ভাগে দক্ষিণে পিঙ্গলা তথা।
সুষুম্না মধ্যদেশে তু গান্ধারী বামচক্ষুষি ॥ ৮ ॥
দক্ষিণে হস্তিজিহ্বা চ পূষা কর্ণে চ দক্ষিণে।
যশস্বিনী বামকর্ণে আননে চাপ্যলম্বুষা ॥ ৯ ॥
কুহূশ্চ লিঙ্গদেশে তু মূলস্থানে চ শঙ্খিনী।
এবং দ্বারং সমাশ্রিত্য তিষ্ঠন্তি দশ নাড়িকাঃ ॥ ১০ ॥

হে দেবি! উপরি-উক্ত প্রধান দশটী নাড়ী মানবশরীরের কোন্ কোন্ স্থানে অবস্থিত আছে, তাহা বলিতেছি, অবধান কর। শরীরের বাম-ভাগে ইড়া, দক্ষিণভাগে পিঙ্গলা, মধ্যস্থলে সুষুম্না. বামচক্ষুতে গান্ধারী, দক্ষিণ চক্ষুতে হস্তিজিহ্বা, দক্ষিণকর্ণে পূষা, বামকর্ণে যশস্বিনী, মুখে অল-ম্বুষা, লিঙ্গে কুহূ এবং মূলাধারে শঙ্খিনী অধিষ্ঠিত। এই নাড়ীদশক দশটী ভিন্ন ভিন্ন দ্বার অবলম্বন করিয়া বিরাজ করিতেছে ॥ ৮-১০ ॥

ইড়া পিঙ্গলা সুষুম্না চ প্রাণমার্গে সমাশ্রিতাঃ।
এতা হি দশনাড্যস্তু দেহমধ্যে ব্যবস্থিতাঃ ॥১১॥

ঐ সমস্ত নাড়ীপুঞ্জের মধ্যে ইড়া, পিঙ্গলা ও সুষুম্নাই শ্রেষ্ঠ, তাহারা প্রাণবায়ুর পথ আশ্রয় করিয়া অধিষ্ঠিত রহিয়াছে ॥ ১১ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

চতুর্থোঽধ্যায়ঃ।

—*—

প্রাণাদিবায়ুনিরূপণং, নাড়ীনামবস্থানং, কর্ম্মবিশেষেণ নাড়ীফলং, পক্ষ-তিথি রাশি-বারাদিনিরূপণঞ্চ।

সদাশিব উবাচ।

নামানি নাড়িকানান্তু বাতানাং প্রবদাম্যহম্।
প্রাণোঽপানঃ সনানশ্চোদানো ব্যানস্তথৈব চ।
নাগঃ কূর্ম্মশ্চ কুকরো দেবদত্তো ধনঞ্জয়ঃ ॥১॥

সদাশিব কহিলেন, হে পার্ব্বতি! নাড়ীসমূহের নাম বলা গেল, এক্ষণে বায়ুবর্গের নাম বলি, অবধান কর। বায়ু দশসংখ্য বলিয়া পরিগণিত; তাহারা যথাক্রমে প্রাণ, অপান, সমান, উদান, ব্যান, নাগ, কূর্ম্ম কুকর, দেবদত্ত ও ধনঞ্জয় নামে অভিহিত ॥ ১॥

হৃদি প্রাণো বহেন্নিত্যমপানো গুদমণ্ডলে।
সমানো নাভিদেশে চ উদানঃ কণ্ঠমধ্যগঃ।
ব্যানো ব্যাপী শরীরেষু প্রধানাঃ পঞ্চবায়বঃ ॥২॥
প্রাণাদ্যাঃ পঞ্চ বিখ্যাতা নাগাদ্যাঃ পঞ্চবায়বঃ ॥৩॥

ঐ দশবায়ুর মধ্যে হৃদয়ে প্রাণ, গুহ্যদেশে অপান, নাভিস্থলে সমান, কণ্ঠে উদান এবং সর্ব্বশরীরে ব্যানবায়ু অধিষ্ঠিত। এই বায়ুপঞ্চকই সর্ব্বপ্রধান ও সর্ব্বত্র প্রথিত। এতদ্ব্যতীত নাগাদি পঞ্চবায়ু মানবদেহের কোন্ কোন্ স্থানে প্রবাহিত হয় তাহাও করিতেছি ॥ ২-৩ ॥ *

* আয়ুর্ব্বেদে লিখিত আছে যে, নাসাপুট দ্বারা আকৃষ্ট হইয়া যে বায়ু

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

তেষামপি চ পঞ্চানাং স্থানানি চ বদাম্যহম্।
উদ্গারে নাগ আখ্যাত কূর্ম্ম উন্মীলনে স্মৃতঃ।
কৃকরঃ ক্ষুৎকৃতে জ্ঞেয়ো দেবদত্তো বিজৃম্ভণে ॥৪॥
ন জহাতি মৃতে ক্বাপি সর্ব্বব্যাপী ধনঞ্জয়ঃ।
এতে নাড়ীষু সর্ব্বাসু ভ্রমন্তে জীবরূপিণঃ ॥৫॥

উদ্গারে নাগ, উন্মীলনে কূর্ম্ম, ক্ষুতে (হাঁচিতে) কৃকর, জৃম্ভণে (হাইতোলা) দেবদত্ত এবং সর্ব্বদেহে ধনঞ্জয় নামক বায়ু প্রবাহিত হয়। ধনঞ্জয় নামক বায়ু দেহের সর্ব্বস্থান ব্যাপিয়াই প্রবাহিত হইয়া থাকে; প্রাণ দেহ ত্যাগ করিয়া গমন করিলেও ধনঞ্জয় বায়ু সে দেহ পরিত্যাগ করে না। এই যে সকল বায়ুর বিষয় বলা হইল, ইহারা জীবরূপী হইয়া সর্ব্বদা সমস্ত নাড়ীপুঞ্জেও প্রবাহিত হইতেছে। ৪-৫ ॥

নাভিগ্রন্থি পর্য্যন্ত যাতায়াত করে, তাহার নাম প্রাণবায়ু। যে বায়ু যোনিদেশ হইতে নাভিগ্রন্থি পর্য্যন্ত অধোভাগে যাতায়াত করে, তাহার নাম অপান। যে সময়ে নাসারন্ধ্র দ্বারা প্রাণবায়ু আকৃষ্ট হইয়া নাভিদেশ স্ফীত করে, তখন অপান যোনিস্থান হইতে আকৃষ্ট হইয়া নাভিমণ্ডলের অধোদেশ স্ফীত করে। এই প্রকারে নাসিকাপুট ও যোনিপ্রদেশ দুই দিক্ হইতে প্রাণ ও অপানবায়ুই পূরকসময়ে নাভিগ্রন্থিতে সমাকৃষ্ট হয় এবং রেচকের সময় ঐ বায়ুদ্বয় উভয় দিকে প্রস্থান করে।

মতান্তরে এইরূপ বর্ণিত আছে যে, অপানবায়ু প্রাণবায়ুকে এবং প্রাণবায়ু অপানকে আকর্ষণ করে। যেরূপ শ্যেনপক্ষী রজ্জুবদ্ধ থাকিলে উড্ডান হইলেও পুনরায় প্রত্যাগত হয়, প্রাণবায়ুও তদ্রূপ নাসিকারন্ধ্রের দ্বারা নির্গত হইয়াও অপান বায়ু দ্বারা সমাকৃষ্ট হইয়া পুনরায় শরীরাভ্যন্তরে প্রবিষ্ট হয়। এই বায়ুদ্বয়ের বিসংবাদে অর্থাৎ নাসিকা ও যোনিদেশের অভিমুখে বিপরীতভাবে গমনে জীবন রক্ষিত হইয়া থাকে। যে সময়ে ঐ বায়ুদ্বয় নাভিগ্রন্থি ভেদ করিয়া একত্র মিলিত

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

প্রকটপ্রাণসঞ্চারং লক্ষয়েৎ দেহমধ্যতঃ।
ইড়া-পিঙ্গলা-সুষুম্নাভির্নাড়ীভিস্তিস্রভির্বুধঃ ॥৬॥

স্বরশাস্ত্রে অভিজ্ঞতা জন্মিলে ইড়াদি নাড়ীত্রয় দ্বারা শরীরাভ্যন্তরে কি ভাবে বায়ুর গমনাগমন হইতেছে, তাহা সম্যক্‌রূপে বিদিত হইতে পারা যায় ॥ ৬ ॥

ইড়া বামে চ বিজ্ঞেয়া পিঙ্গলা দক্ষিণে স্মৃতা।
ইড়া নাড়ীস্থিতা বামা ততো ব্যস্তা চ পিঙ্গলা ॥৭॥

মানবদেহের বামদিকে ইড়া ও দক্ষিণে পিঙ্গলা বিদ্যমান। এই জন্যই ইড়াকে বাম ও পিঙ্গলাকে দক্ষিণা কহে ॥ ৭ ॥

ইড়ায়াং সংস্থিতশ্চন্দ্রঃ পিঙ্গলায়াঞ্চ ভাস্করঃ।
সুষুম্না শম্ভুরূপেণ শম্ভুর্হংসস্বরূপকঃ ॥৮॥

বামনাসায় ইড়া এবং দক্ষিণনাসায় পিঙ্গলা বিদ্যমান। ইড়াতে চন্দ্র এবং পিঙ্গলাতে সূর্য্যের অধিষ্ঠান রহিয়াছে। যে নাড়ী ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত গমন করিয়াছে, মেরুদণ্ডের মধ্যভাগে সেই সুষুম্না নাড়ী শিবরূপে অধিষ্ঠিত রহিয়াছে। শম্ভু (শিব) হংসরূপী ॥ ৮ ॥

হওত গমন করে, তৎকালেই তাহারা দেহত্যাগ করিয়া থাকে। মরণসময়ে ইহারই নাম নাভিশ্বাস। এই বায়ুদ্বয়ের মধ্যস্ত নাভিমণ্ডলাধিষ্ঠিত বায়ুকেই সমান বায়ু বলিয়া থাকে। প্রমাণ যথা—

"অপানঃ কর্ষতি প্রাণং প্রাণোঽপানঞ্চ কর্ষতি।
রজ্জুবদ্ধো যথা শ্যেনো গতোঽপ্যাকৃষ্যতে পুনঃ।
তথা চৈতৌ বিসংবাদে সপদি সন্ত্যজেদিমম্ ॥

ইত্যাদি ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

হংকারো নিগমে প্রোক্তঃ সকারস্তু প্রবেশনে।
হংকারঃ শিবরূপেণ সকারঃ শক্তিরুচ্যতে ॥৯॥

শ্বাসবহির্গমনকালে "হং" এবং শ্বাসপ্রবেশসময়ে "সঃ" উচ্চারিত হয়। "হং" শিবরূপী এবং "সঃ" শক্তিরূপী বলিয়া কীর্ত্তিত ॥ ৯ ॥

শক্তিরূপস্থিতশ্চন্দ্রো বামনাড়ীপ্রবাহকঃ।
দক্ষনাড়ীপ্রবাহশ্চ শম্ভুরূপী দিবাকরঃ ॥ ১০ ॥

বামনাড়ীতে (ইড়াতে) শক্তিরূপে চন্দ্র এবং দক্ষিণনাড়ীতে (পিঙ্গলাতে) শিবরূপে সূর্য্য প্রবাহিত হইতেছেন ॥ ১০ ॥

শ্বাসে সকারসংস্থে তু যদ্দানং দীয়তে বুধৈঃ।
তদ্দানং জীবলোকেঽস্মিন্ কোটিকোটিগুণং ভবেৎ ॥ ১১ ॥

যে সময়ে শ্বাসবায়ু দেহাভ্যন্তরে প্রবেশ করে, তাহারই নাম সকারস্থ শ্বাস। জীবলোকে ঐ সময়ে যদি কিছু দান করা যায়, তাহা হইলে উহা কোটি কোটি গুণ ফলপ্রদ হয় ॥ ১১ ॥

অনেন লক্ষয়েদ্‌যোগী চৈকচিত্তঃ সমাহিতঃ।
সর্ব্বমেব বিজানীয়ান্মার্গং তচ্চন্দ্রসূর্য্যয়োঃ ॥ ১২ ॥

যোগীব্যক্তি একাগ্রমনা ও সমাধিনিষ্ঠ হইয়া এই জ্ঞানবলে ইড়া-পিঙ্গলার বহনকাল লক্ষ্য করিয়া সমস্ত বিষয় বিদিত হইবেন ॥ ১২ ॥

ধ্যায়েত্তত্ত্বং স্থিরে জীবে অস্থিরেণ কদাচন।
ইষ্টসিদ্ধির্ভবেত্তস্য মহালাভো জয়স্তথা ॥ ১৩ ॥

শ্বাস স্থিরীভাব প্রাপ্ত হইলে (কুম্ভকসময়ে) জীব পঞ্চতত্ত্ব চিন্তা করিবে ; স্বরের অস্থিরতার সময় (রেচক-পূরকসময়ে) পঞ্চতত্ত্বের ভাবনা করিতে নাই। এই স্বরশাস্ত্রে পারদর্শিতা জন্মিলেই অভীষ্টসিদ্ধি ও মহালাভ করিতে পারে এবং ইহার প্রসাদেই সর্ব্বত্র জয়ী হওয়া যায় ॥ ১৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

চন্দ্রসূর্য্যৌ যদাভ্যাসৌ যে কুর্ব্বন্তি সদা নরাঃ।
অতীতানাগতজ্ঞানং তেষাং হস্তগতং সদা ॥ ১৪ ॥

ইড়াকে চন্দ্র ও পিঙ্গলাকে সূর্য্য কহে। সর্ব্বদা উক্তপ্রকারে চন্দ্র-সূর্য্য অভ্যাস করিলে ভূত, ভাবী সমস্ত বিষয়েরই জ্ঞান হস্তগত বলিয়া অনুমিত হয় ॥ ১৪ ॥

বামে চামৃতরূপস্থা জগদাপ্যায়িনী পরা।
দক্ষিণা চরমে ভাগে জগদুৎপাদয়েৎ সদা।
মধ্যমা ভবতি ক্রূরা দুষ্টা সর্ব্বত্র কর্ম্মসু ॥ ১৫॥

বামনাসিকাবিষ্ঠিতা ইড়া নাড়ী সকলের শ্রেষ্ঠ ও অমৃতধারা-স্বরূপা; এই নাড়ী নিরন্তর বিশ্বসংসারের তুষ্টিদানে নিযুক্তা অর্থাৎ ইহা দ্বারাই সর্ব্বপ্রকার শুভফল প্রাপ্ত হওয়া যায়। যে নাড়ী দক্ষিণনাসাপুটে অবস্থান করিতেছে, সেই পিঙ্গলা নাড়ী বিশ্বের উৎপত্তিবিধায়িনী, এই নাড়ীও শুভফল প্রদান করে। কিন্তু ব্রহ্মরন্ধ্রগামিনী মধ্যমা (সুষুম্না) অতীব নিষ্ঠুরা ও কার্য্যবিঘ্নকরী, ইহা দ্বারা নানাবিধ অশুভের উদ্ভব হইয়া থাকে ॥ ১৫ ॥

সর্ব্বত্র শুভকার্য্যেষু বামা ভবতি পুষ্টিদা।
নির্গমে চ শুভা বামা প্রবেশে দক্ষিণা শুভা।
শুভকার্য্যে শুভা বামা দক্ষিণা ক্রূরকর্ম্মসু ॥ ১৬ ॥

সর্ব্বদা সর্ব্বকর্ম্মেই ইড়ানাড়ী শুভঙ্করী। শ্বাসনির্গমনসময়ে ইড়া এবং শ্বাস-প্রবেশকালে পিঙ্গলা শুভফল প্রদান করিয়া থাকে। যৎকালে ইড়া নাড়ীতে স্বর প্রবাহিত হয়, সেই সময়ে শুভকর্ম্মে প্রবৃত্ত হইবে এবং যে সময়ে পিঙ্গলাতে শ্বাসবায়ু প্রবাহিত হয়, তৎকালে ক্রূরকর্ম্মে প্রবৃত্ত হওয়াই কর্ত্তব্য ॥ ১৬ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

চন্দ্রঃ সমস্তু বিজ্ঞেয়ো রবিস্তু বিষমঃ সদা।
চন্দ্রঃ স্ত্রী পুরুষঃ সূর্য্যশ্চন্দ্রো গৌরো রবিঃ সিতঃ।
ইড়া পিঙ্গলা সুষুম্না চ তিস্রো নাড্যঃ প্রকীর্ত্তিতাঃ॥ ১৭॥

চন্দ্র ইড়ার এবং সূর্য্য পিঙ্গলার অধিষ্ঠাত্রী দেবতা। চন্দ্রকে সম ও সূর্য্যকে বিষম বলা যায়। সূর্য্য-নাড়ী পুরুষ ও চন্দ্র নাড়ী রমণী বলিয়া পরিকীর্ত্তিত। চন্দ্রের বর্ণ গৌর, সূর্য্যের শ্বেত। হে পার্ব্বতি! ইড়া, পিঙ্গলা ও সুষুম্না এই তিনটী নাড়ীর বিষয় ত্বৎসকাশে বর্ণন করিলাম॥ ১৭॥

ইড়ায়াশ্চ প্রবাহেণ সৌম্যকর্ম্মাদি কারয়েৎ।
পিঙ্গলায়াঃ প্রবাহেণ রৌদ্রকর্ম্মাণি কারয়েৎ।
সুষুম্নায়াঃ প্রবাহেণ সিদ্ধিমুক্তিফলানি চ॥ ১৮॥

ইড়া নাড়ীতে শ্বাসবহনকালে শুভকার্য্যের এবং পিঙ্গলাতে শ্বাস-বহনকালে ক্রূরকর্ম্মের আচরণ করিবে। যে সময়ে সুষুম্নাতে শ্বাসবহন হয়, তখন সিদ্ধিকর ও মোক্ষজনক কর্ম্মে প্রবৃত্ত হইতে হয়॥ ১৮॥

আদৌ চন্দ্র সিতে পক্ষে ভাস্করস্তু সিতেতরে।
প্রতিপত্তো দিনান্যাহুঃ ত্রীণি ত্রীণি ক্রমোদয়ে॥ ১৯॥

শুক্লপক্ষীয়া প্রতিপদ্ হইতে তিন তিন দিন করিয়া বামনাসিকাতে এবং কৃষ্ণপক্ষীয়া প্রতিপদ্ হইতে তিন তিন দিন করিয়া দক্ষিণনাসিকাতে ক্রমে ক্রমে শ্বাসের উদয় হয়॥ ১৯॥

সার্দ্ধদ্বিঘটিকা জ্ঞেয়া শুক্লে কৃষ্ণে শশী রবিঃ।
বহেত্যকদিনেনৈব যথাষষ্টিঘটিক্রমাৎ।
বহেত্তাবদ্ঘটীমধ্যে পঞ্চতত্ত্বানি নির্দ্দিশেৎ॥ ২০॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

শুক্লপক্ষে অহোরাত্রি ষষ্টিদণ্ডের মধ্যে বামনাসিকাতে আড়াই দণ্ড করিয়া শ্বাসের উদয় হয় আর কৃষ্ণপক্ষে দিবারাত্রি ষাইট দণ্ডের মধ্যে দক্ষিণনাসাতে আড়াই দণ্ড করিয়া শ্বাসের উদয় হইয়া থাকে। এইরূপে দিবারাত্রি ষষ্টিদণ্ডমধ্যে প্রত্যেক আড়াই দণ্ডে এক এক নাসিকাতে সলিল, বায়ু, বহ্নি, পৃথিবী ও গগন এই তত্ত্বপঞ্চকের উদয় হইয়া থাকে ॥ ২০ ॥

প্রতিপত্তো দিনান্যাহুর্বিপরীতে বিপর্য্যয়ঃ ॥ ২১ ॥

উপরি-উক্ত নিয়মের বিপরীত হইলে বিপরীত ফল ঘটে, অর্থাৎ যখন দক্ষিণনাসাপুটে শ্বাসবহনের নিয়ম নির্দ্দিষ্ট আছে, তাহা না হইয়া বামনাসাপুটে বহিলে, অথবা যখন বামনাসাপুটে বহনের নিয়ম আছে, তাহা না হইয়া দক্ষিণনাসায় প্রবাহিত হইলে ফলের বৈপরীত্য ঘটে ॥২১॥

শুক্লপক্ষে বহেদ্বামা কৃষ্ণপক্ষে চ দক্ষিণা।
জানীয়াৎ প্রতিপৎ পূর্ব্বং যোগী তদ্‌গতমানসঃ ॥ ২২ ॥

বামা (ইড়া) নাড়ী শুক্লপক্ষে এবং দক্ষিণা (পিঙ্গলা) নাড়ী কৃষ্ণপক্ষে প্রবাহিত হয়। যাঁহারা যোগসাধনে রত, তাঁহারা প্রতিপদ্ প্রভৃতি তিথির পূর্ব্বে এই সকল বিষয় সযত্নে বিদিত হইবেন ॥ ২২ ॥

উদয়শ্চন্দ্রমার্গেণ সূর্য্যো নাস্তং গতো যদি।
দদাতি গুণসংঘাতং বিপরীতে বিপর্য্যয়ঃ ॥ ২৩ ॥

তিথি অনুসারে বামনাসাপুটে স্বরের উদয় ও দক্ষিণনাসাপুটে স্বরের অস্তমন হইলে নানাবিধ গুণজনক শুভফলের উৎপত্তি হয় ; ইহার অন্যথা হইলেই অশুভফল ঘটে ॥ ২৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

শশাঙ্কং চারয়েদ্রাত্রৌ দিবাচার্য্যো দিবাকরঃ ।
ইত্যভ্যাসে রতো যোগী স যোগী নাত্র সংশয়ঃ ॥ ২৪ ॥

দিবাভাগে পিঙ্গলাতে এবং রাত্রিকালে ইড়াতে স্বরচালন করা বিধেয়। এইরূপে স্বরচালনে সক্ষম হইলেই প্রকৃত যোগী বলিয়া পরিগণিত হইতে পারে ॥ ২৪ ॥

সূর্য্যেণ বধ্যতে চন্দ্রঃ সূর্য্যশ্চন্দ্রেণ বধ্যতে ।
যো জানাতি ক্রিয়ামেতাং ত্রৈলোক্যং জয়তে ক্ষণাৎ ॥২৫॥

সূর্য্য দ্বারা চন্দ্র এবং চন্দ্র দ্বারা সূর্য্যকে বদ্ধ করিবে অর্থাৎ দিবাভাগে ইড়াতে স্বরচালন বন্ধ রাখিবে এবং রাত্রিকালে পিঙ্গলাতে স্বরচালন বন্ধ রাখিতে হয়। এইরূপে স্বরচালনে পারদর্শী হইলেই মুহূর্ত্তমধ্যে ত্রিভুবনজয়ী হইতে পারা যায় ॥ ২৫ ॥

গুরুশুক্রবুধেন্দূনাং বাসরে বামনাড়িকা ।
সিদ্ধিদা সর্ব্বকার্য্যেষু শুক্লপক্ষে বিশেষতঃ ॥ ২৬ ॥

সোম,বুধ,বৃহস্পতি ও শুক্র এই চারিবারে সর্ব্বকর্ম্মেই ইড়া নাড়ী শুভঙ্করী অর্থাৎ এই বারচতুষ্টয়ে যদি বামনাসায় শ্বাসবহন হয়, তাহা হইলে সেই সময়ে শুভকর্ম্মে প্রবৃত্ত হইবে; এইরূপ করিলে সেই কার্য্যে সিদ্ধিলাভ হইবে সন্দেহ নাই। অধিকন্তু ইড়ানাড়ী শুক্লপক্ষে অধিকতর সিদ্ধিদাত্রী ॥ ২৬ ॥

অর্কাঙ্গারকসৌরীণাং বাসরে দক্ষনাড়িকা ।
স্মর্ত্তব্যা চরকার্য্যেষু কৃষ্ণপক্ষে বিশেষতঃ ॥ ২৭ ॥

শনি, মঙ্গল ও রবি এই তিন বারে পিঙ্গলানাড়ী সিদ্ধিদাত্রী অর্থাৎ উক্ত বারত্রয়ে যদি পিঙ্গলাতে শ্বাসবহন হয় এবং সেই সময়ে কোন কার্য্যে প্রবৃত্ত হওয়া যায়, তাহা হইলে সেই কার্য্য আশু সুসিদ্ধ হয় সন্দেহ নাই। অধিকন্তু পিঙ্গলা নাড়ী অসিতপক্ষে সমধিক সিদ্ধিদাত্রী ॥ ২৭ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ক্রমাদেকৈকনাড্যান্তু তত্ত্বানাং পৃথগুদ্ভবঃ।
অহোরাত্রস্য মধ্যে তু জ্ঞেয়া দ্বাদশসংক্রমাঃ ॥ ২৮ ॥

প্রতি নাড়ীতেই ক্রমান্বয়ে ভিন্ন ভিন্নভাবে জল, বায়ু, বহ্নি, ক্ষিতি ও গগন এই তত্ত্বপঞ্চকের উদয় হয় আর দিবানিশি ষষ্টি দণ্ডের মধ্যে দ্বাদশবার সঞ্চার হইয়া থাকে ॥ ২৮ ॥

বৃষকর্কটকন্যালিমৃগমীনে নিশাকরঃ।
মেষসিংহে চ ধনুষি তুলায়াং মিথুনে ঘটে।
উদয়ো দক্ষিণে জ্ঞেয়ঃ শুভাশুভবিনির্ণয়ঃ ॥ ২৯ ॥

বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর ও মীন এই সকল রাশির উদয়কালে বামনাড়ীতে তত্ত্ব উদিত হয় এবং মেষ, সিংহ, ধনু, তুলা, মিথুন ও কুম্ভ-রাশির উদয়কালে দক্ষিণনাসিকাতে তত্ত্বের উদয় জ্ঞাত হইবে। এইরূপে তত্ত্ব বিদিত হইয়া শুভাশুভ ফল স্থির করিবে ॥ ২৯ ॥

তিষ্ঠেৎ পূর্ব্বোত্তরে চন্দ্রঃ সূর্য্যো দক্ষিণপশ্চিমে।
বামাচারপ্রবাহেণ ন গচ্ছে পূর্ব্ব-উত্তরে।
দক্ষনাড়ীপ্রবাহে তু ন গচ্ছেৎ যাম্যপশ্চিমে ॥ ৩০ ॥
পরিপন্থিভয়ং তস্য গতোঽসৌ ন নিবর্ত্ততে।
তস্মাত্তত্র ন গন্তব্যং বুধৈঃ সর্ব্বহিতেপ্সুভিঃ।
তদা তত্র তু সংঘাতমৃত্যুরেব ন সংশয়ঃ ॥ ৩১ ॥

ইড়া নাড়ী পূর্ব্ব ও উত্তরের এবং পিঙ্গলা দক্ষিণ ও পশ্চিম দিকের অধিপতি; এই জন্য যৎকালে বামনাসাপুটে শ্বাস প্রবাহিত হয়, তখন পূর্ব্ব বা উত্তরদিকে যাত্রা করিবে না এবং দক্ষিণনাসাপুটে শ্বাসবহনকালে দক্ষিণ ও পশ্চিমদিকে যাত্রা নিষিদ্ধ। এই প্রকার নিষিদ্ধ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সময়ে নিষিদ্ধদিকে যাত্রা করিলে শত্রুভয় জন্মে। যিনি নিষিদ্ধ জানিয়াও তাহা গ্রাহ্য না করিয়া যাত্রা করেন, তাঁহাকে পুনর্ব্বার আর স্বগৃহে প্রত্যাগত হইতে হয় না। সুতরাং শুভকর্ম্ম উপলক্ষে কদাচ উক্ত নিষিদ্ধকালে যাত্রা করিবে না ॥ ৩০-৩১ ॥

সূর্য্যোদয়ে যদা সূর্য্যশ্চন্দ্রশ্চন্দ্রোদয়ে যদা।
সিদ্ধান্তি সর্ব্বকার্য্যাণি দিবারাত্রিগতান্যপি ॥ ৩২ ॥

যদি নির্দ্দিষ্ট সময়ে সূর্য্যনাড়ীতে বা চন্দ্রনাড়ীতে শ্বাস প্রবাহিত হয়, তাহা হইলে কি দিবা কি রাত্রি যখন যে কোন কর্ম্মে প্রবৃত্ত হইবে, তাহাতেই সিদ্ধিলাভ হইবে সন্দেহ নাই ॥ ৩২ ॥

শুক্লপক্ষে দ্বিতীয়ায়ামর্কে বহতি চন্দ্রমাঃ।
দৃশ্যতে লাভদঃ পুংসাং সোমে সৌখ্যং প্রজায়তে ॥ ৩৩ ॥

শুক্লপক্ষে দ্বিতীয়াতিথিতে রবিবার হইলে এবং সেই সময়ে বামনাসাপুটে শ্বাসবহন হইলে তৎকালে যে কোন কার্য্যের অনুষ্ঠান করা যায়, তাহাতেই লাভ হইবে। ঐ প্রকার শুক্লাদ্বিতীয়া তিথিতে সোমবার হইলে এবং ইড়াতে শ্বাস বহিলে পুরুষ সুখী হইয়া থাকে ॥ ৩৩ ॥

চন্দ্রকালে যদা সূর্য্যঃ সূর্য্যশ্চন্দ্রোদয়ে ভবেৎ।
উদ্বেগঃ কলহো হানিঃ শুভং সর্ব্বং নিবারয়েৎ ॥ ৩৪ ॥

বামনাসায় শ্বাসবহনের নির্দ্দিষ্টকালে দক্ষিণনাসাপুটে শ্বাস প্রবাহিত হইলে এবং দক্ষিণনাসায় শ্বাসবহনের নির্দ্দিষ্ট সময়ে বামনাসাপুটে বহিলে উদ্বেগ, কলহ, ক্ষতি ও অমঙ্গল ঘটে ॥ ৩৪ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পঞ্চমোঽধ্যায়ঃ ।

—*—

বিপরীতলক্ষণং নাড়ীচালনঞ্চ ।

সদাশিব উবাচ ।

যদা প্রত্যূষকালে তু বিপরীতোদয়ো ভবেৎ ।
চন্দ্রস্থানে বহত্যর্কো রবিস্থানে চ চন্দ্রমাঃ ॥ ১ ॥
প্রথমে মানসোদ্বেগং ধনহানিং দ্বিতীয়কে ।
তৃতীয়ে গমনং প্রোক্তমিষ্টনাশং চতুর্থকে ॥ ২ ॥
পঞ্চমে রাজ্যবিধ্বংসং ষষ্ঠে সর্ব্বার্থনাশনম্ ।
সপ্তমে ব্যাধিদুঃখানি অষ্টমে মৃত্যুমাদিশেৎ ॥ ৩ ॥

প্রভাতে বিপরীতভাবে নাড়ীর উদয় হইলে অর্থাৎ বামনাসিকায় শ্বাসবহনের নির্দ্দিষ্টকালে দক্ষিণনাসাপুটে এবং দক্ষিণনাসায় বহনের নির্দ্দিষ্ট সময়ে বামনাসায় বহিলে প্রথমে চিন্তোদ্বেগ, তৎপরে ধনহানি, তৃতীয়ে শত্রু, চতুর্থে মনোভীষ্টনাশ, পঞ্চমে রাজ্যভ্রংশ, ষষ্ঠে সর্ব্বার্থহানি, সপ্তমে পীড়া ও ক্লেশ এবং অষ্টমে মৃত্যু ঘটে ॥ ১-৩ ॥

কালত্রয়ে দিনান্যষ্টৌ বিপরীতং যদা ভবেৎ ।
তদা দুষ্টফলং প্রোক্তং কিঞ্চিন্ন্যূনে তু শোভনম্ ॥ ॥

এই আটপ্রকার সময়ের মধ্যে তিনকালে বিপরীতভাবে উদয় হইলে অর্থাৎ যে সময়ে যে স্বরের সময় নিরূপিত আছে, তাহা না হইয়া অন্য স্বরের উদয় হইলে ঈষৎ ন্যূনাতিরিক্ত অশুভফল ঘটে ॥ ৪ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

প্রাতর্ম্মধ্যাহ্নয়োশ্চন্দ্রঃ সায়ংকালে দিবাকরঃ।
তদা নিত্যং জয়ং লাভং বিপরীতন্তু দুঃখদম্ ॥ ৫ ॥

প্রত্যূষে ও মধ্যাহ্নে বামনাসায় এবং সায়ংকালে দক্ষিণনাসায় স্বর প্রবাহিত হইলে জয়লাভ হয়; কিন্তু উহার বিপরীত হইলে দুঃখ উপস্থিত হইয়া থাকে ॥ ৫ ॥

দক্ষিণে যদি বামে বা যত্র সংক্রমতে শিবঃ।
তৎপাদমগ্রতঃ কৃত্বা নিঃসরেৎ নিজমন্দিরাৎ ॥ ৬ ॥

যাত্রাকালে দক্ষিণনাসায় বায়ু প্রবাহিত হইলে প্রথমতঃ দক্ষিণচরণ নিক্ষেপ করিয়া যাত্রা করিতে হয় এবং বামনাসায় স্বর প্রবাহিত হইলে বামপদ নিক্ষেপ করিবে ॥ ৬ ॥

চন্দ্রঃ সম্পদকার্য্যাণি রবিস্তু বিষমঃ সদা।
পূর্ণপাদং পুরস্কৃত্য যাত্রা ভবতি সিদ্ধিদা ॥ ৭ ॥

যে সময়ে বামনাসিকায় স্বরবহন হইবে, সম্পদের জন্য যাত্রা করা তৎকালেই কর্ত্তব্য এবং ক্রূরকর্ম্ম-সাধনার্থ যাত্রা করিতে হইলে দক্ষিণনাসায় শ্বাসবহনসময়ে যাইবে; তাহা হইলেই অভিলষিতসিদ্ধি হয় ॥ ৭ ॥

সপ্তপাদাঃ শনিশুক্রে জ্ঞাতব্যাশ্চ বিচক্ষণৈঃ।
চন্দ্রে রবৌ পদং রুদ্রং কুজে বুধে তথৈব চ।
সার্দ্ধং সদা গুরৌ পাদং জ্ঞাতব্যঞ্চ বিচক্ষণৈঃ ॥ ৮ ॥

শুক্র বা শনিবারে স্থানান্তরে গমন করিতে হইলে মৃত্তিকায় সপ্তবার পদক্ষেপ করিয়া যাত্রা করিবে। রবি, সোম, মঙ্গল ও বুধবারে কোন স্থানে গমন করিতে হইলে ভূমিতে একাদশবার চরণক্ষেপ পূর্ব্বক যাত্রা করিবে এবং গুরুবারে কোন স্থানে গমন করিতে হইলে ভূতলে অর্দ্ধবার চরণক্ষেপ করিয়া প্রস্থান করিবে। এইরূপ করিলেই কার্য্যসিদ্ধি হয় ॥ ৮ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

যত্রাঙ্গে চরতে বায়ুস্তদঙ্গস্থ করস্থলম্।
সুপ্তোত্থিতমুখং স্পৃষ্ট্বা লভতে বাঞ্ছিতং ফলম্ ॥৯॥

প্রাতঃকালে নিদ্রাভঙ্গের সময় যে নাসায় শ্বাস প্রবাহিত হয়, সেই দিকের করতল দ্বারা মুখস্পর্শ করিয়া গাত্রোত্থান করা উথিত। এই প্রকার করিলে সেই দিন অভীষ্টসিদ্ধি হয় ॥ ৯ ॥

লোকানাং শীঘ্রগন্তৃত্বঞ্চ কুশলায়াঙ্গমিষ্যতে।
পরদলে তথা গ্রাহ্যে হানিশ্চ কলহাগমে ॥ ১০ ॥
যদাঙ্গে বহতে নাড়ী গ্রাহ্যং গতিকরং নৃণাম্।
চন্দ্রচারে চতুষ্পাদং পঞ্চপাদাশ্চ ভাস্করে।
এবন্তু গমনং শ্রেষ্ঠং সাধয়েদ্ভুবমত্রয়ম্ ॥ ১১ ।
ন হানিঃ কলহো নৈব কণ্টকেনাপি ভিদ্যতে।
নিবর্ত্ততে সুখেনৈব সর্ব্বাপত্তির্বিবর্জ্জিতঃ ॥ ১২ ॥

কোন কর্ম্ম উপলক্ষে আশু স্থানান্তরগমনের আবশ্যক হইলে অথবা শত্রুসহ বিবাদের জন্য যাইতে হইলে কিংবা কোনরূপ ক্ষতির হেতু উপস্থিত হইলে, তৎকালে যে নাড়ীতে শ্বাস প্রবাহিত হইবে, সেই দিকে হস্তার্পণ করিবে এবং যাত্রাকালে ইড়াতে শ্বাস বহিলে মৃত্তিকায় চারিবার পদক্ষেপ করিয়া স্বগৃহ হইতে নিষ্ক্রান্ত হইবে। যদি সে সময় পিঙ্গলাতে শ্বাস প্রবাহিত হয়, তবে মৃত্তিকায় পাঁচবার পদক্ষেপ করিয়া যাত্রা করিবে। এই নিয়মে কার্য্য করিলে ত্রিভুবনজয়ী হইতে পারে। এই প্রকারে যাত্রা করিলে পদে কুশাঙ্কুরও বিদ্ধ হয় না ; নিরাপদে স্বগৃহে প্রত্যাগত হইতে পারে ॥ ১০-১২ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

গুরুবন্ধুনৃপামাত্যা অন্যেঽপীপ্সিতদায়িনঃ।
পূর্ণাঙ্গে খলু কর্ত্তব্যা কার্য্যা সিদ্ধির্ম্মনীষিভিঃ ॥ ১৩ ॥

গুরু, বন্ধু, রাজা, মন্ত্রী বা অন্যান্য অভীষ্ট কর্ম্মঠ ব্যক্তির নিকট হইতে কোন কার্য্য সাধন করিয়া লইবার বাসনা হইলে যে নাসায় শ্বাস বহিতেছে, সেই দিকের নিয়মানুযায়ী হইয়া কার্য্য করিবে ॥ ১৩ ॥

আসনে শয়নে ব্যাপি পূর্ণাঙ্গে বিনিবেশিতাঃ।
বশীভবন্তি কামিন্যো ন কর্ম্ম নিয়মান্তরম্ ॥ ১৪ ॥

শয়ন, উপবেশন, স্ত্রীবশীকরণ প্রভৃতি সময়ে যে দিকের নাসায় শ্বাস প্রবাহিত হইবে, সেই দিকের নিয়মানুযায়ী হইয়া কার্য্য করিবে ॥ ১৪ ॥

অরিচৌরাধমাদ্যাশ্চ অন্যে উৎপাতবিগ্রহাঃ।
কর্ত্তব্যাঃ খলু রিক্তাঙ্গে জয়লাভসুখার্থিভিঃ ॥ ১৫ ॥

বিপক্ষ, চৌর ও অধমব্যক্তির উপর জয়লাভ করিবার বাঞ্ছা হইলে কিংবা কোনপ্রকার উপদ্রব হইতে পরিত্রাণার্থ অর্থাৎ যুদ্ধে জয়লাভার্থ বা সুখভোগের অভিলাষ হইলে তৎকালে যে নাশায় শ্বাস প্রবাহিত হয়, সেই দিকের নিয়মানুযায়ী হইয়া কার্য্য করিবে ॥ ১৫ ॥

দূরদেশে বিধাতব্যং গমনং তুহিনদ্যুতৌ।
অভ্যর্ণদেশে দীপ্তে তু তরণাবিতি কেচন ॥ ১৬ ॥

কেহ কেহ বলিয়া থাকেন যে, বামনাসায় শ্বাসবহনকালে দূরদেশে যাত্রা করিবে; কিন্তু নিকটবর্ত্তী স্থলে গমনের আবশ্যক হইলে দক্ষিণনাসায় শ্বাসবহনসময়ে যাত্রা করিতে হয় ॥ ১৬ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

যৎকিঞ্চিৎ পূর্ব্বমুদ্দিষ্টং লাভাদিসমরাগমঃ ।
তৎসর্ব্বং পূর্ণনাড়ীষু জায়তে নির্ব্বিকল্পকম্ ॥ ১৭ ॥

লাভ, যুদ্ধ, আগমন ইত্যাদি যে সকল কার্য্যের কথা বলা হইল, তাহা পূর্ণনাড়ীতে অনুষ্ঠেয় ॥ ১৭ ॥

শূন্যনাড্যাং রিপুং জেতুং যৎ পূর্ব্বং প্রতিপাদিতম্ ।
জায়তে নান্যথা চৈব যথা সর্ব্বজ্ঞভাষিতম্ ॥১৮॥

ইতিপূর্ব্বে শত্রুজয়াদি যে সমস্ত বিষয়ের উল্লেখ হইয়াছে, শূন্যনাড়ীর নিয়মানুযায়ী হইয়া তদনুষ্ঠান করা কর্ত্তব্য ; ত্রিকালজ্ঞ মহাত্মারা এইরূপ স্থির করিয়া গিয়াছেন ॥ ১৮॥

ব্যবহারে খলোচ্চাটদ্বেষিবিদ্যাদিবঞ্চকাঃ ।
কুপিতস্বামিচৌরাদ্যাঃ পূর্ণস্থাঃ স্যুর্ভয়ঙ্করাঃ ॥ ১৯ ॥

বিদ্বেষকারী, উচ্চাটনকর্ত্তা, বিদ্যাদিবঞ্চক, ক্রূর, কুপিত প্রভু, চৌর ঐ সমস্ত ব্যক্তির সহিত কোনরূপ বৈষয়িক ব্যাপারের আবশ্যক হইলে পূর্ণনাড়ীতে উহার অনুষ্ঠান করিবে না, কারণ, তৎকালে কার্য্যে প্রবৃত্ত হইলে অমঙ্গল ঘটে ॥ ১৯ ॥

দূরাধ্বনি শুভশ্চন্দ্রো নির্ব্বিঘ্ন ইষ্টসিদ্ধিদঃ ।
প্রবেশঃ কার্য্যহেতুঃ স্যাৎ সূর্য্যঃ শীঘ্রঃ প্রশস্যতে ॥ ২০ ॥

যৎকালে বামনাসাপুটে শ্বাস প্রবাহিত হইবে, তৎকালে দূরদেশে যাত্রা করিবে ; তাহা হইলেই বিঘ্ন দূর হয় এবং মঙ্গল ও অভীষ্টসিদ্ধি হইয়া থাকে। দক্ষিণনাসাপুটে শ্বাসপ্রবেশসময়ে কার্য্যে প্রবৃত্ত হইলে শীঘ্র সিদ্ধ হইবার সম্ভব ॥ ২০ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অগ্রতো বামিকা শ্রেষ্ঠা পৃষ্ঠতো দক্ষিণা শুভা।
বামে চ বামিকা প্রোক্তা দক্ষিণে দক্ষিণা স্মৃতা ॥ ২১ ॥

বামনাসাপুটে শ্বাসবহনকালে কেহ সম্মুখে দাঁড়াইয়া প্রশ্ন করিলে এবং দক্ষিণনাসাপুটে শ্বাসবহনকালে পশ্চাদ্‌ভাগে থাকিয়া কেহ প্রশ্ন করিলে প্রশ্নকর্ত্তার মঙ্গল হইবে। বামনাসাপুটে শ্বাসবহনকালে কেহ বামভাগে থাকিয়া প্রশ্ন করিলে এবং দক্ষিণনাসাপুটে শ্বাসবহনকালে দক্ষিণভাগে থাকিয়া প্রশ্ন করিলে শুভ হয় ॥ ২১ ॥

চন্দ্রচারে বিষং হন্তি সূর্য্যে বালাবশং নয়েৎ।
সুষুম্নায়াং ভবেন্মোক্ষ একো বায়ুস্ত্রিধা স্মৃতঃ ॥ ২২ ॥

বামনাসাপুটে শ্বাসবহনকালে সর্প প্রভৃতির বিষনাশক্রিয়ার আচরণ করিতে হয়; দক্ষিণনাসায় শ্বাসবহনকালে বালিকাবশীকরণ-ক্রিয়ায় প্রবৃত্ত হইবে এবং সুষুম্নাতে শ্বাসবহনকালে যোগাদি মোক্ষকরকর্ম্মের আচরণ করা কর্ত্তব্য। একমাত্র বায়ুই পথত্রয়ে থাকিয়া তিনপ্রকার ফলদান করে ॥২২॥

অযোগ্যে যোগ্যতা নাড়ী যোগ্যস্থানেঽপ্যযোগ্যতা।
কার্য্যানুবন্ধতো জীবং কথমূর্দ্ধং সমাচরেৎ ॥২৩॥
শুভাশুভানি কার্য্যাণি ক্রিয়তেঽহর্নিশং সদা।
তদা কার্য্যানুবন্ধেন কার্য্যং নাড়ীপ্রচালনম্ ॥ ২৪ ॥

পণ্ডিতগণ শুভাশুভকর্ম্মসম্পাদনার্থ দিবানিশি এইরূপে নাড়ীচালন পূর্ব্বক জীবকে যথাযোগ্য স্থান হইতে অনুপযুক্ত স্থানে এবং অযথাস্থল হইতে উপযুক্ত স্থানে পরিচালিত করিবেন ॥ ২৩-২৪ ॥ *

* ইহার তাৎপর্য্যে বুঝিতে হইবে যে, বামনাসায় প্রবাহিত বায়ুকে দক্ষিণনাসায় এবং দক্ষিণনাসায় প্রবাহিত বায়ুকে বামনাসায় লইয়া যাইবে।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ষষ্ঠোঽধ্যায়ঃ।

—*—

ইড়াফলম্।

সদাশিব উবাচ।

স্থিরকর্ম্মণ্যলঙ্কারে দূরাধ্বগমনে তথা।
আশ্রমে হর্ম্ম্যপ্রাসাদে বস্তূনাং সংগ্রহেঽপি চ ॥ ১ ॥
বাপীকূপতড়াগাদিপ্রতিষ্ঠা-স্তম্ভদেবয়োঃ।
যাত্রাদানে বিবাহে চ বস্ত্রালঙ্কারভূষণে ॥ ২ ॥
শান্তিকে পৌষ্টিকে চৈব দিব্যৌষধিরসায়নে।
স্বামিদর্শনে মৈত্রে চ বাণিজ্যে ধনসংগ্রহে ॥ ৩ ॥
গৃহপ্রবেশে সেবায়াং কৃষ্যাং বীজাদিবাপনে।
শুভকর্ম্মণি সন্ধৌ চ নির্গমে চ শুভঃ শশী ॥ ৪ ॥

সদাশিব বলিলেন, হে পার্ব্বতি! বামনাসাপুটে শ্বাসবহনকালে স্থিরকর্ম্ম, অলঙ্কার পরিধান, দূরপথে গমন, আশ্রমে প্রবেশ, রাজপ্রাসাদ ও হর্ম্ম্য নির্ম্মাণ, বস্তুসঞ্চয়; কূপ, দীর্ঘিকা, বৃহৎ জলাশয়, দেবস্তম্ভ ইত্যাদির প্রতিষ্ঠা; যাত্রা, দান, পরিণয়ক্রিয়া, নববসনধারণ, শান্তিকার্য্য, পৌষ্টিককর্ম্ম, মহৌষধি-সেবন, রসায়নকর্ম্ম, বীজবপন, সন্ধি-বন্ধন, বহির্গমন ও অপরাপর মঙ্গলকর কার্য্যের আচরণ করিবে ॥ ১-৪ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বিদ্যারম্ভাদিকার্য্যেষু বান্ধবানাঞ্চ দর্শনে।
জলমোক্ষেষু ধর্ম্মেষু দীক্ষায়াং মন্ত্রসাধনে ॥ ৫ ॥
কালবিজ্ঞানসূত্রেণ চতুষ্পাদগৃহাগমে।
কালব্যাধিচিকিৎসায়াং স্বামিসম্বোধনে তথা ॥ ৬ ॥
গজাশ্বারোহণে ধন্বী গজাশ্বানাঞ্চ বন্ধনে।
পরোপকরণে চৈব নিধীনাং স্থাপনে তথা ॥ ৭ ॥
গীতবাদ্যেঽপি নৃত্যে চ গীতশাস্ত্রবিচারণে।
পুরগ্রামপ্রবেশে চ তিলকে সূত্রধারণে ॥ ৮ ॥
পুত্রশোকে বিষাদে চ জরিতে মূর্চ্ছিতেঽপি বা।
স্বজনস্বামিসম্বোধে ধান্যাদিদারুসংগ্রহে ॥ ৯ ॥
স্ত্রীণাং দন্তাদিভূষায়াং কৃষেরাগমনে তথা।
গুরুপূজাবিষাদীনাং চালনঞ্চ বরাননে।
ইড়ায়াং সিদ্ধিদং প্রোক্তং যোগাভ্যাসাদিকর্ম্ম চ ॥ ১০ ॥

বিদ্যারম্ভ, বন্ধুদর্শন, জলদানাদি ধর্ম্মানুষ্ঠান, দীক্ষা, মন্ত্রসাধন, গৃহে পশু আনয়ন, রোগচিকিৎসা, স্বামীসম্বোধন, হস্ত্যারোহণ, তুরগারোহণ, অশ্ব-গজাদিবন্ধন, পরের হিতচেষ্টা, রত্নাদিস্থাপন, গীত, বাদ্য, নৃত্য, গীতশাস্ত্রের বিচার, নগর বা গ্রামে প্রবেশ, তিলকধারণ, উপবীতগ্রহণ, পুত্রবিচ্ছেদে শোককরণ, বিষাদপ্রকাশ, জরাবস্থায় তৎপ্রতীকারের জন্য কর্ম্মানুষ্ঠান, আত্মীয়জনের ও পতির সহিত সম্ভাষণ, ধান্যসংগ্রহ, কাষ্ঠসঞ্চয়, রমণীমুখে অলঙ্কারদান, কৃষিদ্রব্য আহরণ, গুরুজনের শুশ্রূষা, বিষাদিচালন এবং যোগাভ্যাস প্রভৃতি কার্য্যের আচরণ করিলেও মঙ্গল হইয়া থাকে ॥ ৫-১০ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

তত্রাপি বর্জ্জয়েদ্বায়ুং তেজ-আকাশমেব চ।
সর্ব্বকার্য্যাণি সিদ্ধন্তি দিবারাত্রিগতান্যপি।
সর্ব্বেষু শুভকার্য্যেষু চন্দ্রচারঃ প্রশস্যতে ॥ ১১ ॥

বামনাসিকায় বহ্নি, বায়ু, পৃথ্বী ও গগনতত্ত্বের উদয়কালে উপরি-উক্ত সমস্ত কর্ম্মের অনুষ্ঠান করিলে সিদ্ধিলাভ হয়। এ বিষয়ে দিন কি রাত্রি কিছুই বিচারের আবশ্যক নাই। ফলতঃ বামনাসাপুটে শ্বাসবহনকালে যে কোন প্রকার শুভকর্ম্মই হউক্ না কেন, সমস্তই অনুষ্ঠান করিতে পারে ॥ ১১ ॥

সপ্তমোঽধ্যায়ঃ।

—*—

পিঙ্গলাফলম্।

সদাশিব উবাচ।

কঠিনক্রূরবিদ্যানাং পঠনে পাঠনে তথা।
স্ত্রীসঙ্গে বেশ্যাগমনে মহানৌকাধিরোহণে ॥ ১ ॥
নষ্টকার্য্যে সুরাপানে বীরমন্ত্রাদ্যুপাসনে।
বহুলধ্বংসদেশাদৌ বিষদানাদৌ বৈরিণি ॥ ২ ॥
শাস্ত্রাভ্যাসে চ গমনে মৃগয়াপশুবিক্রয়ে।
ইষ্টকাকাষ্ঠপাষাণরত্নঘর্ষণদারণে ॥ ৩ ॥
গীতাভ্যাসে যন্ত্রে তন্ত্রে দুর্গপর্ব্বতারোহণে।
দূতে চৌর্য্যে গজাশ্বাদিরথবাহনসাধনে ॥ ৪ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ব্যায়ামে মারণোচ্চাটে ষট্‌কর্ম্মাদিকসাধনে।
যক্ষিণীযক্ষবেতালবিশ্বভূতাদিসংগ্রহে ॥ ৫ ॥
খরোষ্ট্রমহিষাদীনাং গজস্যারোহণে তথা।
নদীজলৌঘতরণে ভেষজে লিপিলেখনে ॥ ৬ ॥
মারণে মোহনে স্তম্ভে বিদ্বেষোচ্চাটনে বশে।
প্রেরণাকর্ষণে ক্ষোভে দানে চ ক্রয়বিক্রয়ে ॥ ৭ ॥
খড়্গহস্তে বৈরিযুদ্ধে ভোগে বা রাজদর্শনে।
ভোজ্যে স্নানে ব্যবহারে ক্রূরে দীপ্তে রবিঃ শুভঃ ॥ ৮ ॥

সদাশিব বলিলেন, হে পার্ব্বতি! যে সময়ে বামনাসাপুটে শ্বাস প্রবাহিত হয়, তৎকালে যে সমস্ত কর্ম্মের অনুষ্ঠান করিবে, তাহা বর্ণিত হইল, অধুনা দক্ষিণসাপুটে শ্বাবহনকালে যাহা যাহা অনুষ্ঠেয়, কীর্ত্তন করি, অবধান কর। কঠিন ও ক্রূরবিদ্যানুশীলন ও অধ্যাপনা, মৈথুন, বেশ্যাসঙ্গ, বৃহৎ তরণীতে আরোহণ, মারণ, মদ্যপান, বীরাচারমতে মন্ত্রদ্বারা উপাসনা, দেশাদিধ্বংস,শত্রুর প্রতি বিষপ্রয়োগ,শাস্ত্রশিক্ষা,গমন,মৃগয়া,পশুবিক্রয়,ইষ্টক, প্রস্তর, কাষ্ঠ, রত্ন প্রভৃতি ঘর্ষণ ও বিদীর্ণকরণ, গীতশিক্ষা, যন্ত্র-তন্ত্র-গঠন, দুর্গারোহণ, পর্ব্বতারোহণ, দ্যূতক্রীড়া, তস্করতা, অশ্বগজাদি আরোহণে অভ্যাস, ব্যায়ামানুষ্ঠান, ষট্‌কর্ম্ম, যক্ষযক্ষিণীসাধন ; উষ্ট্র, গর্দ্দভ ও মহিষাদি আরোহণ, নদীর পরপারে গমন, ঔষধি-সেবন, লিপিলিখন, মোহন, ক্ষোভণ, ক্রয়বিক্রয়, দান, অসিকরে বিপক্ষসহ যুদ্ধ, ভোগকরণ, রাজার সহিত সাক্ষাৎ, স্নান, ভোজন, ক্রূরকর্ম্ম, এই সকল কার্য্য পিঙ্গলাতে শ্বাসবহনকালে করিবে ॥ ১-৮ ॥

ভুক্তমাত্রেণ মন্দাগ্নৌ স্ত্রীণাং বশ্যাদিকর্ম্মণি।
শয়নং সূর্য্যবাহেন কর্ত্তব্যন্তু সদা বুধৈঃ ॥ ৯ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

আহারের পর মন্দাগ্নি হইলে তৎপ্রতীকারার্থ কোন উপায়করণ, নারীবশীকরণ ও শয়ন এ সমস্তও দক্ষিণসাপুটে শ্বাসবহনকালে কর্ত্তব্য ৯॥

ক্রূরাণি যানি কর্ম্মাণি চারাণি বিবিধানি চ।
তানি সিদ্ধ্যন্তি সূর্য্যেণ নাত্র কার্য্যা বিচারণা॥ ১০॥

যে সমস্ত কার্য্য কথিত হইল, এতদ্ব্যতীত অপরাপর যে যে সকল ক্রূরক্রিয়া আছে, দক্ষিণনাসাপুটে শ্বাসবহনসময়ে সেই সমুদয়ের আচরণ করিতে হয়। তাহা হইলে নিঃসংশয় সিদ্ধি প্রাপ্ত হয় সন্দেহ নাই॥ ১০॥

—

অষ্টমোঽধ্যায়ঃ।

—*—

সুষুম্নাফলম্।

সদাশিব উবাচ।

ক্ষণং বামে ক্ষণং দক্ষে যদা বহতি মারুতঃ।
সুষুম্না সা চ বিজ্ঞেয়া সর্ব্বকার্য্যহরা স্মৃতা॥ ১॥

সদাশিব কহিলেন, হে গিরিজে! যৎকালে সুষুম্নানাড়ীর উদয় হয়, সেই সময় ক্ষণকাল বামনাসায় ও ক্ষণকাল দক্ষিণনাসায় শ্বাস বহিতে থাকে। তৎকালে যে কোন কর্ম্ম অনুষ্ঠিত হয়, তাহাই নিষ্ফল॥ ১॥

তস্যাং নাড্যাং স্থিতো বহ্নির্জ্বলন্তং কালরূপিণম্।
বিযুবন্তং বিজানীয়াৎ সর্ব্বকার্য্যবিনাশনম্॥ ২॥

কালরূপী প্রদীপ্ত অগ্নি সুষুম্নানাড়ীতে বিরাজিত আছে। যে সময়ে সুষুম্না নাড়ীর উদয় হয়,সেই সময়ে সমস্ত কর্ম্মই বিনাশপ্রাপ্ত হয় সন্দেহ নাই॥২॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

যদানুক্রমমুল্লঙ্ঘ্য যস্য নাড়ীদ্বয়ং বহেৎ।
তদা তস্য বিজানীয়াদশুভং সমুপস্থিতম্॥ ৩।

যাহার শ্বাসানিলের নিয়ম অতিক্রম করিয়া ইড়া ও পিঙ্গলা এই উভয় নাড়ীতে বায়ু বহে, তৎকালে তাহার অমঙ্গল ঘটে, ইহাতে সংশয় নাই॥ ৩॥

ক্ষণং বামে ক্ষণং দক্ষে বিষমং ভাবমাদিশেৎ।
বিপরীতফলং জ্ঞেয়ং জ্ঞাতব্যঞ্চ বরাননে॥ ৪॥

যদি কিয়ৎক্ষণ বামনাসায় ও কিয়ৎক্ষণ দক্ষিণনাসায় স্বর বহে, তাহা হইলে বিষমভাব ঘটিয়া থাকে। হে বরাননে! তাহা হইলে বিপরীত ফল হয়॥ ৪॥

উভয়োরেব সঞ্চারে বিষুবন্তং সমাদিশেৎ।
ন কুর্য্যাৎ ক্রূরসৌম্যানি তৎ সর্ব্বং নিষ্ফলং ভবেৎ॥ ৫॥

যুগপৎ উভয় নাসিকায় স্বর প্রবাহিত হইলেই তাহার নাম বিষুবযোগ। তৎকালে শুভ বা ক্রূর কোনরূপ কর্ম্মেই প্রবৃত্ত হইবে না। তখন যে কোন কর্ম্মে প্রবৃত্ত হইবে, তাহাই বিফল হয়॥ ৫॥

জীবিতে মরণে প্রশ্নে লাভালাভৌ জয়াজয়ৌ।
বিষুবে বৈপরীত্যং স্যাৎ সংস্মরেৎ জগদীশ্বরম্॥ ৬॥

বিষুবযোগের সময় যদি কোন ব্যক্তি জীবন, মরণ, লাভ, অলাভ, জয় ও পরাজয় সম্বন্ধে প্রশ্ন করে, তবে বিপরীত ফল হয়। ঐ সময়ে ঈশ্বর-স্মরণ ব্যতীত অন্য কোন কর্ম্মে প্রবৃত্ত হইবে না॥ ৬॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ঈশ্বরস্মরণং কার্য্যং যোগাভ্যাসাদিকর্ম্মসু ।
অন্যৎ তত্র ন কর্ত্তব্যং জয়লাভসুখার্থিভিঃ ॥ ৭ ॥

জয়লাভে বা সুখভোগে অভিলাষ হইলে কখনই উপরি-উক্ত সময়ে কার্য্যে প্রবৃত্ত হইবে না। তৎকালে কেবল যোগাদি কর্ম্মে নিযুক্ত থাকিবে এবং ঈশ্বর স্মরণ করিবে ॥ ৭ ॥

সূর্য্যেণ বহমানায়াং সুষুম্নায়াং মুহুর্ম্মুহুঃ ।
শাপং দদ্যাদ্ বরং দদ্যাৎ সর্ব্বথা চ তদন্যথা ॥ ৮ ॥

যে সময়ে সুষুম্নানাড়ীর বহন নির্দ্দিষ্ট আছে, তৎকালে দক্ষিণ নাসায় স্বর প্রবাহিত হইলে অভিশাপ বা বরদান সফল হয় ॥ ৮ ॥

নাড়ীসংক্রমণে কালে তৎসংক্রমণে তথা ।
শুভং কিঞ্চিৎ ন কর্ত্তব্যং পুণ্যদানাদি কোটিধা ॥ ৯ ॥

যে সময়ে এক নাড়ী হইতে অন্য নাড়ীতে শ্বাসসঞ্চার হয়, এবং ভিন্ন ভিন্ন তত্ত্বের উদয় হয়, তৎকালে পুণ্য ও দানাদি কোন প্রকার শুভকার্য্যে প্রবৃত্ত হইবে না ॥ ৯ ॥

বিষমস্যোদয়ে যাত্রাং মনসাপি ন চিন্তয়েৎ ।
যাত্রাহানিকরী তস্য মৃত্যুক্লেশো ন সংশয়ঃ ॥ ১০ ॥

পিঙ্গলার উদয়কালে মনে মনেও কোন স্থানে গমনের অভিলাষ করিবে না। তখন কোন স্থানে যাত্রা করিলে মরণসদৃশ দুঃখ ভোগ করিতে হয় ॥ ১০ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পুরো বামোর্দ্ধিতশ্চন্দ্রো দক্ষাধঃ পৃষ্ঠতো রবিঃ।
পূর্ণরিক্তবিবেকোঽয়ং জ্ঞাতব্যো দেশিকৈঃ সদা ॥ ১১ ॥

ইড়া নাড়ী সম্মুখ ও বামা ঊর্দ্ধভাগের ; পিঙ্গলা দক্ষিণ, পশ্চিম ও অধোদিকের এবং পূর্ণ ও শূন্য নাড়ী অগ্রের অধীশ্বর ॥ ১১ ॥

ঊর্দ্ধবামাগ্রতো দূতো জ্ঞেয়ো বামপথি স্থিতঃ।
পৃষ্ঠে দক্ষে তথাধস্তাৎ সূর্য্যবাহগতঃ শুভঃ ॥ ১২ ॥
ইতি নাড়ীভেদঃ সমাপ্তঃ।

ইড়াতে শ্বাসবহনের সময় ঊর্দ্ধে, বামে ও সম্মুখে থাকিয়া প্রশ্ন করিলে এবং পিঙ্গলাতে শ্বাসবহনের সময় পশ্চাতে, দক্ষিণে বা নিম্নে থাকিয়া প্রশ্ন করিলে সিদ্ধিপ্রাপ্তি হয় ॥১২ ॥

নবমোঽধ্যায়ঃ ।

—*—

তত্ত্বনির্ণয়ঃ ;

দেব্যুবাচ ।

দেবদেব মহাদেব সংসারার্ণবতারক।
ত্বদীয়হৃদয়ে স্থিতং রহস্যং বদ মে প্রভো ॥ ১ ॥

দেবী কহিলেন, হে দেবদেব ! হে মহাদেব ! হে ভবার্ণবতারক ! হে প্রভো ! ত্বদীয় হৃদয়ে যে স্বরতত্ত্বসম্বন্ধীয় রহস্য নিহিত আছে, তাহা মৎসকাশে প্রকাশ করুন্ ॥ ১ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ঈশ্বর উবাচ।

স্বরজ্ঞানং রহস্যং তু ন কিঞ্চিদিষ্টদেবতা।
স্বরজ্ঞানরতো যোগী স যোগী পরমো মতঃ॥ ২॥

ঈশ্বর কহিলেন, স্বরজ্ঞান অতি গুহ্য, ইষ্টদেব অপেক্ষাও ন্যূন নহে। স্বরশাস্ত্রে পারদর্শী হইয়া যোগসাধন করিলেই প্রকৃত পরম যোগী বলিয়া গণ্য হইতে পারে॥ ২॥

পঞ্চতত্ত্বাদ্ভবেৎ সৃষ্টিস্তত্ত্বে তত্ত্বং বিলীয়তে।
পঞ্চতত্ত্বং পরং তত্ত্বং তত্ত্বাতীতং নিরঞ্জনম্॥ ৩॥

অখিল ব্রহ্মাণ্ড পঞ্চতত্ত্ব হইতে সমুৎপন্ন। সমুদয় সৃষ্টপদার্থই ঐ তত্ত্ব-পঞ্চকে বিলীন হয়। এই তত্ত্বপঞ্চকের পর যে তত্ত্ব, তাহাই তত্ত্বাতীত ও নিরঞ্জন অর্থাৎ পৃথ্বী, জল, তেজ, বায়ু ও শূন্য এই পঞ্চতত্ত্বর পর যে তত্ত্ব, তাহাকেই তত্ত্বাতীত নিরঞ্জন পরব্রহ্ম বলিয়া জানিবে॥ ৩॥

তত্ত্বানাং নাম বিজ্ঞেয়ং সিদ্ধিযোগেন যোগিনাম্।
ভূতানাং দুষ্টচিহ্নানি জানন্তি হি স্বরোত্তমাং॥ ৪॥

স্বরতত্ত্বজ্ঞ যোগীরা যোগসাধন দ্বারা তত্ত্বসমূহের নাম ও চিহ্ন বিদিত হইবেন॥ ৪॥

পৃথিব্যাপস্তথা তেজো বায়ুরাকাশমেব চ।
পঞ্চভূতাত্মকং সর্ব্বং যো জানাতি স পূজিতঃ॥ ৫॥

ক্ষিতি,অপ,তেজ,মরুৎ ও ব্যোম এই পঞ্চভূত হইতেই অখিল ব্রহ্মাণ্ড সমুদ্ভূত। এই পঞ্চতত্ত্ব বিদিত থাকিলেই সর্ব্বপূজ্য হইতে পারা যায়॥৫॥ *

* তন্ত্রের উক্তি আছে যে, ব্যোম হইতে বায়ু, বায়ু হইতে তেজ, তেজ হইতে অপ্, ও অপ্ হইতে ক্ষিতির উৎপত্তি হয় এবং প্রলয়সময়ে ক্ষিতি জলে, জল তেজে, তেজ বায়ুতে এবং বায়ু আকাশে বিলীন হয়।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সর্ব্বলোকেষু জীবানাং ন দেহে ভিন্নতত্ত্বকম্।
ভূলোকাৎ সত্যপর্য্যন্তং নাড়ীভেদঃ পৃথক্ পৃথক্।
বামে বা দক্ষিণে বাপি উদয়াঃ পঞ্চ কীর্ত্তিতাঃ ॥ ৬ ॥

ভূলোক হইতে আরম্ভ করিয়া সত্যলোক পর্য্যন্ত নিখিল জীবই ক্ষিত্যাদি পঞ্চতত্ত্বের অধীন। ইড়া অর্থাৎ বামনাসাতে ভিন্ন ভিন্নরূপে ঐ পাঁচটী তত্ত্ব সমুদিত হইয়া থাকে ॥ ৬ ।

অষ্টধা তত্ত্ববিজ্ঞানং শৃণু বক্ষ্যামি সুন্দরি।
প্রথমে তত্ত্বসংখ্যায়াং দ্বিতীয়ে শ্বাসসন্ধিষু ॥ ৭ ॥
তৃতীয়ে স্বরচিহ্নানি চতুর্থে স্থানমেব চ।
পঞ্চমে তস্য বর্ণশ্চ ষষ্ঠে তু প্রাণমেব চ ॥ ৮ ॥
সপ্তমে স্বাদসংযুক্তমষ্টমে গতিলক্ষণম্।
এবমষ্টবিধং প্রাণং বিযুবন্তং চরাচরম্।
স্বরাৎ পরতরং দেবি নান্যথা ত্বম্বুজাননে ॥ ৯ ॥

হে পার্ব্বতি! এখন তোমার নিকট আট প্রকার তত্ত্বজ্ঞানের কথা বর্ণন করি, শ্রবণ কর। তত্ত্বসংখ্যা, শ্বাসসন্ধি, স্বরচিহ্ন, স্থান, তত্ত্বের বর্ণ, পরিমাণ, স্বাদ ও গতি ক্রমান্বয়ে তত্ত্বলক্ষণ এই অষ্টবিধ। হে কমলাননে! স্বরশাস্ত্র হইতে শ্রেষ্ঠ শাস্ত্র আর লক্ষিত হয় না ॥ ৭—৯ ॥

নিরীক্ষিতব্যং যত্নেন যদা প্রত্যূষকালতঃ।
কালস্য বঞ্চনার্থায় কর্ম্ম কুর্ব্বন্তি যোগিনঃ ॥ ১০ ॥

যোগীরা প্রভাতে উঠিয়া যত্ন-সহকারে এই সমস্ত তত্ত্বের লক্ষণ দর্শন পূর্ব্বক কার্য্যের অনুষ্ঠান করিবে ॥ ১০ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

শ্রুত্যোরঙ্গুষ্ঠকৌ মধ্যাঙ্গুলৌ নাসাপুটদ্বয়ে ।
বদনপ্রান্তয়োরন্তে তর্জ্জন্যৌ তু দৃগন্তয়োঃ ॥ ১১ ॥
অস্যান্তরং পার্থিবাদিতত্ত্বজ্ঞানং ভবেৎ ক্রমাৎ ।
পীতশ্বেতারুণশ্যামৈর্ব্বিন্দুভির্বিবিধৈস্তথা ॥ ১২ ॥

হস্তযুগলের বৃদ্ধাঙ্গুষ্ঠদ্বয় দ্বারা নাসারন্ধ্রদ্বয়, অনামিকাযুগল দ্বারা ও কনিষ্ঠাদ্বয় দ্বারা মুখ এবং তর্জ্জনীযুগল দ্বারা চক্ষুর্দ্বয় আচ্ছাদন পূর্ব্বক অবস্থান করিলে যদি পীতবর্ণ দেখায়, তবে সেই সময়ে ক্ষিতিতত্ত্বের উদয় বুঝিতে হইবে। ঐ প্রকার শ্বেতবর্ণ দৃষ্ট হইলে বারিতত্ত্ব, রক্তবর্ণ দৃষ্ট হইলে বহ্নিতত্ত্ব, শ্যামবর্ণ দৃষ্ট হইলে বায়ুতত্ত্ব এবং অল্প অল্প পরিমাণ বিবিধবর্ণ দৃষ্ট হইলে ব্যোমতত্ত্বের উদয় জানিবে ॥ ১১—১২ ॥

দর্পণেন সমালোক্য শ্বাসং তত্র বিনিক্ষিপেৎ ।
আকারৈস্তু বিজানীয়াৎ তত্ত্বভেদং বিচক্ষণঃ ॥ ১৩ ॥

দর্পণোপরি শ্বাসত্যাগ করিলে উহাতে বাষ্প নিপতিত হয়। দর্পণোপরি পতিত বাষ্পের আকার দেখিয়া পণ্ডিতেরা তত্ত্বের ভেদ নির্ণয় করেন ॥ ১৩ ॥

চতুরস্রং চার্দ্ধচন্দ্রং ত্রিকোণং বর্ত্তুলং স্মৃতম্ ।
বিন্দুভিস্তু নভো জ্ঞেয়মাকারৈস্তত্ত্বলক্ষণম্ ॥ ১৪ ॥

যদি ঐরূপ বাষ্প চতুষ্কোণ আকার ধারণ করিয়াই লয় প্রাপ্ত হয় তাহা হইলে ক্ষিতিতত্ত্বের উদয় বুঝিতে হইবে। ঐ বাষ্প অর্দ্ধচন্দ্রাকার হইলে বারিতত্ত্ব, ত্রিকোণ হইলে বহ্নিতত্ত্ব, বৃত্তাকৃতি হইলে অনিলতত্ত্ব এবং বিন্দু বিন্দুবৎ আকারধারণ করিলে ব্যোমতত্ত্বের উদয় জানিবে ॥ ১৪ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

মধ্যে পৃথ্বী হ্যধশ্চাপশ্চোর্দ্ধং বহতি চানলঃ।
তির্য্যগ্‌বায়ুপ্রচারশ্চ নভো বহতি সংক্রমে ॥ ১৫ ॥

নাসাপুটের মধ্যভাগ দিয়া শ্বাসবহন হইলে ক্ষিতিতত্ত্বের অধোভাগ দিয়া প্রবাহিত হইলে বারিতত্ত্বের, ঊর্দ্ধ দিয়া বাহিত হইলে বহ্নিতত্ত্বের, পার্শ্ব দিয়া প্রবাহিত হইলে অনিলতত্ত্বের এবং অভ্যন্তরভাগে ঘুরিয়া বেড়াইলে অথচ বিনিষ্ক্রান্ত না হইলে ব্যোমতত্ত্বের উদয় স্থির করিবে ॥ ১৫ ॥

মাহেয়ং মধুরং স্বাদু কষায়ং জলমের চ।
তত্ত্বং তেজশ্চ বায্বম্লং আকাশং কটুকং তথা ॥ ১৬ ॥

ক্ষিতিতত্ত্বের উদয়কালে মুখে মধুরস্বাদ অনুভূত হয়, বারিততত্ত্বের উদয়ে মধুর ও কষায় স্বাদ, বহ্নিতত্ত্বের উদয়ে তিক্ত স্বাদ, অনিলতত্ত্বের উদয়ে অম্লস্বাদ এবং ব্যোমতত্ত্বের উদয়ে মুখে কটুস্বাদ অনুভূত হয় ॥ ১৬ ॥

অষ্টাঙ্গুলং বহেদ্বায়ুরনলশ্চতুরঙ্গুলঃ।
দ্বাদশাঙ্গুলং মাহেয়ং ষোড়শাঙ্গুলং বারুণম্ ॥ ১৭ ॥

শ্বাসবায়ুর বহির্গমনকালে ঐ বায়ুর পরিমাণ অষ্টাঙ্গুল দীর্ঘ হইলে বায়ুতত্ত্বোদয় বুঝিতে হইবে। ঐ প্রকার চতুরঙ্গুল দীর্ঘ হইলে বহ্নিতত্ত্বের, দ্বাদশাঙ্গুল দীর্ঘ হইলে ক্ষিতিতত্ত্বের এবং ষোড়শাঙ্গুল দীর্ঘ হইলে জলতত্ত্বের উদয় বুঝিতে হইবে ॥ ১৭ ॥

আপঃ শ্বেতাঃ ক্ষিতিঃ পীতা রক্তবর্ণো হুতাশনঃ।
মারুতো নীলজীমূতসঙ্কাশং ভূরিবর্ণকম্ ॥১৮॥

জলতত্ত্বের বর্ণ শ্বেত, ক্ষিতিতত্ত্বের পীত, বহ্নিতত্ত্বের লোহিত, বায়ুতত্ত্বের নীলমেঘবৎ এবং ব্যোমতত্ত্বের বর্ণ বিবধপ্রকার ॥ ১৮ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

স্কন্ধদেশে স্থিতো বহ্নির্নাভিমূলে প্রভঞ্জনঃ।
জানুদেশে মহী তোয়ং পাদান্তে মস্তকে নভঃ ॥১৯॥

স্কন্ধে বহ্নিতত্ত্ব, নাভিমূলে বায়ুতত্ত্ব, জানুতে ক্ষিতিতত্ত্ব, চরণপ্রান্তে বারিতত্ত্ব ও মস্তকপ্রদেশে ব্যোমতত্ত্ব অধিষ্ঠিত। ঐ সকল স্থান দ্বারাই যথানিয়মে পঞ্চতত্ত্বের উদয় হয় ॥ ১৯ ॥

ঊর্দ্ধং মৃত্যুরধঃ শান্তিস্তির্য্যগুচ্চাটনং তথা।
মধ্যে স্তম্ভং বিজানীয়ান্নভঃ সর্ব্বত্র মধ্যমম্ ॥ ২০ ॥

বহ্নিতত্ত্বের উদয়ে মারণকর্ম্ম, বারিতত্ত্বের উদয়ে শান্তিক্রিয়া, অনিল-তত্ত্বের উদয়ে উচ্চাটন, ক্ষিতিতত্ত্বের উদয়ে স্তম্ভন এবং ব্যোমতত্ত্বের উদয়ে মধ্যবিধ কর্ম্মের অনুষ্ঠান করিবে ॥ ২০ ॥

পৃথিব্যাং স্থিরকর্ম্মাণি চরকর্ম্মাণি বারুণে।
তেজসা সমকার্য্যাণি মারণোচ্চাটনেঽনিলে ॥ ২১ ॥

ক্ষিতিতত্ত্বের উদয়ে স্থিরকর্ম্মে, বারিতত্ত্বের উদয়ে চরকর্ম্মে, বহ্নিতত্ত্বের উদয়ে সমকর্ম্মে এবং বায়ুতত্ত্বের উদয়ে মারণোচ্চটানাদি কর্ম্মে প্রবৃত্ত হইবে ॥ ২১ ॥

ব্যোম্নি কিঞ্চিন্ন কর্ত্তব্যমভ্যসেৎ যোগসেবয়া।
শূন্যতা সর্ব্বকার্য্যেষু নাত্র কার্য্যা বিচারণা ॥ ২২ ॥

পরন্তু ব্যোমতত্ত্বের উদয়ে যে মধ্যবিধ কর্ম্মের কথা বলা হইল, তাহা না করাই শ্রেয়ঃ। ঐ সময়ে যোগশিক্ষা ব্যতীত অন্যকর্ম্মের অনুষ্ঠান প্রশংসনীয় নহে ॥ ২২ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পৃথ্বীজলাভ্যাং সিদ্ধিঃ স্যাৎ মৃত্যুর্বর্হ্নৌ ক্ষয়োঽনিলে।
নভসি নিষ্ফলং সর্ব্বং জ্ঞাতব্যং তত্ত্ববেদিভিঃ ॥ ২৩ ॥

ক্ষিতিতত্ত্বের ও বারিতত্ত্বের উদয়ে যে কার্য্যে প্রবৃত্ত হওয়া যায়, তাহাই সিদ্ধ হয়। বহ্নিতত্ত্বের উদয়ে কোন কর্ম্মে প্রবৃত্ত হইলে ক্ষয় প্রাপ্ত হইতে হয় এবং ব্যোমতত্ত্বের উদয়ে যে কার্য্য করা যায়, তাহা নিষ্ফল হয়। এই সমস্ত বিদিত থাকিয়া কার্য্য করাই তত্ত্বজ্ঞানীর কর্ত্তব্য ॥ ২৩

চিরলাভঃ ক্ষিতৌ জ্ঞেয়স্তৎক্ষণাত্তোয়তত্ত্বতঃ।
হানিঃ স্যাদ্বহ্নিবাতাভ্যাং নভসো নিষ্ফলং ভবেৎ ॥ ২৪ ॥

ক্ষিতিতত্ত্বের উদয়ে কার্য্য করিলে বিলম্বে লাভ হয়, বারিতত্ত্বের উদয়ে করিলে অচিরে লাভ হয়, বহ্নিতত্ত্বের ও অনিলতত্ত্বের উদয়ে কার্য্য করিলে হানি এবং ব্যোমতত্ত্বের উদয়ে কার্য্য করিলে কর্ম্ম বিফল হইয়া থাকে ॥ ২৪ ॥

পীতঃ শনৈর্ম্মধ্যবাহী শৃণুয়াচ্চ গুরুধ্বনিম্।
কবোষ্ণঃ পার্থিবো বায়ুঃ স্থিরকার্য্যপ্রসাধকঃ ॥ ২৫ ॥

নাসারন্ধ্রের মধ্যভাগ দিয়া ক্ষিতিতত্ত্ব প্রবাহিত হয়, উহা পীতবর্ণ, গভীর শব্দবিশিষ্ট ও ঈষদুষ্ণ। এই তত্ত্বের উদয়ে স্থিরকর্ম্মের অনুষ্ঠান করিবে ॥ ২৫ ॥

অধোবাহী গুরুধ্বনিঃ শীঘ্রগঃ শীতলঃ সিতঃ।
ষঃ ষোড়শাঙ্গুলো বায়ুঃ স প্রায়ঃ শুক্লকর্ম্মকৃৎ ॥ ২৬ ॥

বারিতত্ত্ব নাসাপুটের অধোভাগ দিয়া প্রবাহিত হয়। উহা শুক্লবর্ণ, শীতল, শীঘ্রগামী ও গভীরশব্দবিশিষ্ট। এই তত্ত্বের শ্বাসের পরিমাণ ষোড়শাঙ্গুল। এই তত্ত্বের উদয়ে সমস্ত শুভকর্ম্মে প্রবৃত্ত হইবে ॥ ২৬ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

আবর্ত্তগশ্চাত্যুষ্ণশ্চ শোণাভশ্চতুরঙ্গুলঃ।
ঊর্দ্ধবাহী তু যঃ ক্রূরকর্ম্মকারী স তেজসঃ ॥ ২৭ ॥

বহ্নিতত্ত্বের উদয়কালে উহার শ্বাসবায়ু আবর্ত্তবৎ ঘুরিতে ঘুরিতে নাসার ঊর্দ্ধভাগ দিয়া প্রবাহিত হয়। উহা লোহিতবর্ণ, অত্যুষ্ণ এবং এই তত্ত্বের শ্বাসের পরিমাণ মাপিলে চতুরঙ্গুল হয়। এই তত্ত্বের উদয়ে ক্রূরকর্ম্মে প্রবৃত্ত হইবে ॥ ২৭ ॥

উষ্ণশীতঃ কৃষ্ণবর্ণস্তির্য্যগ্‌গামী ষড়ঙ্গুলঃ।
বায়ুঃ পবনসংজ্ঞো যশ্চরকর্ম্মসু সিদ্ধিদঃ ॥ ২৮ ॥

বায়ুতত্ত্বের উদয়কালে উহার শ্বাস বামনাসিকাপুটের পার্শ্বভাগ দিয়া প্রবাহিত হয়। উহা কৃষ্ণবর্ণ, শীতল, উষ্ণ ও কুটিলগামী। এই তত্ত্বের উদয়কালে চরকার্য্যে প্রবৃত্ত হইলে উহা সুসম্পন্ন হয় ॥ ২৮ ॥

যঃ সমীরঃ সমরসঃ সর্ব্বসত্ত্বগুণাবহঃ।
অম্বরং তং বিজানীয়াদ্‌যোগিনাং যোগদায়কম্ ॥ ২৯ ॥

ব্যোমতত্ত্বের উদয়সময়ে ক্ষিতি, অপ্, বহ্নি ও বায়ু এই তত্ত্বচতুষ্টয়েরই গুণ দৃষ্ট হয়। এই তত্ত্বের উদয়কালে যোগিদিগের যোগসিদ্ধি হইয়া থাকে ॥ ২৯ ॥

পীতশ্চৈব চতুষ্কোণং মধুরং মধ্যমাশ্রয়ম্।
ভোগদঃ পার্থিবং তত্ত্বং প্রবহেদ্দ্বাদশাঙ্গুলম্ ॥ ৩০ ॥

ক্ষিতিতত্ত্ব পীতবর্ণ, চতুষ্কোণ ও উদয়কালে মধুরাস্বাদ। এই তত্ত্বে শ্বাস নাসাপুটের মধ্যভাগ দিয়া বাহিত হয়। ইহা দ্বারা সৌভাগ্যবান্ হইতে পারে। এই তত্ত্বের উদয়কালে শ্বাসবায়ু দ্বাদশাঙ্গুল দীর্ঘ হয় ॥ ৩০ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

শ্বেতমর্দ্ধেন্দুসঙ্কাশং স্বাদু কষায়মাদকম্।
লাভকৃদ্বারুণং তত্ত্বং প্রবহেৎ ষোড়শাঙ্গুলম্ ॥ ৩১ ॥

বারিতত্ত্বের উদয়কালে উহার শ্বাসবায়ু ষোড়শাঙ্গুল-পরিমিত দীর্ঘ হয়। উহা শ্বেতবর্ণ, অর্দ্ধচন্দ্রাকার এবং ইহার উদয়কালে মুখে মিষ্ট, কষায় ও সুরার ন্যায় স্বাদ বোধ হয়। ইহা দ্বারা সকল প্রকার লাভ হইয়া থাকে ॥ ৩১ ॥

রক্তং ত্রিকোণং তিক্তং স্যাদূর্দ্ধমার্গপ্রবাহকম্।
দীপ্তঞ্চ তৈজসং তত্ত্বং প্রবাহে চতুরঙ্গুলম্ ॥ ৩২ ॥

বহ্নিতত্ত্ব নাসাপুটের ঊর্দ্ধ দিয়া প্রবাহিত হইয়া থাকে, ইহা লোহিত-বর্ণ, ত্রিকোণাকৃতি এবং ইহার উদয়সময়ে মুখে তিক্তস্বাদ বোধ হয়। ইহার উদয়সময়ে শ্বাসবায়ুর পরিমাণ চতুরঙ্গুল দীর্ঘ হয়॥ ৩২ ॥

নীলবর্ত্তুলসঙ্কাশং স্বাদ্বম্লং তির্য্যগাশ্রিতম্।
চপলং মারুতং তত্ত্বং প্রবাহেঽষ্টাঙ্গুলং স্মৃতম্ ॥ ৩৩ ॥

অনিলতত্ত্ব নাসারন্ধ্রের পার্শ্বভাগ দিয়া প্রবাহিত হয়। ইহা নীলবর্ণ ও বৃত্তাকার, উহার উদয়সময়ে মুখে অম্লস্বাদ অনুভূত হয়। এই তত্ত্বের শ্বাসের পরিমাণ অষ্টাঙ্গুল ॥ ৩৩ ॥

বর্ণাকারং স্বাদুবহং অব্যক্তং সর্ব্বগামি চ।
মোক্ষদং ব্যোমতত্ত্বং হি সর্ব্বকার্য্যেষু নিষ্ফলম্ ॥ ৩৪ ॥

ব্যোমতত্ত্ব নাসাপুটের সর্ব্বস্থান ব্যাপিয়া প্রবাহিত হয়; উহা অব্যক্ত। যখন এই তত্ত্বের উদয় হয়, তখন কোন কর্ম্মে প্রবৃত্ত হইলে তাহা সফল হয় না; কিন্তু এই তত্ত্বদ্বারা কেবলমাত্র মুক্তিফল প্রাপ্ত হওয়া যায় ॥ ৩৪ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পৃথ্বীজলে শুভে তত্ত্বে তেজো মিশ্রফলোদয়ে ।
হানিমৃত্যুকরৌ পুংসামশুভৌ ব্যোমমারুতৌ ॥ ৩৫ ॥

ক্ষিতিতত্ত্ব ও জলতত্ত্ব শুভ অশুভ উভয়প্রদ এবং বায়ুতত্ত্ব ও ব্যোমতত্ত্ব ক্ষতিকর, মৃত্যুজনক ও অশুভকর ॥ ৩৫ ॥

অপ্‌পূর্ব্বা পশ্চিমে পৃথ্বী তেজশ্চ দক্ষিণে তথা ।
বায়ুরুত্তরদিগ্‌ভাগে মধ্যকোণে গতং নভঃ ॥ ৩৬ ॥

জলতত্ত্ব,ক্ষিতিতত্ত্ব,বহ্নিতত্ত্ব,বায়ুতত্ত্ব এবং ব্যোমতত্ত্ব যথাক্রমে পূর্ব্ব,পশ্চিম, দক্ষিণ, উত্তর এবং অগ্ন্যাদি কোণচতুষ্টয় ও ঊর্দ্ধাধোভাগের অধিপতি ॥ ৩৬ ॥

চিরলাভং ক্ষিতৌ জ্ঞেয়স্তৎক্ষণাত্তোয়তত্ত্বতঃ ।
হানিঃ স্যাদ্বহ্নিবাতাভ্যাং নভসি নিষ্ফলং ভবেৎ ॥ ৩৭ ॥

ক্ষিতিতত্ত্বের উদয়ে কার্য্যে প্রবৃত্ত হইলে বহুবিলম্বে তাহার ফল দৃষ্ট হয় ; জলতত্ত্বের উদয়ে কার্য্য করিলে অচিরে ফল ঘটে, বহ্নি ও বায়ুতত্ত্বের উদয়ে ফল নষ্ট হয় এবং ব্যোমতত্ত্বের উদয়ে কার্য্য করিলে অসিদ্ধি ঘটে ॥ ৩৭ ॥

চন্দ্রে পৃথ্বীজলে স্যাতাং সূর্য্যে চাগ্নির্যদা ভবেৎ ।
তদা সিদ্ধির্ন সন্দেহঃ সৌম্যাসৌম্যেষু কর্ম্মসু ॥ ৩৮ ॥

বামানাসাপুটে শ্বাসবহনকালে ক্ষিতিতত্ত্ব ও জলতত্ত্বের উদয় হইলে শুভাশুভ সর্ব্বপ্রকার অনুষ্ঠিত কার্য্যই সফল হয় ॥ ৩৮ ॥

লাভঃ পৃথ্বীকৃতো বহ্নির্নিশায়াং লাভকৃজ্জলম্ ।
বহ্নৌ মৃত্যুঃ ক্ষতির্ব্বায়ৌ নভঃ স্থানং দহেৎ ক্বচিৎ ॥ ৩৯ ॥

ক্ষিতিতত্ত্বের উদয়ে রাত্রিকালে লাভ, বহ্নিতত্ত্বের ও বারিতত্ত্বের উদয়ে রাত্রিকালে লাভ, বহ্নিতত্ত্বের উদয়ে মৃত্যু, অনিলতত্ত্বের উদয়ে হানি এবং ব্যোমতত্ত্বের উদয়ে স্থান ভস্মীভূত হয় ॥ ৩৯ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

জীবিতব্যে লয়ে লাভে কৃষ্যাঞ্চ ধনকর্ষণে।
মন্ত্রার্থে যুদ্ধপ্রশ্নে চ গমনাগমনে তথা ॥ ৪০ ॥

যদি জীবন, বিচার, লাভ, কৃষিকার্য্য, ধনসঞ্চয়, মন্ত্র, অর্থ, যুদ্ধসম্বন্ধে প্রশ্ন, গমনাগমন ইত্যাদি কোন বিষয়ের ফলাফল জানিবার আবশ্যক হয়, তাহা হইলে প্রথমতঃ পঞ্চতত্ত্ব নিরূপণ করিবে ॥ ৪০ ॥

আয়াতি বারুণে তত্ত্বে তত্রস্থোঽপি শুভঃ ক্ষিতৌ।
প্রয়াতি বায়ুতোঽন্যত্র হানির্ম্মৃত্যুর্নভেঽনলে ॥ ৪১ ॥

জলতত্ত্বের উদয়সময়ে কোন আত্মীয় বা পরিচিত বিদেশ-বাসীর আগমনসম্বন্ধে প্রশ্ন করিলে বুঝিতে হইবে, সেই বিদেশী আগমন করিতেছে এবং ক্ষিতিতত্ত্বের উদয়কালে প্রশ্ন হইলে বুঝিতে হইবে যে, বিদেশী আগত হইয়াছে। এতদ্ব্যতীত অন্য বিষয়ের প্রশ্ন করিলে তাহাতে শুভফল হইবে, এইরূপ নির্ণয় করিবে। বায়ুতত্ত্বের উদয়কালে কাহারও গমনাগমন সম্বন্ধে প্রশ্ন হইলে বুঝিতে হইবে যে, সেই ব্যক্তি স্থানান্তরে প্রস্থিত হইয়াছে। বহ্নিতত্ত্ব ও ব্যোমতত্ত্বের উদয়কালে প্রশ্ন হইলে হানি ও মরণ বুঝায় ॥ ৪১ ॥

পৃথিব্যাং মূলচিন্তা স্যাৎ জীবস্য জলবাতয়োঃ।
তেজসা ধাতুচিন্তা স্যাৎ শূন্যমাকাশতো বদেৎ ॥ ৪২ ॥

ক্ষিতিতত্ত্বের উদয়কালে কেহ মনের কথা প্রশ্ন করিলে বুঝিতে হইবে যে, মূল চিন্তা করিতেছে। বারিতত্ত্ব ও বায়ুতত্ত্বের উদয়কালে প্রশ্ন হইলে বুঝিতে হইবে যে, প্রশ্নকারী জীবসম্বন্ধে চিন্তা করিতেছে। বহ্নিতত্ত্বের উদয়সময়ে প্রশ্ন হইলে বুঝিতে হইবে যে, ধাতু চিন্তা করিতেছে, ব্যোমতত্ত্বের উদয়কালে বুঝিবে যে,কোন বিষয়ের চিন্তা করিতেছে না॥৪২॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পৃথিব্যাং বহুপাদাঃ স্যুর্দ্বিপদাস্তোয়বায়ুতঃ।
তেজসা চ চতুষ্পাদা নভসা পাদবর্জ্জিতাঃ ॥ ৪৩ ॥

এই প্রকারে প্রশ্নকর্ত্তার প্রশ্ন অনুসারে জীবচিন্তা স্থির হইলে তদনন্তর জীবের আকৃতি কি প্রকার, তাহা নির্ণয় করিতে হয়। যখন আকার-সম্বন্ধে গণনা করিবে, তখন ক্ষিতিতত্ত্বের উদয় হইলে বুঝিতে হইবে যে, সেই জীব বহুপাদযুক্ত। ঐ প্রকার বারিতত্ত্ব ও বায়ুতত্ত্বের উদয়কালে দ্বিপদ, বহ্নিতত্ত্বের উদয়ে চতুষ্পদ এবং ব্যোমতত্ত্বের উদয়ে পদহীন জীব বুঝিতে হইবে ॥ ৪৩ ॥

কুজো বহ্নীরবিঃ পৃথ্বী সৌরিরাপঃ প্রকীর্ত্তিতাঃ।
বায়ুস্থানস্থিতো রাহুর্দক্ষরন্ধ্রপ্রবাহকঃ ॥ ৪৪ ॥

দক্ষিণনাসায় শ্বাসবহনকালে বহ্নিতত্ত্বের উদয়কালে বুঝিবে যে, কুজগ্রহ ঐ তত্ত্বের অধিপতি। ঐ প্রকার সূর্য্য ক্ষিতিতত্ত্বের, শনৈশ্চর জলতত্ত্বের এবং রাহু বায়ুতত্ত্বের অধীশ্বর ॥ ৪৪ ॥

জলং চন্দ্রো বুধঃ পৃথ্বী গুরুর্ব্বাতঃ সিতোঽনলঃ।
বামনাড্যাং স্থিতাঃ সর্ব্বে সর্ব্বকার্য্যেষু নিশ্চিতাঃ ॥ ৪৫ ॥

বামনাসাপুটে শ্বাসবহনকালে বারিতত্ত্বের উদয় দৃষ্ট হইলে জানিতে হইবে যে, সোম ঐ তত্ত্বের অধীশ্বর। ঐ প্রকার বুধ ক্ষিতিতত্ত্বের, গুরু-বায়ুতত্ত্বের এবং শুক্র বহ্নিতত্ত্বের অধীশ্বর। এই সকল গ্রহ সকল কর্ম্মেই শুভজনক ॥ ৪৫ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

দশমোঽধ্যায়ঃ।

—*—

প্রবাসিপ্রশ্নঃ ।

সদাশিব উবাচ ।

তুষ্টিঃ পুষ্টীরতিঃ ক্রীড়া জয়ো হাস্যং ধরাতলে।
তেজো বায়ুশ্চ সুপ্তাক্ষঃ জ্বরকম্পং প্রবাসিনঃ ॥ ১ ॥
গতায়ুর্ম্মৃত্যুরাকাশে চন্দ্রাবস্থাঃ প্রকীর্ত্তিতাঃ।
দ্বাদশৈতাঃ প্রযত্নেন জ্ঞাতব্যা দেশিকোত্তমৈঃ ॥ ২ ॥

সদাশিব কহিলেন, হে পার্ব্বতি! ইড়া নাড়ীতে শ্বাসবহনসময়ে যদি ক্ষিতিতত্ত্ব বা জলতত্ত্বের উদয় হয় এবং সেই সময়ে প্রবাসীজনের প্রশ্ন হয়, তাহা হইলে তুষ্টি, পোষণ, রতি, ক্রীড়া জয় ও হাস্য বুঝিতে হইবে। তেজস্তত্ত্বের ও বায়ুতত্ত্বের উদয় হইলে নিদ্রা, জ্বর ও কম্প এবং ব্যোম-তত্ত্বের উদয় হইলে পরমায়ুক্ষয় ও মরণ বুঝায়। যিনি স্বরতত্ত্ব সাধন করেন, এই দ্বাদশসংখ্য বিষয়ে পারদর্শী হওয়া তাঁহার উচিত ॥ ১ ২ ॥

পূর্ব্বায়াং পশ্চিমে যাম্যে উত্তরায়াং যথাক্রমে।
পৃথিব্যাদীনি ভূতানি বলিষ্ঠানি বিনির্দ্দিশেৎ ॥ ৩ ॥

ক্ষিতিতত্ত্বে পূর্ব্বদিক্, জলতত্ত্বে পশ্চিম, বহ্নিতত্ত্বে দক্ষিণ এবং অনিল-তত্ত্বে উত্তরদিক্ বুঝায় ॥ ৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পৃথিব্যাপস্তথা তেজো বায়ুরাকাশমেব চ ।
পঞ্চভূতাত্মকং দেহং জ্ঞাতব্যঞ্চ বরাননে ॥ ৪ ॥

হে বরাননে ! পৃথ্বী, জল, তেজ, বায়ু ও গগন ইহারই নাম পঞ্চভূত। এই ভূতপঞ্চক দ্বারা শরীর নির্ম্মিত হইয়াছে ॥ ৪ ॥

অস্থি মাংসং ত্বচা নাড়ী রোমঞ্চৈব তু পঞ্চমম্ ।
পৃথ্বী পঞ্চগুণোপেতা ব্রহ্মজ্ঞানেন ভাষিতম্ ॥ ৫ ॥

ক্ষিতিতত্ত্বে অস্থি, ত্বক্, মাংস, নাড়ী ও রোম এই পঞ্চগুণ বিদ্যমান ॥ ৫ ॥

শুক্রশোণিতমজ্জা চ লালা মূত্রঞ্চ পঞ্চমম্ ।
আপঃ পঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাষিতম্ ॥ ৬ ॥

বারিতত্ত্বে শুক্র, রক্ত, মজ্জা, লালা ও মূত্র এই পঞ্চগুণ আছে ॥ ৬ ॥

ক্ষুধা তৃষ্ণা তথা নিদ্রা শ্রান্তিরালস্যমেব চ ।
তেজঃ পঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাষিতম্ ॥ ৭ ॥

বহ্নিতত্ত্বে ক্ষুধা, পিপাসা, নিদ্রা, শ্রান্তি ও আলস্য এই পঞ্চগুণ বিদ্যমান ॥ ৭ ॥

ধারণং চালনং ক্ষেপ্যং সঙ্কোচনপ্রসারণে ।
বায়োঃ পঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাষিতম্ ॥ ৮ ॥

বায়ুতত্ত্বে ধারণ, চালন, ক্ষেপণ, সঙ্কোচন ও বিস্তৃতিকরণ এই পঞ্চগুণ অবস্থিত আছে ॥ ৮ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

রাগদ্বেষৌ তথা লজ্জা ভয়ং মোহশ্চ পঞ্চমঃ।
নভঃ পঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাষিতম্। ৯॥

ব্যোমতত্ত্বে রাগ, দ্বেষ, লজ্জা, ভয় ও মোহ এই পঞ্চগুণ অবস্থিত॥৯॥

পৃথিবীপলপঞ্চাশৎ চত্বারিংশদাপস্তথা।
তেজস্ত্রিংশদ্বিজানীয়াদ্বায়োর্বিংশতিদিঙ্নভঃ॥ ১০॥

প্রতি নাসাপুটে শ্বাসের উদয় হইয়া আড়াই দণ্ড পর্য্যন্ত থাকে। ঐ আড়াই দণ্ডের মধ্যে ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ ও ব্যোম এই পঞ্চতত্ত্ব উদিত হয়। অগ্রে ক্ষিতিতত্ত্ব উদিত হইয়া পঞ্চাশৎ পল, অগ্নিতত্ত্ব উদিত হইয়া ত্রিশ পল, বারিতত্ত্ব উদিত হইয়া চত্বারিংশৎ পল, অনিলতত্ত্ব উদিত হইয়া বিংশতি পল এবং ব্যোমতত্ত্ব উদিত হইয়া দশপল অবস্থান করে॥ ১০॥

পার্থিবে চিরকালেন লাভশ্চাপ্সু ক্ষণাদ্ভবেৎ।
জায়তে পবনাৎ স্বল্পঃ সিদ্ধেঽপ্যগ্নৌ বিনশ্যতি॥ ১১॥

ক্ষিতিতত্ত্ব উদিত হইয়া যে পঞ্চাশৎ পল থাকে, তন্মধ্যে প্রশ্ন হইলে বহুবিলম্বে লাভ হয়; জলতত্ত্বের উদয়মধ্যে প্রশ্ন হইলে শীঘ্র লাভ হয়; অনিলতত্ত্বের উদয়মধ্যে প্রশ্ন হইলে অল্পলাভ হয় এবং বহ্নিতত্ত্বের উদয়-মধ্যে প্রশ্ন হইলে লব্ধদ্রব্যও বিনাশ পায়॥ ১১॥

বহ্নিবায়ুকৃতে প্রশ্নে লাভালাভৌ বদেদ্বুধঃ।
পরতো বারুণে লাভঃ স্থিরেণ চ বসুন্ধরে।
জ্ঞাতব্যং জীবনে শূন্যং সিদ্ধৌ ব্যোম্নি বিনশ্যতি॥ ১২॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

জলতত্ত্বের উদয়কালে প্রশ্ন হইলে অপরের নিকট হইতে লাভ হয়; ক্ষিতিতত্ত্বের উদয়কালে প্রশ্ন হইলে যে কোন স্থান হইতে নিঃসন্দেহ লাভ হয়, অনিলতত্ত্বের উদয়ে প্রশ্ন হইলে অলাভ, অগ্নিতত্ত্বের উদয়ে লাভ এবং ব্যোমতত্ত্বের উদয়ে প্রশ্ন হইলে লাভের সম্ভাবনা থাকিলেও তাহা বিনাশ পায় ॥ ১২ ॥

পৃথ্বী পঞ্চ অপাং বেদাঃ গুণস্তেজো দ্বে বায়ুতঃ।
নভ একগুণঞ্চৈব তত্ত্বজ্ঞানমিদং ভবেৎ ॥ ১৩ ॥

ক্ষিতিতত্ত্বে পঞ্চ, জলতত্ত্বে চারি, অগ্নিতত্ত্বে তিন, অনিলতত্ত্বে দুই এবং ব্যোমতত্ত্বে একটী গুণ বিদ্যমান ॥ ১৩ ॥

ফুৎকারকৃৎ প্রস্ফুটিতা বিদীর্ণা পতিতা ধরা।
দদাতি সর্ব্বকার্য্যেষু অবস্থাসদৃশং ফলম্ ॥ ১৪ ॥

যখনই হউক না কেন, তত্ত্বের বর্ণ দৃষ্ট না হইলে এক গণ্ডূষ জল মুখে লইয়া ফুৎকার সহকারে ঊর্দ্ধে ফেলিয়া দিবে। সেই জল ভূতলে পড়িবার সময় ইন্দ্রধনুবৎ বিবিধবর্ণে রঞ্জিত হইয়া পড়িবে। শরীরাভ্যন্তরে যখন যে তত্ত্ব উদিত হয়, ফুৎকার দ্বারা ক্ষিপ্তজলে সেই তত্ত্বের বর্ণ ভূরি-পরিমাণে দৃষ্ট হইয়া থাকে; সুতরাং এই প্রকারে যে তত্ত্ব উদিত হইবে, তাহা স্থির করিয়া কর্ম্মে প্রবৃত্ত হইবে ॥ ১৪ ॥

ভরণী কৃত্তিকা পুষ্যা মঘা পূর্ব্বা চ ফল্গুনী।
পূর্ব্বভাদ্রপদা স্বাতিস্তেজস্তত্ত্বমিতি প্রিয়ে ॥ ১৫ ॥

ভরণী, কৃত্তিকা, পুষ্যা, মঘা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ ও স্বাতি এই সমস্ত নক্ষত্র বহ্নিতত্ত্বের অধিপতি ॥ ১৫ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বিশাখোত্তরফল্গুন্যৌ হস্তা চিত্রা পুনর্ব্বসুঃ।
অশ্বিনী মৃগশীর্ষা চ বায়ুতত্ত্বমুদাহৃতম্॥ ১৬॥

বিশাখা, উত্তরফল্গুনী, হস্তা, চিত্রা, পুনর্ব্বসু, অশ্বিনী ও মৃগশিরা বায়ু-তত্ত্বের অধিপতি॥ ১৬॥

পূর্ব্বাষাঢ়া তথাশ্লেষা মূলমার্দ্রা চ রোহিণী।
উত্তরভাদ্রপদাস্তোয়তত্ত্বং শতভিষা প্রিয়ে॥ ১৭॥

পূর্ব্বাষাঢ়া, অশ্লেষা, মূলা, আর্দ্রা, রোহিণী, উত্তরভাদ্রপদ ও শতভিষা এইগুলি জলতত্ত্বের অধিপতি॥ ১৭॥

ধনিষ্ঠা রেবতী জ্যেষ্ঠানুরাধা শ্রবণা তথা।
অভিজিচ্চোত্তরাষাঢ়া পৃথ্বীতত্ত্বমুদাহৃতম্॥ ১৮॥

ধনিষ্ঠা, রেবতী, জ্যেষ্ঠা, অনুরাধা, শ্রবণা, অভিজিৎ ও উত্তরাষাঢ়া ইহারা ক্ষিতিতত্ত্বের অধিপতি॥ ১৮॥

বহন্নাড়ীস্থিতো দূতো যৎ পৃচ্ছতি শুভাশুভম্।
তৎ সর্ব্বং সিদ্ধিমায়াতি শূন্যে শূন্যং ন সংশয়ঃ॥ ১৯॥

যে নাসায় শ্বাসবহন হয়, সেই দিকে দাঁড়াইয়া কেহ শুভাশুভ প্রশ্ন করিলে সিদ্ধ হয় এবং যে নাসাপুটে শ্বাসবহন না হয়, সেই দিক্ হইতে প্রশ্ন করিলে প্রশ্নকর্ত্তার শুভ বিনাশ পায়॥ ১৯॥

তত্ত্বে রামো জয়ং প্রাপ্তঃ সুতত্ত্বে চ ধনঞ্জয়ঃ।
কৌরবা নিহতাঃ সর্ব্বে যুদ্ধে তত্ত্ববিপর্য্যয়ে॥ ২০॥

এই তত্ত্বের বলেই রঘুপতি রণজয়ী হইয়াছিলেন, এই তত্ত্বের বলেই যুদ্ধে অর্জ্জুনের জয়লাভ হইয়াছিল, এই তত্ত্বের বলেই কৌরবেরা রণে বিনাশ প্রাপ্ত হয়॥ ২০॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

জন্মান্তরীয়সংস্কারাৎ প্রসাদাদথবা গুরোঃ।
কেষাঞ্চিজ্জায়তে তত্ত্বে বাসনা বিমলাত্মনাম্॥ ২১॥

কোন কোন পুণ্যবান্ পূর্ব্বজন্মকৃত সংস্কারবলে অথবা শ্রীগুরুর কৃপায় এই স্বরতত্ত্ব অবহেলে জ্ঞাত হইয়া সিদ্ধি প্রাপ্ত হইয়াছেন॥ ২১॥

একাদশোঽধ্যায়ঃ।

—*—

পঞ্চতত্ত্বধ্যানম্।

সদাশিব উবাচ।

লং বীজং ধরণীং ধ্যায়েৎ চতুরস্রাং সুপীতভাম্।
সুগন্ধং স্বর্ণবর্ণত্বমারোগ্যং দেহলাঘবম্॥ ১॥

সদাশিব কহিলেন, এক্ষণে পঞ্চতত্ত্বের ধ্যান বর্ণন করি, শ্রবণ কর। ক্ষিতিতত্ত্বের বীজমন্ত্র "লং।" ক্ষিতিতত্ত্ব চতুষ্কোণ, দিব্যপীতবর্ণবিশিষ্ট, সদ্‌গন্ধপূর্ণ, স্বর্ণকান্তি, রোগহারক ও শরীরের লঘুতাসম্পাদক। এইরূপে ক্ষিতিতত্ত্বের ধ্যান করিবে॥ ১॥

বং বীজঃ বারুণং ধ্যায়েদর্দ্ধচন্দ্রং শশিপ্রভম্।
ক্ষুৎপিপাসাসহিষ্ণুত্বং জলমধ্যেষু মজ্জনম্॥ ২॥

বারিতত্ত্বের বীজমন্ত্র "বং।" এই তত্ত্ব অর্দ্ধচন্দ্রাকার, চন্দ্রসন্নিভ, ক্ষুৎ-পিপাসা-সহিষ্ণু এবং সলিলমধ্যে মজ্জন করাইবার শক্তিশালী। এইরূপে বারিতত্ত্বের ধ্যান করিবে॥ ২॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

রং বীজং শিখিনং ধ্যায়েৎ ত্রিকোণমরুণপ্রভম্।
বহ্বন্নপানভোক্তৃত্বমাতপাগ্নিসহিষ্ণুতা ॥ ৩ ॥

বহ্নিতত্ত্বের বীজ "রং।" এই তত্ত্ব ত্রিকোণ, রক্তবর্ণ এবং বহু অন্ন ও বহুপানীয়বস্তু পান করিবার ক্ষমতাবিশিষ্ট, এই তত্ত্ব সূর্য্যকিরণ ও তেজঃসহিষ্ণু, এইরূপে বহ্নিতত্ত্বের ধ্যান করিতে হয় ॥ ৩ ॥

যং বীজং পবনং ধ্যায়েদ্বর্ত্তুলং শ্যামলপ্রভম্।
আকাশগমনাদ্যঞ্চ পক্ষিবদ্গমনং তথা ॥ ৪ ॥

অনিলতত্ত্বের বীজমন্ত্র "যং।" এই তত্ত্ব বৃত্তাকার, নীলবর্ণ ও বিহঙ্গগণের ন্যায় গতিশক্তিশালী। এই তত্ত্বের প্রসাদে শূন্যগমনের ক্ষমতা জন্মে। এইরূপে অনিলতত্ত্বের ধ্যান করিবে ॥ ৪ ॥

হং বীজং গগনং ধ্যায়েৎ নিরাকারং বহুপ্রভম্।
জ্ঞানং ত্রিকালবিষয়মৈশ্বর্য্যমণিমাদিকম্ ॥ ৫ ॥

ব্যোমতত্ত্বের বীজমন্ত্র "হং।" এই তত্ত্ব নিরাকার, নানাবর্ণে চিত্রিত, অণিমাদি অষ্টৈশ্বর্য্য-প্রদ এবং ভূতাদি কালত্রয়ের জ্ঞানসম্পন্ন। এই প্রকারে ব্যোমতত্ত্বের ধ্যান করিবে ॥ ৫ ॥

স্বরজ্ঞানী নরো যত্র ধনং নাস্তি ততঃ পরম্।
স্বরজ্ঞানেন গময়েৎ অনায়াসফলং ভবেৎ ॥ ৬ ॥

যিনি স্বরতত্ত্বে পারদর্শী, তিনি বিশ্বসংসারের মহাধনস্বরূপ স্বরতত্ত্বে পারদর্শী হইলে অবলীলাক্রমে অভীষ্ট প্রাপ্ত হইতে পারেন এবং যে কোন কার্য্যের উদ্দেশে গমন করিবেন, তাহাই সুসিদ্ধ হইবে ॥ ৬ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সর্ব্বঞ্চ ধনমধনং সর্ব্বাধিকারসংযুতম্।
লক্ষৈকেন ন সিদ্ধ্যন্তি তত্ত্বহীনা যদা নরাঃ ॥ ৭ ॥

স্বরতত্ত্বজ্ঞানরূপ মহাধনই নিখিল ধনের মধ্যে প্রধান। ইহার নিকট অন্যধন তৃণবৎ তুচ্ছ। ভূমণ্ডলের অখিল দ্রব্য যাঁহার অধিকারে আছে, তিনি স্বরতত্ত্বজ্ঞানহীন হইলে অসংখ্য অসংখ্য উপায় দ্বারাও অভীষ্টসাধনে সমর্থ হন না ॥ ৭ ॥

স্নাতং তেন সমস্তসলিলৈঃ সর্ব্বব্যাপি শক্রাবনি-
র্যজ্ঞানাঞ্চ কৃতং হি কার্য্যমখিলং দেবাশ্চ সন্তর্পিতাঃ।
সংসারাচ্চ সমুদ্ধৃতাঃ স্বপিতরস্ত্রৈলোক্যপূজ্যোঽপ্যসৌ,
যস্য ব্রহ্মবিচারণে ক্ষণমপি স্থৈর্য্যং মনঃ প্রাপ্নুয়াৎ ॥ ৮ ॥

ইতি তত্ত্বজ্ঞানম্।

যিনি মুহূর্ত্তমাত্রও স্বরতত্ত্ব স্থির করিয়া চিত্ত স্থির করিতে সমর্থ হন, তিনি ত্রিলোকের বন্দনীয় হইয়া থাকেন। পৃথিবীর সমগ্র তীর্থে স্নান করিলে এবং সর্ব্বব্যাপী যজ্ঞানুষ্ঠান দ্বারা ইন্দ্রপ্রমুখ সুরবর্গের প্রীতিসাধন করিলে যে ফল হয়, উক্ত ব্যক্তি অবহেলে তৎসমস্ত ফল প্রাপ্ত হইয়া থাকেন। তাঁহার পূর্ব্বপুরুষেরা অনায়াসে ভববন্ধন হইতে মুক্তিলাভ করে ॥ ৮ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

দ্বাদশোঽধ্যায়ঃ ।

—*—

যুদ্ধপ্রকরণম্ ।

দেব্যুবাচ ।

দেবদেব মহাদেব মহাজ্ঞানং স্বরোদয়ম্ ।
ত্রিকালবিষয়জ্ঞানং কথং ভবতি শঙ্কর ॥ ১ ॥

দেবী কহিলেন, হে দেবদেব ! হে মহাদেব ! হে শঙ্কর ! যাহা দ্বারা ভূতাদি কালত্রয়ের সমস্ত ঘটনা অবগত হওয়া যায়, কি প্রকারে সেই স্বরোদয়শাস্ত্রে জ্ঞান জন্মে, তাহা প্রকাশ করুন্ ॥ ১ ॥

ঈশ্বর উবাচ ।

অর্থকাণ্ডং জয়প্রশ্নং শুভাশুভমিতি ত্রিধা ।
এতৎ ত্রিকালবিজ্ঞানং নান্যদ্ভবতি সুন্দরি ॥ ২ ॥

ঈশ্বর কহিলেন, হে সুন্দরি ! স্বরতত্ত্ব হইতেই অর্থকাণ্ড, জয়পরাজয়-বিষয়ক প্রশ্ন, শুভাশুভ-নির্ণয় ও ভূতাদি কালত্রয়ের জ্ঞানসম্পন্ন হইয়া থাকে ॥ ২ ॥

তত্ত্বে শুভাশুভে কার্য্যে তত্ত্বে জয়পরাজয়ৌ ।
তত্ত্বে সমার্ঘ্যমাহার্ঘ্যং তত্ত্বে ত্রিপাদমুচ্যতে ॥ ৩ ॥

শুভাশুভক্রিয়া, জয়-পরাজয় এবং দ্রব্যের মহামূল্যতা সমমূল্যতা এই স্বরতত্ত্ব দ্বারাই নিরূপিত হয় ॥ ৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

শ্রীদেব্যুবাচ।

দেবদেব মহাদেব সর্ব্বসংসারতারক।
কিং নরাণাং পরং মিত্রং সর্ব্বকার্য্যার্থসাধনম্॥ ৪॥

দেবী জিজ্ঞাসা করিলেন, হে দেবদেব! হে মহাদেব! হে ভবার্ণব তারক! মানবকুলের পরম মিত্রস্বরূপ কি এবং কাহার দ্বারাই বা সর্ব্বকার্য্য সুসিদ্ধ হয়? ৪॥

সদাশিব উবাচ।

প্রাণ এব পরং মিত্রং প্রাণ এব পরঃ সখা।
প্রাণতুল্যঃ পরো বন্ধুর্নাস্তি নাস্তি বরাননে॥ ৫॥

সদাশিব কহিলেন, প্রাণই মনুষ্যদিগের পরম বন্ধু এবং প্রাণই সংসারে মহাসখা, ইহা অপেক্ষা শ্রেষ্ঠ সুহৃদ দ্বিতীয় নাই॥ ৫॥

দেব্যুবাচ।

কথং প্রাণস্থিতো বায়ুর্দেহে কিং প্রাণরূপকম্।
তত্ত্বেষু সঞ্চরেৎ প্রাণো জ্ঞায়তে যোগিভিঃ কথম্॥ ৬॥

দেবী কহিলেন, বায়ু কিরূপে প্রাণকে আশ্রয় করিয়া অধিষ্ঠিত আছে? শরীর কিরূপে প্রাণময় হইল? কিরূপেই বা প্রাণবায়ু পঞ্চতত্ত্বে সঞ্চারিত হয় এবং কিরূপে যোগীরা এই সমস্ত তত্ত্বে পারদর্শী হইয়া থাকেন? ৬॥

সদাশিব উবাচ।

কায়ানগরমধ্যে তু মারুতঃ ক্ষিতিপালকঃ।
ভোজনে বঞ্চনে চৈব গতিরষ্টাদশাঙ্গুলা॥ ৭॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

প্রবেশে দশভিঃ প্রোক্তা নির্গমে দ্বাদশাঙ্গুলা।
প্রাণস্থে তু গতির্দ্দেবি স্বভাবাদ্দ্বাদশাঙ্গুলা ॥ ৮ ॥
গমনে চ চতুর্ব্বিংশা নেত্রবেদাস্তু ধারণে।
মৈথুনে পঞ্চষষ্টিশ্চ শয়নে চ শতাঙ্গুলা ॥ ৯ ॥

সদাশিব কহিলেন, বায়ু দেহরূপ নগরমধ্যে নৃপতিরূপে অধিষ্ঠিত। আহারের ও বাক্‌প্রয়োগের সময় যে শ্বাস বহির্গত হয়, বহির্ভাগে উহার পরিমাণ অষ্টাদশাঙ্গুল ; নাসাপুট হইতে বহির্গমনকালের পরিমাণ দ্বাদশাঙ্গুল। প্রাণস্থিত বায়ুর স্বতঃসিদ্ধ গতি দ্বাদশাঙ্গুল, গমনে চতুর্ব্বিংশাঙ্গুল, ধারণে ত্রিচত্বারিংশদঙ্গুল, মৈথুনসময়ে পঞ্চষষ্টি অঙ্গুল এবং নিদ্রাকালে শতসংখ্য অঙ্গুল ॥ ৭-৯ ॥

একাঙ্গুলকৃতে ন্যূনে প্রাণে নিকামতা মতা।
আনন্দস্তু দ্বিতীয়ে স্যাৎ কবিশক্তিস্তৃতীয়কে ॥ ১০ ॥
বাচঃসিদ্ধিশ্চতুর্থে তু দূরদৃষ্টিস্তু পঞ্চমে।
ষষ্ঠে ত্বাকাশগমনং চণ্ডবেগশ্চ সপ্তমে ॥ ১১ ॥
অষ্টমে সিদ্ধয়শ্চাষ্টৌ নবমে নিধয়ো নব।
দশমে দশমূর্ত্তিশ্চ ছায়ানাশো দশৈককে ॥ ১২ ॥
দ্বাদশে হংসচারশ্চ গঙ্গামৃতরসং পিবেৎ।
আনখাগ্রে প্রাণপূর্ণে কস্য ভক্ষ্যঞ্চ ভোজনম্ ॥ ১৩ ॥

মনুষ্যের শ্বাস স্বভাবতঃ দ্বাদশ অঙ্গুল পরিমাণে প্রবাহিত হয়। যে ব্যক্তি যোগবলে ঐ দ্বাদশাঙ্গুল পরিমাণ হইতে একাঙ্গুল ন্যূন করিতে সক্ষম হন, তিনি নিষ্কাম মুক্তি প্রাপ্ত হইয়া থাকেন। ঐ প্রকার দুই অঙ্গুল ন্যূন করিতে পারিলে সর্ব্বদা আনন্দভোগ হয়, তিন অঙ্গুলী ন্যূন করিতে সমর্থ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

হইলে কবিত্বশক্তি জন্মে, চতুরঙ্গুল ন্যূন করিতে পারিলে যায়, পঞ্চাঙ্গুল ন্যূন করিলে দূরদৃষ্টিশক্তি জন্মে, ষড়ঙ্গুল ন্যূন করিলে শূন্য-গতি লাভ হয়, সাত অঙ্গুলী ন্যূন করিলে অণিমাদি অষ্টৈশ্বর্য্যবান্ হয়, নয় অঙ্গুল ন্যূন হইলে নবনিধি লাভ করিতে পারে, দশ অঙ্গুলী ন্যূন করিলে কাত্যায়নীর দশনায়িকামূর্ত্তি বা হরির দশাবতারমূর্ত্তি দর্শন করিতে পারে, একাদশাঙ্গুল ন্যূন করিলে অমরত্ব-প্রাপ্তি হয়, এবং সমস্ত শ্বাস ন্যূন করিয়া যোগপ্রভাবে অন্তরে শ্বাস প্রবাহিত করিতে সমর্থ হইলে সেই যোগিবর পরমাত্মা ও জীবাত্মার ঐক্যসম্পাদন পূর্ব্বক অমররূপী হইয়া থাকেন। তাঁহার দেহের নখাগ্র পর্য্যন্ত সর্ব্বত্র প্রাণবায়ু পূর্ণ থাকে; সুতরাং তাঁহাকে আর আহার করিতে হয় না ॥১০-১৩॥

এবং প্রাণবিধিঃ প্রোক্তঃ সর্ব্বকার্য্যে ফলপ্রদঃ।
জ্ঞায়তে গুরুবাক্যেন ন বিদ্যাশাস্ত্রকোটিভিঃ ॥ ১৪ ॥

প্রাণবায়ুর নিরূপণ কথিত হইল। এই বায়ু সকল কর্ম্মেই ফলপ্রদ। গুরুসকাশ হইতে এই প্রাণতত্ত্ব-বিদ্যার উপদেশ গ্রহণ করা আবশ্যক। কোটি কোটি শাস্ত্রজ্ঞান থাকিলেও সহজে এই বিদ্যা অবগত হওয়া কঠিন ॥ ১৪ ॥

প্রাতশ্চন্দ্রো রবিঃ সায়ং যদি দৈবান্ন লভ্যতে।
মধ্যাহ্নান্মধ্যরাত্রাদ্বা পরতস্তু প্রবর্ত্ততে ॥ ১৫ ॥

প্রাতঃকালে বামনাসায় এবং সায়ংকালে দক্ষিণনাসায় শ্বাসের উদয় হয়। দৈবাৎ উহার ব্যতিক্রম ঘটিলে মধ্যাহ্নকাল গত হইলে ইড়াতে এবং মধ্যরাত্রি গত হইলে পিঙ্গলাতে উদিত করিবে। ১৫

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

দূরযুদ্ধে জয়ী চন্দ্রঃ সমীপে চ দিবাকরঃ।
বহন্নাড্যাং গতঃ পাদে সর্ব্বসিদ্ধিঃ প্রজায়তে ॥ ১৬ ॥

বামনাসাপুটে শ্বাসবহনকালে যুদ্ধে গমন করিলে জয়ী হইতে পারে। পরন্তু নিকটবর্ত্তী স্থানে সংগ্রামার্থ যাইতে হইলে দক্ষিণনাসায় শ্বাসবহন-কালে গমন করিবে। যে নাসায় শ্বাসবহন হয়, যাত্রাকালে সেই দিকের চরণ অগ্রে প্রক্ষেপ করিয়া যাত্রা করিবে, তাহা হইলেই সর্ব্বসিদ্ধি করগত হয়॥ ১৬ ॥

যাত্রারম্ভে বিবাহে চ প্রবেশে নগরাদিকে।
শুভকার্য্যেষু সর্ব্বেষু চন্দ্রচারঃ প্রশস্যতে ॥ ১৭ ॥

ইড়া নাড়ী যাত্রা, বিবাহ, নগরাদি প্রবেশ ও অন্যান্য শুভকর্ম্মে প্রশস্ত ॥ ১৭ ॥

অয়নতিথিদিনেশঃ স্বীয়তত্ত্বেন যুক্তো,
যদি বহতি কথঞ্চিদ্দৈবযোগেন পুংসাম্।
স জয়তি রিপুসৈন্যং স্তম্ভমাত্রস্বরেণ,
প্রভবতি ন চ বিঘ্নঃ কেশবস্যাপি লোকে ॥ ১৮ ॥

যে অয়নে, যে তিথিতে ও যে বারে যে তত্ত্বের উদয় হয়, কোন যোদ্ধার নাড়ী সেই সেই তত্ত্বের সহিত মিলিয়া দৈবাৎ প্রবাহিত হইলে সে ব্যক্তি শত্রুসৈন্য জয় করিতে সমর্থ হয়; যুদ্ধক্ষেত্রে হুঙ্কার করিবামাত্র তাহার শত্রু স্তম্ভিত হইয়া থাকে এবং সেই ব্যক্তি অনায়াসে বৈকুণ্ঠ-ধামেও গমন করিতে পারে॥ ১৮ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

জীবলক্ষং জীবরক্ষাং জীবাঙ্গে পরিধায় চ ।
জীবো ব্রজতি যো যুদ্ধে জীবো জয়তি মেদিনীম্ ॥ ১৯ ॥

প্রাণবায়ুর গতি লক্ষ্য রাখিয়া মন্ত্রবলে প্রাণের রক্ষাবিধান পূর্ব্বক যুদ্ধে যাত্রা করিলে সমগ্রা বসুমতী জয় করিতে সক্ষম হয় ॥ ১৯ ॥

ভূমৌ জলে চ কর্ত্তব্যং গমনং শান্তিকর্ম্মসু ।
বহ্নৌ বায়ৌ প্রদীপ্তে তু খে পুনর্ন ভবত্যপি ॥ ২০ ॥

জলতত্ত্ব ও ক্ষিতিতত্ত্বের বহনসময়ে যাত্রা করাই উচিত। বহ্নিতত্ত্ব ও বায়ুতত্ত্বের বহনকালে শান্তিকর্ম্মে প্রবৃত্ত হইবে এবং ব্যোমতত্ত্বের উদয়ে কোন কার্য্যেই নিযুক্ত হইবে না ॥ ২০ ॥

জীবেন শস্ত্রং বধ্নীয়াৎ জীবেনৈব বিকাশয়েৎ ।
জীবেন প্রক্ষিপেৎ শস্ত্রং যুদ্ধে জয়তি সর্ব্বথা ॥ ২১ ॥

যোদ্ধা ব্যক্তি যুদ্ধে গমনকালে প্রাণবায়ু অবলম্বন পূর্ব্বক অস্ত্রশস্ত্রে সজ্জিত ও বদ্ধপরিকর হইয়া যাত্রা করিবে এবং প্রাণবায়ু অবলম্বন পূর্ব্বক বিপক্ষের প্রতি অস্ত্রাদি প্রয়োগ করিবে ; তাহা হইলে নিঃসন্দেহ জয়ী হইতে পারিবে ॥ ২১ ॥

আক্রম্য প্রাণপবনং সমারোহেত বাহনম্ ।
সমুত্তরেৎ পদং দত্ত্বা সর্ব্বকার্য্যাণি সাধয়েৎ ॥ ২২ ॥

যানারোহণকালেও প্রাণবায়ু অবলম্বন করা বিধেয়। তৎকালে যে নাসাপুটে শ্বাসবহন হইবে, অগ্রে সেই দিকে পদক্ষেপ করিয়া যানে আরোহণ করিবে ; তাহা হইলেই অভীষ্ট সিদ্ধ হয় ॥ ২২ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

অপূর্ণং শত্রুসামগ্রীং পূর্ণং বা স্ববলং যদা।
কুরুতে পূর্ণতত্ত্বস্থো জয়ত্যেকো বসুন্ধরাম্ ॥ ২৩ ॥

পূর্ণনাড়ীতে তত্ত্ববহনকালে যে যোদ্ধা নিজ সৈন্যবর্গকে পূর্ণরূপে বর্দ্ধিত করে এবং কৌশলে শত্রুপক্ষের রণদ্রব্যাদি লুণ্ঠন বা তাহাদিগকে বধ করে, সে অখিল বসুমতীজয়ে সক্ষম হয় ॥ ২৩ ॥

যন্নাড়ী বহতে চাঙ্গে তস্যামেবাধিদেবতা।
সম্মুখাপি দিশা তেষাং সর্ব্বকার্য্যফলপ্রদা ॥ ২৪ ॥

যে নাসায় শ্বাসবহন হয়, সেই দিকের অধীশ্বর গ্রহের নিরূপিত দিকে মুখ রাখিয়া কোন ব্যক্তি প্রশ্ন করিলে সেই প্রশ্নকর্ত্তার সর্ব্বকর্ম্ম সুসিদ্ধ হয় ॥ ২৪ ॥

আদৌ তু ক্রিয়তে মুদ্রা পশ্চাদ্‌যুদ্ধং সমাচরেৎ।
সর্ব্বা মুদ্রা কৃতা যেন তেষাং সিদ্ধির্ন সংশয়ঃ ॥ ২৫ ॥

প্রথমে মুদ্রাবন্ধন পূর্ব্বক পরে রণে প্রবৃত্ত হওয়া যোদ্ধার উচিত। সমস্ত মুদ্রার অনুষ্ঠান করিয়া যুদ্ধ করিলে জয়ী হওয়া যায় সন্দেহ নাই ॥ ২৫ ॥

চন্দ্রপ্রবাহেঽপ্যথ সূর্য্যবাহে, ভটাঃ সমায়ান্তি চ যুদ্ধকামাঃ।
সমীরণস্তত্ত্ববিদা প্রয়াতো, যা শূন্যতা স প্রতিকূলদৃষ্টা ॥ ২৬ ॥

ইড়া বা পিঙ্গলাতে বায়ুতত্ত্ব পূর্ণরূপে প্রবাহিত হইলে সেই দিক্ আশ্রয় করিয়া রণে যাত্রা করিলে সেনাগণ জয়ী হয় এবং যে নাড়ীতে বায়ুতত্ত্ববহন না হয়, সেই দিক্ আশ্রয় করিয়া যাত্রা করিলে পরাজিত হইতে হয়। স্বরতত্ত্ববিৎ পণ্ডিতেরা এইরূপ নির্দ্দেশ করিয়াছেন ॥ ২৬ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

যদ্দিশং বহতে বায়ুর্যুদ্ধং তদ্দিশি দাপয়েৎ।
জয়ত্যেব ন সন্দেহঃ শক্রোঽপি যদি বাগ্রতঃ ॥ ২৭ ॥

যে দিকের নাড়ীতে বায়ুবহন হয়, অগ্রে সেই দিকে পদক্ষেপ করিয়া রণযাত্রা করিলে দেবরাজও তাহার নিকট পরাজিত হন ॥ ২৭ ॥

যত্র নাড্যাং বহেদ্বায়ুস্তদন্তঃ প্রাণমেব চ।
আকৃষ্য গচ্ছেৎ কর্ণান্তং জয়ত্যেব পুরন্দরম্ ॥ ২৮ ॥

যে নাড়ীতে বায়ু প্রবাহিত হয়, তন্মধ্যস্থিত প্রাণানিলকে কর্ণের প্রান্তভাগ পর্য্যন্ত আকর্ষণ করিয়া যুদ্ধযাত্রা করিলে তৎসকাশে দেবরাজও পরাজিত হন ॥ ২৮ ॥

প্রতিপক্ষপ্রহারেভ্যঃ পূর্ণাঙ্গং যোঽভিরক্ষতি।
ন তস্য রপুভিঃ শক্তির্ব্বলিষ্ঠৈরপি হন্যতে ॥ ২৯ ॥

যে যোদ্ধা কুম্ভকযোগে বিপক্ষের প্রহার হইতে আত্মরক্ষা-সাধন করেন, বলবান্ শত্রুও তাঁহাকে বধ করিতে পারে না ॥ ২৯ ॥

অঙ্গুষ্ঠতর্জ্জনী বশ্যে পদাঙ্গুষ্ঠস্তথা ধ্বনিঃ।
যুদ্ধকালে চ কর্ত্তব্যং লক্ষযোদ্ধৃজয়ী ভবেৎ ॥ ৩০ ॥

যুদ্ধের সময় বৃদ্ধাঙ্গুলী, তর্জ্জনী ও পদাঙ্গুলী দ্বারা বাহ্বাস্ফোট ও চরণাস্ফোট করিবে। এই প্রকার করিলে সেই যোদ্ধা অসংখ্য অসংখ্য যোদ্ধৃগণকে পরাস্ত করিতে সমর্থ হয় ॥ ৩০ ॥

নিশাকরে রবৌ চারে মধ্যো যস্য সমীরণঃ।
স্থিতো রক্ষেদ্দিগন্তানি জয়াকাঙ্ক্ষী নরঃ সদা ॥ ৩১ ॥

ইড়া বা পিঙ্গলা যে নাড়ীতেই বায়ুতত্ত্বের বহন হউক্ না কেন, জয়েচ্ছু যোদ্ধা স্বীয় সৈন্যব্যূহের সেই দিকের প্রান্তরক্ষণে সচেষ্ট থাকিবেন ॥ ৩১ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

শ্বাসপ্রবেশকালেষু দূতো জল্পতি বাঞ্ছিতম্।
তস্যার্থাঃ সিদ্ধিমায়ান্তি নির্গমেনৈব সুন্দরি ॥ ৩২ ॥

নাসারন্ধ্রে শ্বাসবায়ুর প্রবেশসময়ে কোন দূত প্রশ্ন করিলে তাহার অভীষ্টসিদ্ধি হয়। আর শ্বাসবায়ুর নির্গমনকালে কেহ প্রশ্ন করিলে কর্ম্ম বিফল হইয়া যায় ॥ ৩২ ॥

লাভাদীন্যপি কার্য্যানি পৃষ্টানি কীর্ত্তিতানি চ।
জীবে বিশতি সিদ্ধ্যন্তি হানির্নিঃসরণে ভবেৎ ॥ ৩৩ ॥

নাসাপুটে শ্বাসপ্রবেশকালে লাভাদিবিষয়ে প্রশ্ন করিলে প্রশ্নকর্ত্তার কার্য্যসিদ্ধি হয় আর শ্বাসবায়ুর নির্গমনকালে প্রশ্ন করিলে কার্য্য নিষ্ফল হইয়া যায় ॥ ৩৩ ॥

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

—*—

ঘাতস্থাননিরূপণং, তত্ত্ববিশেষেণ যুদ্ধজ্ঞানঞ্চ।

সদাশিব উবাচ।

নরে দক্ষা স্বকায়া চ স্ত্রিয়াং বামা প্রশস্যতে ॥ ১ ॥

সদাশিব কহিলেন, পুরুষের দক্ষিণ এবং নারীজাতির বামনাড়ী প্রশস্ত ॥ ১ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

কুম্ভকং যুদ্ধকালে চ তিস্রো নাড্যশ্চ যা গতিঃ ॥ ২ ॥

যুদ্ধের সময় ইড়া, পিঙ্গলা ও সুষুম্না এই তিনটী নাড়ীর গতি রোধ করিয়া কুম্ভক অবলম্বন করিবে ॥ ২ ॥

হকারস্য সকারস্য বিনা ভেদং স্বরঃ কথম্।
সোঽহং হংসঃ পদেনৈব জীবো জপতি সর্ব্বদা ॥ ৩ ॥

হংসঃচারের অর্থাৎ হ ও সকারের ভেদ না জানিলে স্বরতত্ত্ব বিদিত হওয়া কঠিন। নাসাপুটে শ্বাসনির্গমনকালে সঃকার উচ্চারিত হয়। শক্তিরূপা দেবতার হংসঃ এবং শিবরূপী দেবতার সোঽহং এই দুইটী বাক্য জপ হয়। সোঽহং শব্দের অর্থ "তিনিই আমি" অর্থাৎ আমিই সেই পরব্রহ্ম,যোগিগণের হৃদয়ে এই জ্ঞানের উদয় হয়। জীব সর্ব্বদা সোঽহং ও হংসঃ এই দুইটী পদ জপ করিতেছে ॥ ৩॥

শূন্যাঙ্গং পূরিতং কৃত্বা জীবাঙ্গং গোপয়েদ্‌যদি।
জীবাঙ্গে ঘাতমাপ্নোতি শূন্যাঙ্গং রক্ষ্যতে সদা ॥ ৪

যুদ্ধের সময় কুম্ভকবলে শরীরাভ্যন্তরে বায়ু প্রবেশ করাইয়া প্রাণের রক্ষা করিবে। শ্বাসপূর্ণ দেহে আঘাতপ্রাপ্ত হইয়া শ্বাসহীন অঙ্গের রক্ষা করিতে হয় ॥ ৪ ॥

বামে বাপ্যথবা দক্ষে যদি পৃচ্ছতি পৃচ্ছকঃ।
তত্র ঘাতো ন জায়েত শূন্যে ঘাতং বিনির্দ্দিশেৎ ॥ ৫ ॥

বামদিকে বা দক্ষিণদিকে থাকিয়া আঘাতবিষয়ে প্রশ্ন করিলে যে নাসায় শ্বাসবহন হয়, সেই দিকের অঙ্গে আঘাত লাগিতে পারে না আর যে নাসায় শ্বাসবহন না হয়, সেই দিকের অঙ্গে আঘাত লাগে ॥ ৫ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ভূতত্ত্বে চোদরে ঘাতঃ পাদস্থানেঽম্বুনা ভবেৎ ।
উরঃস্থানেঽগ্নিতত্ত্বে চ করস্থানে চ বায়ুনা ॥ ৬ ॥
শিরসি ব্যোমতত্ত্বেন কৃত-আঘাতনির্ণয়ঃ ।
এবং পঞ্চবিধো ঘাতঃ স্বরশাস্ত্রে প্রকাশিতঃ ॥ ৭ ॥

ক্ষিতিতত্ত্বের উদয়কালে প্রশ্ন হইলে যোদ্ধার উপরে আঘাত লাগে। ঐ প্রকার জলতত্ত্বের উদয়ে প্রশ্ন হইলে পদে, বহ্নিতত্ত্বের উদয়ে প্রশ্ন হইলে বক্ষঃস্থলে, বায়ুতত্ত্বের উদয়ে প্রশ্ন হইলে হস্তে আর ব্যোমতত্ত্বের উদয়ে প্রশ্ন হইলে মস্তকে আঘাত প্রাপ্ত হইতে হয়। স্বরশাস্ত্রে এই পঞ্চ প্রকার আঘাত নিরূপিত আছে ॥ ৬—৭ ॥

যুদ্ধকালে যদা চন্দ্রঃ স্থায়ী জয়তি নিশ্চিতম্ ।
যদা সূর্য্যপ্রবাহস্তু বাদী বিজয়তে তদা ॥ ৮ ॥

যুদ্ধের সময় ইড়াতে শ্বাস উদিত হইলে স্বরাজ্যস্থ রাজা ও যোদ্ধা জয় লাভ করে সন্দেহ নাই, আর পিঙ্গলায় শ্বাস বহিলে বিপক্ষের জয় হয় ॥ ৮ ॥

জয়ো মধ্যে তু সন্দেহো নাড়ীমধ্যে তু লক্ষয়েৎ ।
সুষুম্নায়াং গতঃ প্রাণঃ সমরে শত্রুসঙ্কটে ॥ ৯
যস্যাং নাড্যাং ভবেচ্চারস্তাদৃশং যুদ্ধমাশ্রয়েৎ
তেনাসৌ জয়মাপ্নোতি নাত্র কার্য্যা বিচারণা ॥ ১০ ॥

যে সময়ে নাড়ীতে শ্বাস প্রবাহিত হয়, তখন সেই নাড়ী ও সেই সময় আশ্রয়পূর্ব্বক যুদ্ধে প্রবৃত্ত হইলেই জয়ী হইতে পারে, ইহাতে কিছু-মাত্র অন্যথা হয় না ॥ ৯—১০ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

যদি সংগ্রামকালে তু বামনাড্যাং সদা বহেৎ।
স্থায়িনো বিজয়ং বিন্দ্যাৎ রিপুবশ্যাদয়োঽপি চ ॥ ১১ ॥

যুদ্ধের সময় অনুক্ষণ ইড়ায় শ্বাসবহন হইলে যোদ্ধার জয় ও বিপক্ষের পরাভব হয় এবং শত্রু করগত হইয়া থাকে ॥ ১১ ॥

যদি সংগ্রামকালে তু সূর্য্যস্তু ব্যাবৃতো বহেৎ।
তদা যায়ী জয়ং বিন্দ্যাৎ সদেবাসুরমানবাৎ ॥ ১২ ॥

যুদ্ধের সময় আবর্ত্তগতিক্রমে দক্ষিণনাসায় স্বর বহিলে সেই সংগ্রামে কি দেব, কি দানব, কি নর কেহই সেই যোদ্ধাকে পরাভব করিতে পারে না ॥ ১২ ॥

রণে হরতি শত্রুস্থং বামায়াং প্রবিশেন্নরঃ।
স্থানং দ্বিধাবচারাভ্যাং জয়ং সূর্য্যেণ ধাবতি ॥ ১৩ ॥

যুদ্ধের সময় বামনাসায় শ্বাস প্রবেশ করিলে যোদ্ধা বিপক্ষকে পরাস্ত করিতে সমর্থ হয় এবং যুদ্ধের সময় দক্ষিণনাসাপুট হইতে বায়ু বহির্গত হইলেও জয়লাভ হয় ॥ ১৩ ॥

যোধদ্বয়কৃতে প্রশ্নে পূর্ণস্য প্রথমো জয়ঃ।
রিক্তে চৈব দ্বিতীয়স্তু জয়ী ভবতি নান্যথা ॥ ১৪ ॥

উভয় যোদ্ধার জয়-পরাজয়-সম্বন্ধে প্রশ্ন হইলে প্রশ্নকর্ত্তা যে দিকে দাঁড়াইয়া প্রশ্ন করিবে, সেই দিকের নাসায় শ্বাসবহন হইলে প্রথম-যোদ্ধা জয়ী হয় এবং সেই দিকের নাসায় শ্বাসবহন না হইয়া অন্য নাসায় বহিলে দ্বিতীয় যোদ্ধার জয় হয় ॥ ১৪ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পূর্ণনাড়ীগতঃ পৃষ্ঠে শূন্যাঙ্গঞ্চ তদগ্রতঃ।
শূন্যস্থানে কৃতঃ শত্রুর্ম্রিয়তে নাত্র সংশয়ঃ ॥ ১৫ ॥

দৈবজ্ঞের পশ্চাতে থাকিয়া জয়-পরাজয়-সম্বন্ধে প্রশ্ন করিলে তখন যদি দক্ষিণনাসায় শ্বাস বহে, তাব শত্রুর মৃত্যু নিশ্চয়। সম্মুখে থাকিয়া প্রশ্ন করিলে যদি তৎকালে বামনাসায় শ্বাস-বহন না হয়, তবে শত্রু নিশ্চয় কালগ্রাসে পতিত হইবে ॥ ১৫ ॥

বামাচারে সমং নাম যস্য তস্য জয়ো ভবেৎ।
পৃচ্ছকো দক্ষিণে ভাগে বিজয়ী বিষমাক্ষরঃ ॥ ১৬ ॥

জয়-পরাজয় সম্বন্ধে প্রশ্ন হইলে যদি তখন প্রশ্নকর্ত্তার বাম-নাসায় শ্বাস প্রবাহিত হয় এবং যোদ্ধার নাম যুগ্মাক্ষর হয়, তাহা হইলে জয় নিশ্চয়। প্রশ্নকালে দক্ষিণনাসায় শ্বাস বহিলে এবং যোদ্ধার নামাক্ষর অযুগ্ম হইলেও জয়ী হইবে ॥ ১৬ ॥

যদা পৃচ্ছতি চন্দ্রস্থস্তদা সন্ধানমাদিশেৎ।
পৃচ্ছেদ্‌যদা চ সূর্য্যস্থস্তদা জানীহি বিগ্রহম্ ॥ ১৭ ॥

বামনাসাপুটে শ্বাসবহনকালে প্রশ্ন হইলে সন্ধি এবং দক্ষিণনাসায় শ্বাসবহনকালে প্রশ্ন হইলে সংগ্রাম সংঘটিত হয় ॥ ১৭ ॥

পার্থিবে চ ভবেদ্‌যুদ্ধং সন্ধির্ভবতি বারুণে।
বহ্নৌ যুদ্ধে জয়ো ভঙ্গো মৃত্যুর্ব্বায়ৌ চ নাভসে ॥ ১৮ ॥

প্রশ্নকালে ক্ষিতিতত্ত্বের উদয় হইলে সংগ্রাম সংঘটিত হয়। ঐপ্রকার বারিতত্ত্বের উদয় হইলে সন্ধি, বহ্নিতত্ত্বের উদয় হইলে যুদ্ধে জয়, বায়ুতত্ত্বের উদয় হইলে রণে ভঙ্গ এবং ব্যোমতত্ত্বের উদয় হইলে বিনাশ প্রাপ্ত হইতে হয় ॥ ১৮ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

—*—

যমযুদ্ধ-দ্যূতযুদ্ধ স্বরজ্ঞানানি।

সদাশিব উবাচ।

নৈমিত্তিকপ্রমাদাদ্বা যদা ন জ্ঞায়তেঽনিলঃ।
প্রশ্নকালে তদা কুর্য্যাদ্‌দ্বন্দ্বং যত্নেন বুদ্ধিমান্ ॥ ১ ॥

সদাশিব কহিলেন, প্রশ্নসময়ে ভ্রান্তিবশে অথবা অন্য কারণে অনিলতত্ত্বের উদয় হইয়াছে কি না, বুঝিতে না পারিলে (বক্ষ্যমাণ) দুইটী প্রক্রিয়ার অনুষ্ঠান করাই সুবুদ্ধির কর্ত্তব্য ॥ ১ ॥

নিশ্চলাং ধারণাং কৃত্বা পুষ্পং হস্তাৎ নিপাতয়েৎ।
পূর্ণাঙ্গে পুষ্পপতনং শূন্যে বা তৎফলং বদেৎ ॥ ২ ॥

প্রথমতঃ স্থিরভাবে কুম্ভকের আচরণ করিবে। দ্বিতীয়তঃ একটী পুষ্প লইয়া সেই পুষ্পটী ঊর্দ্ধে নিক্ষেপ করিতে হইবে। যেদিকে সেই পুষ্পটী পড়িবে, সেইদিকের নাসায় শ্বাসবহন হইলে পূর্ণনাড়ীর ফল যেমন হয়, সেইরূপ হইবে এবং সে নাসায় শ্বাসবহন না হইলে শূন্যনাড়ীর যে ফল, তাহাই ঘটিবে ॥ ২ ॥

তিষ্ঠন্নুপবিশন্ বাপি প্রাণমাকর্ষয়েন্নিজম্।
মনোভঙ্গমকুর্ব্বাণঃ সর্ব্বকার্য্যেষু পূজিতঃ ॥ ৩ ॥

উপবেশন পূর্ব্বকই হউক্ বা দাঁড়াইয়াই হউক, একমনে স্বীয় প্রাণবায়ু আকর্ষণ করা স্বরতত্ত্বজ্ঞ ব্যক্তির কর্ত্তব্য। তাহা হইলে তিনি সর্ব্বকর্ম্মে সম্মান প্রাপ্ত হন ॥ ৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ন কালো বিবিধং ঘোরং ন শস্ত্রং ন চ পন্নগাঃ।
ন শক্রব্যাধিচৌরাদ্যাঃ শূন্যস্থং নাশিতুং ক্ষমাঃ॥ ৪॥

যে দিকে থাকিয়া প্রশ্নকর্ত্তা প্রশ্ন করিবে, সেই দিকের নাসায় স্বর বহিলে কি দুঃসময়, কি ভয়ঙ্কর ঘটনা, কি অস্ত্র-শস্ত্র, কি সর্প, কি শত্রু, কি পীড়া, কি চৌর কেহই তাহার অহিতসাধনে সক্ষম হয় না; সে ব্যক্তি যেখানে যাইবে, তথায় সিদ্ধিভাগী হইবে॥ ৪॥

জীবেন স্থাপয়েদ্বায়ুং জীবেনারম্ভয়েৎ পুনঃ।
জীবেন ক্রীড়তে নিত্যং দ্যূতং জয়তি সর্ব্বদা॥ ৫॥

বায়ুতত্ত্বকে প্রাণবায়ুযোগে হৃদয়ে স্থাপিত করিয়া প্রাণবায়ু-যোগে কুম্ভক করিবে। এইরূপে প্রাণবায়ু অবলম্বন পূর্ব্বক দ্যূতক্রীড়া বা রণে প্রবৃত্ত হইলে জয়লাভ হইয়া থাকে॥ ৫॥

কথঞ্চিদ্ বিজয়ী যুদ্ধে স্বরজ্ঞানং বিনা নৃপঃ।
স্বরজ্ঞানবলাদগ্রে সফলং কোটিধা ভবেৎ॥ ৬॥
ইহলোকে পরত্রৈব স্বরজ্ঞানী বলী সদা।
দশশতাযুতং লক্ষং দেশাধিপবলং ক্বচিৎ।
শতক্রতুসুরেন্দ্রাণাং বলং কোটিগুণং ভবেৎ॥ ৭॥

রাজারা স্বরশাস্ত্রে পারদর্শী না হইলে কিরূপে রণবিজয়ী হইতে পারেন? এই শাস্ত্র জ্ঞাত থাকিলে সমস্ত কর্ম্মই সম্যক্‌প্রকারে সুসম্পন্ন হইয়া থাকে। স্বরতত্ত্বে পারদর্শিতা থাকিলে ইহ পর উভয়ত্র মহাশক্তিশালী হইতে পারা যায়। সহস্র, অযুত বা লক্ষসংখ্য সেনানীর দেহে যে শক্তি থাকে, রাজকলেবরে যেরূপ শক্তি বিদ্যমান, স্বরতত্ত্বজ্ঞ ব্যক্তি তদপেক্ষাও মহাশক্তিমান্ হইয়া থাকেন। অধিক কি, স্বরশাস্ত্রজ্ঞের দেহে দেবেন্দ্র অপেক্ষাও কোটিগুণ শক্তি অধিষ্ঠান করে॥ ৬—৭॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ওঙ্কারঃ সর্ব্ববর্ণানাং ব্রহ্মাণ্ডে ভাস্করো যথা ।
মর্ত্ত্যলোকে তথা পূজ্যঃ স্বরজ্ঞানী পুমানপি ।। ৮ ।।

স্বরজ্ঞানী পুরুষ, বর্ণমধ্যে প্রণবের ন্যায় এবং ব্রহ্মাণ্ডমধ্যে সূর্য্যের ন্যায় সর্ব্বাপেক্ষা পূজনীয় ॥ ৮ ॥

একাক্ষরপ্রদাতারং নাড়ীভেদনিবেদকম্ ।
পৃথিব্যাং নাস্তি তদ্‌দ্রব্যং যদ্দত্ত্বা চানৃণী ভবেৎ ।। ৯ ।।

নাড়ীশিক্ষাদাতা, বিশেষতঃ যিনি স্বরোদয়শাস্ত্রের একটীমাত্র বর্ণও উপদেশ দেন, তাদৃশ গুরুকে পৃথিবীর সমস্ত বস্তু দান করিলেও শিষ্য অঋণী হইতে পারে না ॥ ৯ ॥

দেব্যুবাচ ।

পরস্পরং মনুষ্যাণাং যুদ্ধে প্রোক্তো জয়স্তথা ।
যমযুদ্ধে সমুৎপন্নে মনুষ্যাণাং কথং জয়ঃ ।। ১০ ।।

দেবী কহিলেন, যুদ্ধে পরস্পরের জয়পরাজয়সম্বন্ধীয় বৃত্তান্ত শ্রবণ করিলাম, অধুনা যম-যুদ্ধে কি প্রকারে জয়ী হইতে পারে, তাহা অবগত হইতে ইচ্ছা করি ; অর্থাৎ রোগে আক্রান্ত হইলে কি প্রকারে সেই রোগ হইতে মুক্তিলাভ হয়, তাহা কীর্ত্তন করুন্ ॥ ১০ ॥

ঈশ্বর উবাচ ।

ধ্যায়েদ্দেবং স্থিরে জীবে জুহুয়াজ্জীবসঙ্গমে ।
ইষ্টসিদ্ধির্ভবেত্তস্য মহালাভো জয়ো ভবেৎ ॥ ১১ ॥

ঈশ্বর কহিলেন, কুম্ভকযোগে প্রাণবায়ুকে স্থির করিয়া তত্ত্বরূপী ব্রহ্মের ধ্যান এবং জীবসঙ্গমে হোমও করিতে হয়। * তাহা হইলেই ইষ্টসিদ্ধি, মহালাভ ও রণজয় হইয়া থাকে ॥ ১১ ॥

* ইহার তাৎপর্য্য এই যে, তত্ত্বসমূহকে প্রাণবায়ুতে পরস্পর একত্র করিতে হয়।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

নিরাকারাৎ সমুৎপন্নং সাকারং সকলং জগৎ।
তৎ সাকারং নিরাকারে জ্ঞানে ভবতি তন্ময়ম্ ॥ ১২ ॥

সাকার ব্রহ্মাণ্ড নিরাকার ব্রহ্ম হইতে সমুদ্ভূত হইয়াছে; সুতরাং নিরাকার ব্রহ্মের স্বরূপ অবগত হইলেই অখিল ব্রহ্মাণ্ডকে তখন সাকার ব্রহ্মময় বলিয়া বোধ হইবে ॥ ১২ ॥

পঞ্চদশোঽধ্যায়ঃ।

—*—

দেবীবশীকরণম্।

শ্রীদেব্যুবাচ।

নরযুদ্ধং যমযুদ্ধং দ্বয়ং প্রোক্তং মহেশ্বর।
ইদানীং দেবদেবীনাং বশীকরণকং বদ ॥ ১ ॥

দেবী কহিলেন, হে মহেশ্বর! নরযুদ্ধ ও যমযুদ্ধ উভয়ই শ্রুতিগোচর হইল। অধুনা দেবদেবীগণের বশীকরণবিধি প্রকাশ করুন্ ॥ ১ ॥

ঈশ্বর উবাচ।

চন্দ্রং সূর্য্যেণ চাকৃষ্য স্থাপয়েজ্জীবমণ্ডলে।
আজন্মবশগা বামা কথিতোঽয়ং তপোধনৈঃ ॥ ২ ॥

ঈশ্বর কহিলেন, সূর্য্য (পিঙ্গলা) নাড়ী দ্বারা চন্দ্রকে (ইড়াকে) আকর্ষণ করিয়া হৃৎপ্রদেশে স্থাপন করিবে। এইরূপে সাধনা করিলে নায়িকা চিরজীবন বশীভূত থাকে। তপোধনেরা এইরূপ কীর্ত্তন করিয়া থাকেন ॥ ২ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

জীবেন গৃহ্যতে জীবো জীবো জীবস্য দীয়তে ।
জীবস্থানে গতো জীবো বালাজীবন্তবশ্যকৃৎ ॥ ৩ ॥
চন্দ্রং পিবতি সূর্য্যেণ সূর্য্যঃ পিবতি চন্দ্রতঃ ।
অন্যোন্যকালভাবেন জীবেদাচন্দ্রতারকম্ ॥ ৪ ॥

সূর্য্য দ্বারা চন্দ্রকে এবং চন্দ্র দ্বারা সূর্য্যকে পান করিতে পারিলে অর্থাৎ ইড়াকে পিঙ্গলাতে এবং পিঙ্গলাকে ইড়াতে আনয়ন করিবার শক্তি জন্মিলেই যাবৎ ভূতলে চন্দ্রতারা বিরাজ করে, তাবৎ জীবিত থাকিতে পারা যায় ॥ ৩-৪ ॥

এতজ্জানাতি যো যোগী এতৎ পঠতি নিত্যশঃ ।
সর্ব্বদুঃখবিনির্ম্মুক্তো লভতে বাঞ্ছিতং ফলম্ ॥ ৫ ॥

এই শাস্ত্রের নিত্যাধ্যায়ী ও নিত্যনাড়ীচালনাকারী ব্যক্তি সমগ্র দুঃখরাশি হইতে বিমুক্ত হইয়া অভীষ্ট লাভ করিতে পারে ॥ ৫ ॥

* * * বহতে নাড়ী তন্নাড়ীরোধনং কুরু ।
করে বদ্ধা স্ব * ঞ্চ জরণং জয়তে যুবা ॥ ৬ ॥

কোষের অধোভাগস্থ শিরাকে গুল্‌ফ দ্বারা এবং মূত্রাশয়ের অন্তর্গত নাড়ীকে হস্ত দ্বারা রুদ্ধ করিয়া উপবেশন পূর্ব্বক যোগসাধন করিলে জরাবর্জ্জিত চিরযুবারূপে জীবন যাপন করিতে পারা যায় ॥ ৬ ॥

উভয়োঃ কুম্ভকং কৃত্বা মুখে শ্বাসং নিপীয়তে ।
নিশ্চলা চ যদা নাড়ী দেবকন্যা-বশং কুরু ॥ ৭ ॥

যিনি মূত্রাশয়গত নাড়ী-দুইটীকে রুদ্ধ করিয়া কুম্ভকযোগে মুখদ্বারা শ্বাসপান পূর্ব্বক নাড়ীকে নিশ্চলভাবে স্থাপন করত যোগসাধন করেন, সুরবালারা তৎসকাশে চির-বশীভূত থাকেন ॥ ৭ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

রাত্রৌ চ যামবেলায়াং প্রসুপ্তে কামিনীজনে।
ব্রহ্মবীজং পিবেদ্‌যস্তু লালাজীবহরো নরঃ ॥ ৮ ॥

রজনীর একপ্রহর পরে কুলকুণ্ডলিনী দেবী সুপ্তাবস্থায় অধিষ্ঠিত থাকেন। যে যোগী সেই সময়ে শ্বাসবায়ু পান পূর্ব্বক যোগসাধন করেন, তিনি নায়িকাগণের প্রিয়বল্লভ হইয়া থাকেন ॥ ৮ ॥

ষোড়শোঽধ্যায়ঃ।

—*—

স্ত্রীবশীকরণম্।

সদাশিব উবাচ।

অষ্টাক্ষরং জপিত্বা তু তস্মিন্ কালে ঋতৌ সতি।
তৎক্ষণং দীয়তে চন্দ্রো মোহমায়াতি কামিনী ॥ ১ ॥
শয়নে বা প্রসঙ্গে বা * * * বা।
যঃ সূর্য্যেণ পিবেচ্চন্দ্রং স ভবেন্মকরধ্বজঃ ॥ ২ ॥
শিবমালিঙ্গতে শক্ত্যা প্রসঙ্গে দক্ষিণেঽপি বা।
তৎক্ষণাদ্দাপয়েদ্‌যস্তু মোহয়েৎ কামিনীশতম্ ॥ ৩ ॥
সপ্তনবত্রয়ং পঞ্চবারান্ * * সূর্য্যগে।
চন্দ্রে দ্বিতূর্য্যষট্‌কৃত্বা বশ্যা ভবতি কামিনী ॥ ৪ ॥
সূর্য্যচন্দ্রৌ সমাকৃষ্য সর্পাক্রান্ত্যাধরোষ্ঠয়োঃ।
মহাপদ্মে মুখং স্পৃষ্ট্বা বারং বারমিদং চরেৎ ॥ ৫ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

আঘ্রাণমেতি পদ্মস্য যাবন্নিদ্রাবশং গতা।
পশ্চাজ্জাগ্রতবেলায়াং * * গলচক্ষুষী ॥ ৬ ॥
অনেন বিধিনা কামী বশয়েৎ সর্ব্বকামিনাম্।
ইদং ন বাচ্যমন্যস্মিন্নিত্যাজ্ঞা পরমেশ্বরি ॥ ৭ ॥

সপ্তদশোঽধ্যায়ঃ।

—*—

গর্ভপ্রকরণম্।

সদাশিব উবাচ।

ঋতুকালভবা নাড়ী পঞ্চমেঽহ্নি যদা ভবেৎ।
সূর্য্যাচন্দ্রমসোর্যোগে সেবনাৎ পুত্রসম্ভবঃ ॥ ১ ॥

সদাশিব কহিলেন, ঋতুর পঞ্চমদিনে ইড়া ও পিঙ্গলা এই উভয় নাড়িকা একত্র করিয়া ঋতুরক্ষা করিলে পুত্রোৎপাদন হয় ॥ ১ ॥

শঙ্খবল্লী গবাং দুগ্ধং পৃথ্ব্যাপো বহতে যদা।
ভর্ত্তুরগ্রে বদেদ্বাক্যং গর্ভং দেহি ত্রিভির্ব্বচঃ ॥ ২ ॥
ঋতুস্নাতা পিবেন্নারী ঋতুদানঞ্চ যোজয়েৎ।
রূপলাবণ্যসম্পন্নো নরসিংহঃ প্রজায়তে ॥ ৩ ॥

ঋতুস্নানান্তে ক্ষিতিতত্ত্ব বা জলতত্ত্বের বহনকালে শঙ্খবল্লী ও গোদুগ্ধ পানপূর্ব্বক শয়ন করিয়া পতিসকাশে তিনবার "গর্ভং দেহি" এই বাক্য উচ্চারণ করিলে সেই রমণী রূপবান্ মহাবলিষ্ঠ পুত্র প্রাপ্ত হইতে পারে ॥ ২-৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সুষুম্না সূর্য্যগন্ধেন ঋতুদানঞ্চ যোজয়েৎ।
অঙ্গহীনঃ পুমান্ যস্তু জায়তে কৃশবিগ্রহঃ ॥ ৪ ॥

পিঙ্গলায় (দক্ষিণনাসায়) সুষুম্নার অবস্থানকালে ঋতুরক্ষা করিলে অঙ্গহীন কৃশকায় পুত্রের উৎপত্তি হয় ॥ ৪ ॥

বিষমাঙ্কে দিবারাত্রৌ বিষমাঙ্কে দিনাধিপঃ।
চন্দ্রনেত্রাগ্নিতত্ত্বেষু বন্ধ্যা পুত্রমবাপ্নুয়াৎ ॥ ৫ ॥

দিবা বা রাত্রি যখনই হউক্,পিঙ্গলার বহনকালে ক্ষিতিতত্ত্ব,জলতত্ত্ব ও অগ্নিতত্ত্ব সমুদিত হইলে এবং সেই সময়ে ঋতুরক্ষা করিলে বন্ধ্যা নারীও পুত্রলাভ করিয়া থাকে ॥ ৫ ॥

* রন্ধ্রে রবিঃ পুংসাং * ন্তে সুধাকরঃ।
অনেন ক্রমযোগেন নাদত্তে দৈবদণ্ডকঃ ॥ ৬ ॥

ঋতুরক্ষার প্রারম্ভে পুরুষের দক্ষিণনাসায় এবং অন্তে বামনাসায় শ্বাস প্রবাহিত হইলে সেই ঋতুতে নিঃসন্দেহ গর্ভধারণ হইবে ॥ ৬ ॥

* রন্ধ্রে রবিঃ পুংসাং স্ত্রিয়াঞ্চৈব সুধাকরঃ।
উভয়োঃ * প্রাপ্তে বন্ধ্যা পুত্রমবাপ্নুয়াৎ ॥ ৭ ॥

ঋতুরক্ষার সময় স্ত্রীর বামনাসায় ও পুরুষের দক্ষিণনাসায় শ্বাসবহন হইলে বন্ধ্যাও পুত্রবতী হয় ॥ ৭ ॥

চন্দ্রনাড়ী বহেৎ প্রশ্নে গর্ভে কন্যা তদা ভবেৎ।
সূর্য্যে ভবেত্তদা পুত্রঃ শূন্যে গর্ভো নিহন্যতে ॥ ৮ ॥
চন্দ্রে স্ত্রী পুরুষঃ সূর্য্যে মধ্যমার্গে নপুংসকঃ।
গর্ভপ্রশ্নে যদা দূতস্তদা পুত্রঃ প্রজায়তে ॥ ৯ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বামনাসায় শ্বাসবহনকালে গর্ভপ্রশ্ন হইলে সেই গর্ভে কন্যার এবং দক্ষিণনাসায় বহনকালে প্রশ্ন হইলে পুত্রসন্তানের জন্ম নিরূপণ করিবে, আর উভয় নাসায় যুগপৎ শ্বাসবহনকালে প্রশ্ন হইলে নপুংসকের উৎপত্তি বা গর্ভপাত স্থির করিতে হইবে। গর্ভপ্রশ্নের সময় এইরূপে শ্বাসনির্ণয় করিয়া পুত্র-কন্যার উৎপত্তি স্থির করিবে ॥ ৮-৯ ॥

পৃথ্ব্যাং পুত্রী জলে পুত্রঃ কন্যকা তু প্রভঞ্জনে।
তেজসা গর্ভপাতঃ স্যান্নভস্যপি নপুংসকঃ।
শূন্যে শূন্যং যুগ্মে যুগ্মং গর্ভপাতস্তু সংক্রমে ॥ ১০ ॥

ক্ষিতিতত্ত্ববহনকালে গর্ভপ্রশ্ন হইলে সেই গর্ভে কন্যা, জলতত্ত্বের উদয়ে প্রশ্ন হইলে পুত্র, বায়ুতত্ত্বের উদয়ে কন্যা, অগ্নিতত্ত্বের উদয়ে গর্ভপাত এবং ব্যোমতত্ত্বের উদয়ে প্রশ্ন হইলে নপুংসক জন্মে। শূন্যনাড়ীতে প্রশ্ন হইলে বুঝিতে হইবে যে, গর্ভ হয় নাই। ঐরূপ যুগ্মনাড়ীতে প্রশ্ন হইলে যমজোৎপত্তি এবং নাড়ীর সন্ধিসময়ে প্রশ্ন হইলে গর্ভপাত স্থির করিতে হয় ॥ ১০ ॥

সূর্য্যভাগে কৃতে পুত্রশ্চন্দ্রচারে তু কন্যকা।
বিষুবে গর্ভপাতঃ স্যাদ্‌ভাবী বাথ নপুংসকঃ।
তত্ত্বৈরথ বিজানীয়াৎ কথিতা তত্ত্বু সুন্দরি ॥ ১১ ॥

পিঙ্গলায় শ্বাসের উদয়সময়ে গর্ভপ্রশ্ন হইলে পুত্র, ইড়ায় শ্বাসবহনকালে কন্যা এবং উভয় নাড়ীতে শ্বাসবহনকালে প্রশ্ন হইলে সেই গর্ভে নপুংসকের উৎপত্তি বা গর্ভপাত নির্ণয় করিবে। হে সুন্দরি! স্বরতত্ত্ববিদেরা এইরূপ কীর্ত্তন করিয়া গিয়াছেন ॥ ১১ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

গর্ভাধানং মারুতে স্যাচ্চ দুঃখী,
দিশা খ্যাতো বারুণে সৌখ্যযুক্তঃ।
গর্ভস্রাবী স্বল্পজীবী চ বহ্নৌ,
ভোগী ভব্যঃ পার্থিবেনার্থযুক্তঃ॥ ১২॥

বায়ুতত্ত্বের উদয়কালে গর্ভাধান হইলে সেই গর্ভে চিরদুঃখী সন্তানের জন্ম হয়; জলতত্ত্বের উদয়কালে গর্ভাধান হইলে সেই গর্ভজাত সন্তান মহাসুখী ও দিগন্তব্যাপী কীর্ত্তিমান্ হইয়া থাকে; অগ্নিতত্ত্বের উদয়কালে গর্ভাধান হইলে গর্ভপাত অথবা সন্তান ভূমিষ্ঠ হইয়া অত্যল্পকালমধ্যে প্রাণ-ত্যাগ করে এবং ক্ষিতিতত্ত্বের উদয়কালে গর্ভাধান হইলে তদ্‌গর্ভজ সন্তান সুখী, সৌভাগ্যবান্ ও ধনশালী হয়॥ ১২॥

ধনবান্ সৌখ্যসংযুক্তো ভোগবান্ গর্ভসংস্থিতঃ।
স্যান্নিধ্যং বারুণে তত্ত্বে ব্যোম্নি গর্ভো নিহন্যতে॥ ১৩॥

জলতত্ত্বের উদয়ে গর্ভ হইলে সেই গর্ভজাত সন্তান ধনী, ভোগী ও সুখী হয় এবং ব্যোমতত্ত্বের উদয়ে গর্ভাধান হইলে গর্ভপাত হয়॥ ১৩॥

মাহেয়ে চ সুতোৎপর্ত্তিবারুণে দুহিতা ভবেৎ।
শেষেষু গর্ভহানিঃ স্যাজ্জাতমাত্রস্য বা মৃতিঃ॥ ১৪॥

ক্ষিতিতত্ত্বের উদয়ে গর্ভাধান হইলে পুত্র,বারিতত্ত্বের উদয়ে কন্যা এবং অগ্নি, বায়ু ও ব্যোমতত্ত্বের উদয়ে গর্ভাধান হইলে গর্ভপাত হয় অথবা সন্তান জন্মিয়া অল্পকালমধ্যেই গতাসু হইয়া থাকে॥ ১৪॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

রবিমধ্যগতশ্চন্দ্রশ্চন্দ্রমধ্যগতো রবিঃ ।
জ্ঞাতব্যং গুরুতঃ শীঘ্রং ন বিদ্যাশাস্ত্রকোটিভিঃ ॥ ১৫ ॥

যে শাস্ত্র দ্বারা রবিমধ্যগত চন্দ্র ও চন্দ্রমধ্যগত রবির বিষয় অবগত হওয়া যায় অর্থাৎ যাহা দ্বারা ইড়াকে পিঙ্গলাতে এবং পিঙ্গলাকে ইড়াতে আনয়নের উপদেশ শিক্ষা করা যায়, স্বরোদয়শাস্ত্ররূপ সেই মহাবিদ্যা গুরু-সকাশে বিদিত হইবে। কোটি কোটি শাস্ত্রে পারদর্শী হইলেও গুরুর উপদেশ ব্যতীত এই শাস্ত্র বিদিত হইবার উপায়ান্তর নাই ॥ ১৫ ॥

অষ্টাদশোঽধ্যায়ঃ ।

—*—

সংবৎসরপ্রকরণম্ ।

সদাশিব উবাচ ।

চৈত্রশুক্লপ্রতিপদি প্রাতস্তত্ত্ববিভেদতঃ ।
পশ্যেদ্বিচক্ষণো যোগী দক্ষিণে চোত্তরায়ণে ।
চন্দ্রস্যোদয়বেলায়াং বহমানোঽথ তত্ত্বতঃ ॥ ১ ॥

বিচক্ষণ যোগী ব্যক্তি চৈত্রী শুক্লা প্রতিপদের প্রভাতে এবং দক্ষিণায়ন ও উত্তরায়ণের প্রারম্ভে তত্ত্বসমূহ নির্ণয় করিয়া দেখিবেন যে, ইড়াতে শ্বাসবহনের সময় কোন্ তত্ত্বের উদয় হইতেছে ॥ ১ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পৃথিব্যাপস্তথা বায়ুঃ সুভিক্ষং সর্ব্বশস্যজম্।
তোজোব্যোম্নি ভয়ং ঘোরং দুর্ভিক্ষং কালতত্ত্বতঃ॥ ২॥

ঐ সময়ে ক্ষিতিতত্ত্ব, জলতত্ত্ব বা বায়ুতত্ত্বের উদয় হইলে বসুমতী শস্যপূর্ণা হয় ও রাজ্যে সুভিক্ষসঞ্চার হইয়া থাকে এবং অগ্নিতত্ত্ব বা ব্যোম-তত্ত্বের উদয় হইলে পৃথিবীতে নিদারুণ দুর্ভিক্ষ ও ভয়সঞ্চার হয়॥ ২॥

এবং তত্ত্বফলং জ্ঞেয়ং বর্ষে মাসে দিনে তথা।
পৃথিব্যাদিকতত্ত্বেন দিনমাসাব্দজং ফলম্।
শোভনঞ্চ তথা দুষ্টং ব্যোমমারুতবহ্নিভিঃ॥ ৩॥

এইরূপে তত্ত্বের উদয় নিরূপণ পূর্ব্বক বর্ষ, মাস ও দিনের ফলাফল জ্ঞাত হইতে হয়। পৃথ্বী, ব্যোম, মারুত, বহ্নি প্রভৃতি তত্ত্বোদয় দ্বারা বর্ষ, মাস ও দিনের শুভ ও অশুভফল নির্ণয় করিবে॥ ৩॥

মধ্যমা ভবতি ক্রূরা দুষ্টা চ সর্ব্বকর্ম্মসু।
দেশভঙ্গমহারোগক্লেশকষ্টাতিদুঃখদা॥ ৪॥

পূর্ব্বকথিত সময়ে সুষুম্নাতে স্বরবহন হইলে সমস্ত কর্ম্মই অশুভকারী হইয়া থাকে এবং দেশভঙ্গ (রাষ্ট্রবিপ্লব), দারুণ পীড়া, ক্লেশ ও মহাদুঃখ ঘটিয়া থাকে॥ ৪॥

মেষসংক্রান্তিদিবসে স্বরভেদং বিচারয়েৎ।
সংবৎসরফলং ব্রূয়াল্লোকানাং তত্ত্বচিন্তকঃ॥ ৫॥

তত্ত্বচিন্তক যোগী মেষসংক্রমণদিবসে স্বরভেদ বিবেচনা পূর্ব্বক বর্ষের শুভাশুভ ফল নির্ণয় করিবেন॥ ৫॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সুভিক্ষং রাষ্ট্রবৃদ্ধিঃ স্যাদ্‌বহুশস্যা বসুন্ধরা ।
বহুবৃষ্টিস্তথা সৌখ্যং পৃথ্বীতত্ত্বং বহেদ্‌যদি ॥ ৬ ॥

ঐ দিনে পৃথ্বীতত্ত্বের উদয় হইলে বহুপুষ্টি, সুখবর্দ্ধন, সুভিক্ষ ও রাজ্যবৃদ্ধি হয় এবং পৃথিবী বহুশস্যশালিনী হইয়া থাকে ॥ ৬ ॥

অতিবৃষ্টিঃ সুভিক্ষং স্যাদারোগ্যং সৌখ্যমেব চ ।
বহুশস্যা তথা পৃথ্বী জলতত্ত্বং বহেদ্‌যদি ॥ ৭ ॥

ঐ মেষসংক্রমণদিনে জলতত্ত্বের উদয় হইলে বহুবৃষ্টি, সুভিক্ষ, রোগনাশ ও সুখবৃদ্ধি হয় এবং ধরণী শস্যপূর্ণা হইয়া থাকে ॥ ৭ ॥

দুর্ভিক্ষং রাষ্ট্রভঙ্গঃ স্যাদ্রোগোৎপত্তিস্তু দারুণা ।
অল্পাদল্পতরা বৃষ্টিরগ্নিতত্ত্বং বহেদ্‌যদি ॥ ৮ ॥

ঐ কালে অগ্নিতত্ত্বের উদয় হইলে দুর্ভিক্ষ, রাজ্যনাশ, দারুণ রোগ ও অল্পবৃষ্টি এই সকল ঘটে ॥ ৮ ॥

উৎপাতোপদ্রবা ভীতিরল্পা বৃষ্টিঃ স্যুরীতয়ঃ ।
মেষসংক্রান্তিবেলায়াং বায়ুতত্ত্বং বহেদ্‌যদি ॥ ৯ ॥

পূর্ব্বকথিত মেষসংক্রমণদিনে অনিলতত্ত্বের উদয় হইলে উৎপাত (বন্যা, দিগ্‌দাহ, বজ্রপাত ইত্যাদি), উপদ্রব (রাজভয়, দস্যু-তস্কর-ভয় ইত্যাদি) ভীতি, অনাবৃষ্টি ও অতিবৃষ্টি এই সকল ঈতিদোষ ঘটে ॥ ৯ ॥

উদ্‌গারতাপজ্বরা ভীতিরল্পা বৃষ্টিঃ ক্ষিতৌ ভবেৎ ।
মেষসংক্রান্তিবেলায়াং ব্যোমতত্ত্বং বহেদ্‌যদি ।
তত্রাপি শূন্যতা জ্ঞেয়া শস্যাদীনাং সুখস্য চ ॥ ১০ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

মেষসংক্রান্তিদিনে আকাশতত্ত্বের উদয় হইলে উদ্গার, সন্তাপ, জ্বর, ভয় ও দুঃখ উপস্থিত হয় এবং পৃথিবী শস্যহীনা ও অনাবৃষ্টিতে আক্রান্ত হয়॥১০॥

পূর্ণে প্রবেশনে শ্বাসে স্বস্বতত্ত্বেন সিদ্ধিদঃ ॥ ১১ ॥

যে নাসায় শ্বাসবহন হইতেছে, সেই নাসায় শ্বাসপ্রবেশসময়ে স্বস্ব-তত্ত্বের উদয় হইলে বুঝিতে হইবে যে, সেই বর্ষে মঙ্গল সাধিত হইবে॥১১॥

সূর্য্যে চন্দ্রেঽন্যথাভূতে সংগ্রহঃ সর্ব্বসিদ্ধিদঃ।
বিষমে বহ্নিতত্ত্বস্য জ্ঞায়তে কেবলং নভঃ।
তৎ কুর্য্যাদ্বশুসংগ্রাহ্যং দ্বিমাসে চ মহার্ঘ্যতা ॥ ১২ ॥

মেষসংক্রমণদিনে ইড়া ও পিঙ্গলা নাড়ীতে স্ব স্ব নির্দ্দিষ্ট সময় অতিক্রম পূর্ব্বক বিপরীতভাবে শ্বাস প্রবাহিত হইলে সেই বর্ষে দুর্ভিক্ষকষ্টে মানব-গণকে অবসন্ন হইতে হয়; সুতরাং বর্ষের প্রারম্ভকালেই শস্যসঞ্চয় কর্ত্তব্য। তাহা হইলে সর্ব্বকার্য্য সিদ্ধ হয় এবং অমঙ্গলের আশঙ্কা থাকে না। উক্ত সময়ে সুষুম্নাতে অগ্নিতত্ত্বের উদয় হইলে ব্যোমতত্ত্বের ফল ঘটে অর্থাৎ দারুণ অমঙ্গল দৃষ্ট হয়। সুতরাং বর্ষের প্রারম্ভে শস্যাদি-সঞ্চয় কর্ত্তব্য। নচেৎ বর্ষের দুইমাস অতীত হইতে না হইতেই সমস্ত দ্রব্য মহার্ঘ্য হইয়া উঠে॥ ১২ ॥

স্বরজ্ঞানং শিবং পশ্যেল্লক্ষ্মীপতিস্তথা ভবেৎ।
একত্র শরীরং যস্য সুখং তস্য সদা ভবেৎ ॥ ১৩ ॥

স্বরশাস্ত্রজ্ঞ ব্যক্তি সর্ব্বত্রই কল্যাণলাভ করেন, তিনি সর্ব্বাপেক্ষা ধনাঢ্য হন। এক নাড়ীকে অন্য নাড়ীতে চালন করিতে পারিলে এবং দুইটী নাড়ীকে একত্র করিতে সক্ষম হইলে, সেই স্বরসাধক অনুক্ষণ ঐশ্বর্য্যভাগী ও সুখী হইতে পারেন॥ ১৩ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

নাড়ীত্রয়ং বিজানাতি তত্ত্বজ্ঞানং তথৈব চ ।
নৈব তেন ভবেত্তুল্যং লক্ষকোটিরসায়নম্ ॥ ১৪ ॥

যিনি নাড়ীত্রয়ের গুহ্যতত্ত্ব অবগত আছেন, লক্ষকোটি রসায়নবেত্তাও তাঁহার সমান হইতে পারে না ॥ ১৪ ॥

রবৌ সংক্রমণে নাড়ী গলান্তে চ প্রবর্ত্ততে ;
সলিলে বহ্নিযোগেঽপি রৌরবং জগতীতলে ॥ ১৫ ॥
ইতি পবনবিজয়স্বরোদয়ে সংবৎসরফলম্ ॥

রবিসংক্রমণদিনে বারিতত্ত্বের বহনসময়ে যদি অগ্নিতত্ত্বের মিলন ঘটে, তাহা হইলে পৃথিবীতে মানবগণকে রৌরবনরকসদৃশ ভীষণ যাতনা প্রাপ্ত হইতে হয় ॥ ১৫ ॥

ঊনবিংশোঽধ্যায়ঃ ।

—*—

রোগপ্রকরণম্ ।

সদাশিব উবাচ ।

মহীতত্ত্বে স্বরোগঞ্চ জলে চ জলমাতরঃ ।
রবৌ চারে তেজস্তত্ত্বে বায়ুতত্ত্বে চ শাকিনী ।
শূন্যতত্ত্বেন রোগশ্চ পিত্তদোষসমুদ্ভবঃ ॥ ১ ॥

সদাশিব কহিলেন, ক্ষিতিতত্ত্বের উদয়ে পীড়া-সম্বন্ধে প্রশ্ন করিলে প্রশ্ন-কর্ত্তার নিজের রোগ হইয়াছে বুঝিতে হইবে এবং জলতত্ত্বের উদয় হইলে

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

জলমাতৃকাজনিত রোগ নির্ণয় করিবে। *. পিঙ্গলাতে শ্বাসবহনের সময় অগ্নি বা বায়ুতত্ত্বের উদয় হইলে শাকিনীজনিত রোগ এবং ব্যোমতত্ত্বের উদয় হইলে পিত্তজ রোগ নির্ণয় করিবে॥ ১॥

দানং পুণ্যং দ্বিজাতীনাং পিণ্ডশ্রাদ্ধং বিধীয়তে॥ ২॥

উপরে যে রোগের কথা বলা হইল, উহার প্রশমনার্থ ব্রাহ্মণকে ধনাদি দান, পিতৃলোকের উদ্দেশে শ্রাদ্ধ ও পিণ্ডনির্ব্বপণ ইত্যাদি সৎক্রিয়া সম্পাদন করিবে॥ ২॥

আদৌ শূন্যগতং পৃচ্ছেৎ পশ্চাৎ পূর্ণো বিশেদ্‌যদি।
মূর্চ্ছিতেঽপি ব্রুবেৎ জীবেৎ যদর্থং পরিপৃচ্ছতি॥ ৩॥

প্রশ্নকর্ত্তা যে দিকে থাকিয়া প্রশ্ন জিজ্ঞাসা করে, তাহার সেই দিকের নাসাপুট শূন্য থাকিলে এবং প্রশ্নের অব্যবহিতপরক্ষণেই পুনরায় পূর্ণ হইলে যাহার উদ্দেশে প্রশ্ন হইতেছে, সেই ব্যক্তি রোগে অচৈতন্য হইয়া থাকিলেও জীবিত হইয়া উঠিবে॥ ৩॥

চন্দ্রস্থানে স্থিতো জীবঃ সূর্য্যস্থানে চ পৃচ্ছতি।
তদা প্রাণবিনির্ম্মুক্তো যদি বৈদ্যশতৈর্ব্বৃতঃ॥ ৪॥

ইড়াতে শ্বাসবহনকালে প্রশ্নকর্ত্তা সূর্য্যস্থানে থাকিয়া প্রশ্ন করিলে যাহার উদ্দেশে প্রশ্ন হইতেছে, সে ব্যক্তি আশু গতাসু হয়; শত শত বৈদ্যও তাহার রোগপ্রশমনে সক্ষম হয় না॥ ৪॥

---

* জলমাতৃকা—ভূতপ্রেতাদির ন্যায় দেবযোনিবিশেষ। অনেকে ইহাকেই জটিয়াবুড়ী বলেন।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পিঙ্গলায়াং স্থিতো জীবো বামে দূতশ্চ পৃচ্ছতি।
তদাপি ম্রিয়তে রোগী যদি ত্রাতা মহেশ্বরঃ ॥ ৫ ॥

পিঙ্গলায় শ্বাসবহনকালে প্রশ্নকর্ত্তা বামভাগে থাকিয়া প্রশ্ন করিলে স্বয়ং মহাদেব আসিলেও রোগীকে পরিত্রাণ করিতে সক্ষম হন না ॥ ৫ ॥

দক্ষিণেন যদা বায়ুর্দ্দুঃখং রৌদ্রাক্ষরং বদেৎ।
তদা জীবতি জীবোঽসৌ চন্দ্রে সমফলং ভবেৎ ॥ ৬ ॥

পিঙ্গলায় বা ইড়ায় বায়ুবহনকালে প্রশ্ন হইলে এবং সেই প্রশ্নগত অক্ষর অযুগ্ম হইলে রোগী বহু কষ্টভোগের পর রোগ হইতে পরিত্রাণ প্রাপ্ত হয় ॥ ৬ ॥

জীবাকারঞ্চ বা ধৃত্বা জীবাকারং বিলোকয়ন্।
জীবস্থো জীবিতং পৃচ্ছেত্তস্মাজ্জীবন্তি তে ধ্রুবম্ ॥ ৭ ॥
প্রশ্নে বাধঃ স্থিতো জীবস্তদা জীবো হি জীবতি।
ঊর্দ্ধদ্বারগতো জীবো যাতি জীবো যমালয়ম্ ॥ ৮ ॥

অধোদেশস্থ বায়ুবহনসময়ে রোগসম্বন্ধীয় প্রশ্ন হইলে যে ব্যক্তির উদ্দেশে প্রশ্ন হয়, সে রোগ হইতে মুক্তিলাভ করে এবং ঊর্দ্ধগত বায়ুবহন-কালে ঐরূপ প্রশ্ন হইলে রোগীকে মৃত্যুমুখে পতিত হইতে হয় ॥ ৭-৮ ॥

বিপরীতাক্ষরং প্রশ্নে রিক্তায়াং পৃচ্ছকো যদি।
বিপর্য্যয়ঞ্চ বিজ্ঞেয়ং বিষমস্থোদয়ে সতি ॥ ৯ ॥

যে দিকের নাসিকারন্ধ্রে শ্বাস অবরুদ্ধ থাকে, সেই দিকে থাকিয়া বিপরীত বর্ণে (পিঙ্গলায় সমাক্ষরে ও ইড়ায় বিষমাক্ষরে) প্রশ্ন হইলেও ঐরূপ ফল হয় ॥ ৯ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

যস্মিন্ ভাগে চরেজ্জীবস্তত্রস্থঃ পরিপৃচ্ছতি।
তদা জীবতি জীবোঽসৌ যদি রোগৈঃ প্রপীড়িতঃ॥ ১০॥

যে নাসাপুটে শ্বাস প্রবাহিত হইতেছে, সেই দিকে দাঁড়াইয়া রোগ-সম্বন্ধে প্রশ্ন করিলে রোগী নানারোগে রুগ্ন থাকিলেও স্বাস্থ্যলাভ করে॥ ১০॥

বাতোদয়ে বাতকরঞ্চ ভক্ষ্যং,
পিত্তোদয়ে পিত্তকরঞ্চ ভক্ষ্যম্।
শ্লেষ্মোদয়ে শ্লেষ্মকরঞ্চ ভক্ষ্যং,
পুংসি প্রভুক্তে প্রভবন্তি রোগাঃ॥ ১১॥

বায়ুতত্ত্বের উদয়ে বায়ুবৃদ্ধিকর দ্রব্য, অগ্নিতত্ত্বের উদয়ে পিত্তজনক বস্তু, জলতত্ত্বের উদয়ে কফজনক দ্রব্য আহার করিলে সেই সেই রোগ দ্বিগুণ বৃদ্ধি প্রাপ্ত হয়॥ ১১॥

একস্য ভূতস্য বিপর্য্যয়েণ,
রোগাভিভূতির্ভবতীহ পুংসাম্।
তয়োর্দ্বয়োর্ব্বন্ধুসুহৃদ্বিপত্তিঃ,
পরত্রয়ে ব্যত্যয়তো মৃতিঃ স্যাৎ॥ ১২॥

একতত্ত্ব বিপরীতভাবে বহমান হইলে আপনার পীড়া-বৃদ্ধি হয় এবং দুই তত্ত্ব বিপরীতরূপে প্রবাহিত হইলে বন্ধু প্রভৃতি আত্মীয়জন বিপন্ন হইয়া থাকে। ঐরূপ দেড়মাস ব্যাপিয়া তত্ত্ব বিপরীতরূপে উদিত হইলে মরণ ঘটে সন্দেহ নাই॥ ১২॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

মাসাদৌ বৎসরাদৌ চ পক্ষাদৌ চ যথাক্রমম্।
কালক্ষয়ং পরীক্ষেত বায়ুচারবশাৎ সুধীঃ ॥ ১৩ ॥

স্বরশাস্ত্রজ্ঞ বিচক্ষণ ব্যক্তি বৎসর, মাস ও পক্ষের আরম্ভসময়ে স্বরতত্ত্ব-বহন বিবেচনা পূর্ব্বক মরণকাল স্থির করিবেন ॥ ১৩ ॥

পঞ্চভূতাত্মকং দেহং শশিস্নেহেন সিঞ্চিতম্।
রক্ষয়েৎ সূর্য্যবাতেন তেন জীবঃ স্থিরো ভবেৎ ॥ ১৪ ॥

ইড়া-নিঃসৃত অমৃতসিঞ্চন ও পিঙ্গলার শ্বাসবহনজনিত সন্তাপ দ্বারা এই পঞ্চতত্ত্বাত্মক দেহ পরিরক্ষিত হইতেছে; এই কারণেই জীবের জীবনধারণ হয় ॥ ১৪ ॥

মারুতং বন্ধয়িত্বা তু সূর্য্যং বন্ধয়তে যদি।
অভ্যাসাজ্জীবতে জীবঃ সূর্য্যকালেঽপি বঞ্চতে ॥ ১৫ ॥

কুম্ভকযোগে পিঙ্গলানাড়ী বদ্ধ করিতে পারিলেই যোগী দীর্ঘজীবী হইতে পারে। ক্রমে ক্রমে অভ্যাসদ্বারা পিঙ্গলায় শ্বাসবহন রুদ্ধ করিতে হয়; ইহা দ্বারা মৃত্যুজয়ী হইতে পারে ॥ ১৫ ॥

গগনাৎ স্রবতে চন্দ্রঃ কায়া পদ্মানি সিঞ্চতি।
কর্ম্মযোগসদাভ্যাসাদ্রমতে শশিনঃ প্লবাৎ ॥ ১৬ ॥

ব্যোমতত্ত্ববহনকালে ইড়া হইতে অমৃত ক্ষরিত হয়। যোগী ব্যক্তি যোগপ্রভাবে শরীরাভ্যন্তরস্থ মূলাধারাদি পদ্মে সেই অমৃতসিঞ্চন করেন। ইহারই নাম কর্ম্মযোগ। যোগী ব্যক্তি এই অমৃতসিঞ্চনপ্রভাবেই দীর্ঘজীবী হইয়া পরমানন্দে আনন্দিত থাকেন ॥ ১৬ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

শশাঙ্কং বারয়েদ্রাত্রৌ দিবা বার্য্যো দিবাকরঃ।
ইত্যভ্যাসরতো যোগী স যোগী নাত্র সংশয়ঃ ॥ ১৭ ॥

রজনীযোগে চন্দ্রনাড়ী (বামনাসা) বন্ধ রাখিয়া সূর্য্যনাড়ীতে (দক্ষিণ-নাসায়) শ্বাসচালনা করিবে এবং দিবাভাগে পিঙ্গলা রুদ্ধ করত ইড়ায় চালনা করিতে হয়। প্রতিদিন এইরূপ অভ্যাস করিলেই প্রকৃত যোগী বলিয়া গণ্য হইতে পারে ॥ ১৭ ॥

দিবা ন পূজয়েল্লিঙ্গং রাত্রৌ দেবীং ন পূজয়েৎ।
রহসি জ্ঞানজনকং পঞ্চসূত্রে সমন্বিতম্ ॥ ১৮ ॥

দিবাভাগে শিবলিঙ্গপূজন ও রাত্রিতে দেবীপূজন ত্যাগ করিবে অর্থাৎ দিবাভাগে পিঙ্গলা এবং রাত্রে ইড়া বন্ধ রাখিবে। গোপনভাবে এই পঞ্চাত্মক স্বরচালনা সাধন করিতে হয় ॥ ১৮ ॥

অহোরাত্রং যদৈকত্র বহতে যস্য মারুতঃ।
তদা তস্য ভবেদায়ুঃ সংপূর্ণবৎসরত্রয়ম্ ॥ ১৯ ॥

বৎসর, মাস বা পক্ষের প্রথমদিনে এক অহোরাত্র (ষাইট দণ্ড) সমবেগে উভয়নাসায় বায়ু প্রবাহিত হইলে তিন বর্ষ পরে মৃত্যুমুখে পতিত হইতে হয় ॥ ১৯ ॥

অহোরাত্রদ্বয়ং যস্য পিঙ্গলায়াং সদাগতিঃ।
তস্য বর্ষদ্বয়ং জ্ঞেয়ং জীবিতং তত্ত্ববেদিভিঃ ॥ ২০ ॥

স্বরতত্ত্ববিৎ মহাত্মারা স্থির করিয়াছেন, বৎসর, মাস বা পক্ষের প্রথম দিন হইতে দুই দিবারাত্রি দক্ষিণনাসায় শ্বাস প্রবাহিত হইলে দুই বর্ষ পরে মৃত্যু ঘটে ॥ ২০ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

ত্রিরাত্রং বহতে যস্য বায়ুরেকপুটে স্থিতঃ ।
সংবৎসরং যাবদায়ুঃ স্যাদ্‌বদন্তি মনীষিণঃ ॥ ২১ ॥

স্বরতত্ত্বজ্ঞগণ নিরূপণ করিয়াছেন যে, বৎসর, মাস বা পক্ষের প্রথমদিন হইতে তিন রাত্রি পর্য্যন্ত পিঙ্গলায় বায়ু প্রবাহিত হইলে সেই ব্যক্তি একবৎসরমাত্র জীবিত থাকে ॥ ২১ ॥

রাত্রৌ চন্দ্রো দিবা সূর্য্যো বহেদ্‌যস্য নিরন্তরম্ ।
বিজানীয়াত্তস্য মৃত্যুঃ ষণ্মাসাভ্যন্তরে সুধীঃ ॥ ২২ ॥

বৎসর, মাস বা পক্ষের প্রথম দিন রাত্রিকালে বামনাসায় এবং দিবাভাগে দক্ষিণনাসায় বায়ু প্রবাহিত হইলে ষণ্মাসমধ্যে মৃত্যুমুখে পতিত হইতে হয় ॥ ২২ ॥

একাদিষোড়শাহানি যদি ভানুর্নিরন্তরম্ ।
বহেদ্‌যস্য চ বৈ মৃত্যুঃ শেষাহেন চ মাসিকৈঃ ॥ ২৩ ॥

বৎসর, মাস বা পক্ষের প্রথমদিন হইতে ষোলদিন পর্য্যন্ত দক্ষিণনাসাপুটে শ্বাস প্রবাহিত হইলে একমাসমধ্যে কালগ্রাসে পতিত হইতে হয় ॥ ২৩ ॥

সম্পূর্ণং বহতে সূর্য্যশ্চন্দ্রমা নৈব দৃশ্যতে ।
পক্ষেণ জায়তে মৃত্যুঃ কালজ্ঞানেন ভাষিতম্ ॥ ২৪ ॥

বৎসর, মাস বা পক্ষের প্রথমদিনে বামনাসিকা রুদ্ধ থাকিলে এবং দক্ষিণনাসিকায় অবিচ্ছেদে শ্বাসবহন পইলে পক্ষমধ্যে প্রাণ বহির্গত হইবে ॥ ২৪ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সম্পূর্ণং বহতে চন্দ্রঃ সূর্য্যো নৈব চ দৃশ্যতে।
মাসেন দৃশ্যতে মৃত্যুঃ কালজ্ঞানেন ভাষিতম্॥ ২৫॥

বৎসর, মাস বা পক্ষের প্রথমদিনে দক্ষিণনাসাপুট রুদ্ধ থাকিলে এবং অবিচ্ছেদে বামনাসায় বায়ু প্রবাহিত হইলে এক মাসমধ্যে মৃত্যু ঘটে॥২৫॥

মূত্রং পুরীষং বায়ুশ্চ সমকালং প্রজায়তে।
তদাসৌ চলিতো জ্ঞেয়া দশাহে ম্রিয়তে ধ্রুবম্॥ ২৬॥

উপরি-উক্ত দিনে যাহার মল, মূত্র ও অধোবায়ু একত্র বহির্গত হয়, দশ দিনমধ্যে তাহার মৃত্যু ঘটে॥ ২৬॥

এবং চন্দ্রপ্রবাহঞ্চ সুখলাভজয়স্তথা।
সূর্য্যচন্দ্রপ্রণাশে তু সদ্যোমৃত্যুর্ন সংশয়ঃ॥ ২৭॥

নিয়মানুসারে ইড়ানাড়ীতে স্বরবহন হইলে সুখ, লাভ ও জয় হয়। উভয়-নাসায় যুগপৎ বায়ুবহন রুদ্ধ হইলে আশু মৃত্যুমুখে পতিত হইতে হয়॥২৭॥

অরুন্ধতীং ধ্রুবঞ্চৈব বিষ্ণোস্ত্রীণি পদানি চ।
আয়ুর্হীনা ন পশ্যন্তি চতুর্থং মাতৃমণ্ডলম্॥ ২৮॥

যাহাদিগের মৃত্যু আসন্ন, তাহারা সপ্তর্ষিমণ্ডলগত অরুন্ধতী, ধ্রুব নক্ষত্র, বিষ্ণুচরণত্রয় ও মাতৃমণ্ডলাখ্য তারা দেখিতে পায় না। ২৮॥

অরুন্ধতী ভবেজ্জিহ্বা ধ্রুবো নাসাগ্রমুচ্যতে।
ভ্রুবোর্ম্মধ্যে বিষ্ণুপদং তারকং মাতৃমণ্ডলম্॥ ২৯॥

আকাশপথস্থিত নক্ষত্রের ন্যায় শরীরমধ্যেও নাসা, ভ্রূ ইত্যাদি অঙ্গের পৃথক্ পৃথক্ নাম আছে। জিহ্বা অরুন্ধতী, নাসিকার অগ্রভাগ ধ্রুব, ভ্রূযুগলের মধ্যভাগ বিষ্ণুপদ এবং চক্ষুর তারা মাতৃমণ্ডল নামে অভিহিত॥২৯॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

নব ভ্রুবঃ সপ্তমো বা পঞ্চ তারা ত্রি নাসিকা।
জিহ্বামেকং দিনং প্রোক্তং ম্রিয়তে মানবো ধ্রুবম্ ॥ ৩০ ॥

আসন্নমৃত্যু ব্যক্তি যেমন আকাশমার্গস্থ অরুন্ধতী, ধ্রুব, বিষ্ণুপদ ও সাতমণ্ডল দেখিতে পায় না, সেইরূপ জিহ্বার অগ্রদেশ, নাসার অগ্রভাগ, ভ্রূদ্বয়ের মধ্য ও চক্ষুর তারাও দেখিতে পায় না। সপ্তাহ বা নবাহমধ্যে যাহার মৃত্যু ঘটবে, সে ভ্রূদ্বয়ের মধ্যভাগ দেখিতে পায় না। নেত্রতারা দেখিতে না পাইলে তিনদিন পরে এবং জিহ্বার অগ্রদেশ দেখিতে না পাইলে একদিন পরেই মৃত্যু ঘটে ॥ ৩০ ॥

কোণমক্ষ্ণোঽঙ্গুলীভ্যাস্তু কিঞ্চিৎ পীড্য নিরীক্ষয়েৎ।
যদা ন দৃশ্যতে বিন্দুর্দ্দশাহেন জনো মৃতঃ ॥ ৩১ ॥

চক্ষু মুদিত করিয়া অঙ্গুলীদ্বারা চক্ষুর কোন একটী কোণ পীড়িত করিলে তদ্বিপরীতদিকে নেত্রের মধ্যে সমুদ্দীপ্ত তারকাকৃতি একটী বিন্দু-পদার্থ দেখিতে পাওয়া যায়। উহা দৃষ্ট না হইলে দশদিনমধ্যে প্রাণত্যাগ হইবে ॥ ৩১ ॥

বিংশোঽধ্যায়ঃ।

—*—

নাড়ীজ্ঞানম্।

সদাশিব উবাচ।

ইড়া গঙ্গেতি বিজ্ঞেয়া পিঙ্গলা যমুনা নদী।
মধ্যে সরস্বতীং বিদ্যাৎ প্রয়াগাদিসমন্ততঃ ॥ ১ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সদাশিব কহিলেন, ইড়ানাড়ীকে গঙ্গা, পিঙ্গলাকে যমুনা এবং ইড়া ও পিঙ্গলার মধ্যবর্ত্তিনী সুষুম্নাকে সরস্বতী কহে। দেহমধ্যে যে স্থলে ঐ তিনটী নদীস্বরূপিণী নাড়ীত্রয় একত্র হইয়াছে, সেই সঙ্গমস্থলই তীর্থরাজ প্রয়াগ বলিয়া অভিহিত ॥ ১ ॥

আদৌ সাধনমাখ্যাতং সদ্যঃপ্রত্যয়কারকম্।
বদ্ধপদ্মাসনো যোগী বন্ধয়েদুড্ডীয়ানকম ॥ ২ ॥

অধুনা সত্যপ্রত্যয়কারক যোগসাধনের প্রণালী কথিত হইতেছে। প্রথমে সাধক ব্যক্তি পদ্মাসনে বসিয়া উড্ডীয়ান-বন্ধের অনুষ্ঠান করিবে ॥ ২ ॥

পূরকঃ কুম্ভকশ্চৈব রেচকশ্চ তৃতীয়কঃ।
জ্ঞাতব্যো যোগিভির্নিত্যং দেহসংশুদ্ধিহেতবে ॥ ৩ ॥

প্রতিদিন পূরক, কুম্ভক ও রেচকরূপ প্রাণায়াম করা কর্ত্তব্য। ইহা দ্বারা দেহের বিশুদ্ধি জন্মে। ইহা অনুক্ষণ জ্ঞাত থাকা যোগীজনের কর্ত্তব্য ॥ ৩ ॥*

পূরকঃ কুরুতে পুষ্টিং ধাতুসাম্যং তথৈব চ।
কুম্ভকঃ স্তম্ভনং কুর্য্যাজ্জীবরক্ষাবিবর্দ্ধনম্ ॥ ৪ ॥
রেচকো হরতে পাপং কুর্য্যাদ্যোগপদং ব্রজেৎ।
পশ্চাৎ সংগ্রামবর্ত্তিষ্ঠেৎ পদ্মে বন্ধে চ কারয়েৎ ॥ ৫ ॥

---

* ইড়াতে পূরক, সুষুম্নাতে কুম্ভক ও পিঙ্গলায় রেচক এবং পিঙ্গলাতে পূরক, সুষুম্নাতে কুম্ভক ও ইড়াতে রেচক এইরূপে প্রাণায়াম করা কর্ত্তব্য।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

পূরক দেহের পুষ্টিসাধন ও পিত্তের সাম্যবস্থা সম্পাদন করে এবং কুম্ভক দ্বারা উদরাভ্যন্তরে শ্বাসস্তম্ভন করিতে হয়, ইহা দ্বারা জীবন রক্ষিত ও আয়ুর্ব্বৃদ্ধি হয়। রেচক দেহগত সমস্ত পাপ ক্ষালন করে। এইরূপে প্রাণায়াম সমাধা হইলে পদ্মাসন বিসর্জ্জন পূর্ব্বক ক্ষণকাল অবস্থিতি করাই বিধেয় ॥ ৪-৫ ॥

কুম্ভয়েৎ সহজং বায়ুং যথাশক্ত্যা প্রযত্নতঃ।
রেচয়েচ্চন্দ্রমার্গেণ সূর্য্যেণ পূরয়েৎ সুধীঃ ॥ ৬ ॥
চন্দ্রং পিবতি সূর্য্যশ্চ সূর্য্যং পিবতি চন্দ্রমাঃ।
অন্যোঽন্যকালভাবেন জীবেদাচন্দ্রতারকম্ ॥ ৭ ॥

যে সময়ে যোগশিক্ষা করিবে, তখন একেবারে অনেক-সংখ্যায় প্রাণায়াম করা অনুচিত। শক্তি অনুসারে যত্ন সহকারে ক্রমে ক্রমে যেরূপ বায়ু গ্রহণ করিতে কষ্ট বোধ না হয়, তদ্রূপ গ্রহণ করিয়া কুম্ভক অবলম্বন করিবে। প্রথমে দক্ষিণনাসায় বায়ু লইয়া পূরক করিতে হয়, তৎপরে বামনাসা দ্বারা উহা রেচন করিবে। তদনন্তর বামনাসা দ্বারা পূরণ ও দক্ষিণনাসাদ্বারা রেচন করিবে। এইরূপে অনুলোমবিলোমক্রমে প্রাণায়াম করা বিধেয়। যতদিন পৃথিবীতে চন্দ্র-তারা বিরাজ করে, ততদিন এই সাধনবলে যোগী জীবিত থাকে ॥৬ ৭॥

স্বীয়াঙ্গে বহতে নাড়ী তন্নাড়ীরোধনং কুরু।
মুখবন্ধমমুচানং পবনং জয়তে যুবা ॥ ৮ ॥

যখন যে অঙ্গে যে নাড়ীতে বায়ুবহন হয়, তখন সেই অঙ্গে সেই নাড়ী রুদ্ধ করা কর্ত্তব্য। পুনঃ পুনঃ শ্বাসরোধ ও রেচন করিতে পারিলে অনায়াসে পবনজয় করিতে সমর্থ হইতে পারা যায় ॥ ৮ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

মুখনাসাক্ষিকর্ণানামঙ্গুলীভির্নিরোধয়েৎ।
তত্ত্বোদয়মিতি জ্ঞেয়ং সম্মুখীকরণং প্রিয়ে ॥ ৯ ॥

দুই হস্তের অঙ্গুলীসমূহ দ্বারা মুখবিবর, নাসারন্ধ্র, নয়নদ্বয় ও কর্ণবিবর অবরোধ করিবে। এই উপায় দ্বারা কোন্ তত্ত্বের উদয় হইতেছে, তাহা জানিতে পারা যায় এবং সম্মুখে তত্ত্বসকলের আকৃতি প্রভৃতিও নেত্রগোচর হইয়া থাকে ॥ ৯ ॥

তস্য রূপং গতিঃ স্বাদো মণ্ডলং লক্ষণন্ত্বিদম্।
যো বেত্তি বৈ নরো লোকে স তু শূদ্রোঽপি যোগবিৎ ॥১০॥

এই প্রকারে তত্ত্বসকলের রূপ, গতি, স্বাদ, মণ্ডল ও লক্ষণ বিদিত হইতে পারিলেই শূদ্র ব্যক্তিও যোগী বলিয়া গণনীয় হইতে পারে ॥ ১০ ॥

নিরাশী নির্ম্মলো যোগী ন কিঞ্চিদপি চিন্তয়েৎ।
বাসনারুন্মূলীকৃত্বা কালং জয়তি লীলয়া ॥ ১১ ॥

হৃদয়মন্দির হইতে আশা বিসর্জ্জন দেওয়া যোগীর কর্ত্তব্য। তিনি নিরন্তর শুদ্ধকলেবরে অবস্থিতি করিবেন এবং সর্ব্বপ্রকার চিন্তা বিসর্জ্জন দিবেন। এইরূপে বিষয়কামনা বিসর্জ্জন দিলেই অমরত্বলাভ হয় ॥ ১১॥

বিশ্বস্য বেশিকা শক্তির্নেত্রাভ্যাং পরিদৃশ্যতে।
তত্রস্থং তু মনো যস্য যামমাত্রং ভবেদিহ ॥ ১২ ॥
তস্যায়ুর্ব্বর্দ্ধতে নিত্যং ঘটিকাত্রিপ্রমাণতঃ।
শিবেনোক্তং পুরা তন্ত্রং সিদ্ধস্য গুণগহ্বরম্ ॥ ১৩ ॥

যোগবলে ব্রহ্মাণ্ডের সমস্ত বিষয়ই যোগসাধকের প্রত্যক্ষ হইয়া থাকে। তাঁহার মন প্রহরকালমধ্যে সমস্ত ব্রহ্মাণ্ড ভ্রমণ করিতে সমর্থ

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

হয়। প্রতি মুহূর্ত্তেই তদীয় পরমায়ু তিন ঘটিকা পরিমাণে বৃদ্ধি পাইয়া থাকে। শিব স্বয়ং বলিয়াছেন, এই স্বরোদয়নামক তন্ত্রশাস্ত্র সিদ্ধিকর ও নানাগুণের নিলয় ॥ ১২-১৩ ॥

বদ্ধপদ্মাসনস্থো গুদপবনচয়ং সংনিরুধ্যোর্দ্ধমুচ্চৈঃ,
প্রাণং রন্ধ্রেণ কুম্ভত্রয়জিতমলিনং প্রাণশক্ত্যা নিরুধ্য ।
একীভূতং সুষুম্নাবিবরমুখগতং ব্রহ্মরন্ধ্রে চ নীত্বা,
নিঃক্ষিপ্যাকাশমার্গে শিবচরণরতা যান্তি তে চাপি ধন্যাঃ॥১৪॥

পদ্মাসনবন্ধন পূর্ব্বক গুহ্যদেশস্থ অপানবায়ুকে অবরোধ করিয়া ক্রমান্বয়ে ঊর্দ্ধে উত্থাপিত করিবে এবং প্রাণবায়ুকে কুম্ভকত্রয়যোগে ব্রহ্মমার্গে স্তম্ভিত করত প্রাণশক্তি দ্বারা অবরুদ্ধ করিবে। এইরূপে উক্ত বায়ুকে একত্র করাইয়া সুষুম্না-বিবরে প্রবেশ করাইবে ও ক্রমে ক্রমে ব্রহ্মরন্ধ্রে লইয়া যাইবে। তৎপরে সুষুম্নার মধ্যগত ব্রহ্মনাম্নী সূক্ষ্মা নাড়ীর মধ্যে আকর্ষণ করত শিবপদে সম্মিলিত করিবে অর্থাৎ সহস্রদলপদ্মস্থ পরব্রহ্মে বিলীন করিতে হইবে। এইরূপে যোগসাধন-সম্পাদনে শক্তিমান হইলে জগতে ধন্যবাদার্হ হইতে পারা যায় ॥ ১৪ ॥

———

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

একবিংশোঽধ্যায়ঃ।

—*—

স্বরোদয়ফলশ্রুতিঃ।

সদাশিব উবাচ।

এতজ্জানাতি যো যোগী এতৎ পঠতি নিত্যশঃ।
সর্ব্বদুঃখৈর্ব্বিনির্ম্মুক্তো লভতে বাঞ্ছিতং ফলম্॥ ১॥

সদাশিব কহিলেন, যিনি এই স্বরোদয়শাস্ত্র বিদিত হইয়াছেন ও যিনি প্রতিদিন ইহা পাঠ করেন, তিনি সর্ব্বদুঃখহীন হইয়া অভীষ্ট ফল প্রাপ্ত হন॥ ১॥

স্বরজ্ঞানং শিরো যস্য লক্ষ্মীঃ করতলে ভবেৎ।
এতত্তু শরীরে যস্য সুখং তস্য সদা ভবেৎ॥ ২॥

স্বরশাস্ত্রই যাঁহার মস্তকস্বরূপ অর্থাৎ যিনি এই শাস্ত্রকেই শিরোমণি-স্বরূপ জ্ঞান করেন, কমলা তাঁহার করতলগভ। যাঁহার শরীরে সেই স্বরজ্ঞান আছে, সুখ তাঁহার চিরানুগত॥ ২॥

প্রণবঃ সর্ব্ববেদানাং ব্রহ্মাণ্ডে ভাস্করো যথা।
মর্ত্ত্যলোকে তথা পূজ্যঃ স্বরজ্ঞানী পুমানপি॥ ৩॥

স্বরজ্ঞানী পুরুষ বেদমধ্যে প্রণবের ন্যায় এবং জগতে ভাস্করের ন্যায় সর্ব্বত্র সকলেরই পূজনীয় হইয়া থাকেন॥ ৩॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

নাড়ীত্রয়ং বিজানাতি তত্ত্বজ্ঞানং তথৈব চ ।
নৈব তেন ভবেত্তুল্যং লক্ষকোটিরসায়নম্ ॥ ৪ ॥

ইড়াদি তিনটী নাড়ী ও ক্ষিত্যাদি তত্ত্বপঞ্চক সম্যক্ বিদিত থাকিলে লক্ষকোটি রসায়নবেত্তাও তৎসদৃশ হইতে পারে না ॥ ৪ ॥

একাক্ষরপ্রদাতারং নাড়ীভেদনিবেদকম্ ।
পৃথিব্যাং নাস্তি তদ্দ্রব্যং যদ্দত্ত্বা চানৃণী ভবেৎ ॥ ৫ ॥

যিনি একাক্ষর মহামন্ত্রের ও ইড়াদি নাড়ীত্রয়বিষয়ের গুহ্য উপদেশ প্রদান করেন, জগতে এমন কোন দ্রব্য নাই, যাহা তাঁহাকে দান করিলে সেই ঋণ হইতে পরিমুক্তি হইতে পারে ॥ ৫ ॥

স্বরস্তত্ত্বং তথা যুদ্ধং দেববশ্যং স্ত্রিয়স্তথা ।
গর্ভাব্দরোগকালাখ্যং নরপ্রকরণান্বিতম্ ॥ ৬ ॥

স্বর, তত্ত্ব, সংগ্রাম, দেববশীকরণ, স্ত্রীবশীকরণ, গর্ভ, বর্ষ, রোগ ও কাল এই নবপ্রকরণে এই স্বরোদয় গ্রথিত ॥৬॥

এবং প্রববর্ত্তিতং লোকে সিদ্ধিদং সিদ্ধযোগিভিঃ ।
আচন্দ্রার্কং গৃহী জীয়াৎ পঠনাৎ সিদ্ধিদায়কম্ ॥ ৭ ॥

সিদ্ধ-যোগিগণ কর্ত্তৃক এই সিদ্ধিপ্রদ শাস্ত্র জগতে প্রবর্ত্তিত হইয়াছে। এই সিদ্ধিকর শাস্ত্র পাঠ করিলে, যাবৎ পৃথিবীতে চন্দ্রসূর্য্য বিরাজিত থাকেন, তাবৎ জীবন ধারণ করিতে পারে সন্দেহ নাই ॥ ৭ ॥

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

সুস্থাসনে সমাসীনো নিদ্রামাহারমল্পকম্।
চিন্তয়েৎ পরমাত্মানং যদ্বদেত্তদ্ভবিষ্যতি ॥ ৮ ॥

সুস্থাসনে সমাসীন হইয়া পরিমিত ভোজন ও পরিমিত নিদ্রা ভোগ পূর্ব্বক পরমাত্মার চিন্তা করিবে, তাহা হইলে সেই সাধকের বাক্‌সিদ্ধি লাভ হয় ॥ ৮ ॥

— — —

সম্পূর্ণ।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

বসুমতী পুস্তকবিভাগ—১১৫।৫ নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।

আগমবাগীশ কৃষ্ণানন্দের

বৃহৎ তন্ত্রসার

বহুযন্ত্রের চিত্র-সংবলিত, বঙ্গানুবাদসহ যন্ত্রের অনুষ্ঠান সহ এই বৃহৎ তন্ত্রসারের তৃতীয় সংস্করণ, বহুল সংশোধন ও পরিবর্ত্তন করিয়া প্রকাশিত হইয়াছে।

বাজারে যে তন্ত্রসার নামে পুস্তক আছে, তাহা বৃহৎ তন্ত্রসার নহে। আমরা বহু অন্বেষণে বহু সাধনায় কাশী হইতে পাণ্ডুলিপি আনাইয়া, তদনুসারে বিস্তারিত সরল অনুবাদসহ এই বৃহৎ তন্ত্র-সার প্রকাশিত করিয়াছি। যন্ত্রসমূহের চিত্র যথাযথস্থানে দেওয়া হইয়াছে। তন্ত্রতত্ত্ব, তন্ত্ররহস্য ও পঞ্চমকার রহস্য কি, গুপ্তসাধন কাহার নাম ইত্যাদি সকলই ইহাতে দেখিতে পাইবেন। মূল্য ৬৲ স্থলে বহুল প্রচার জন্য ১৷৷০ দেড় টাকায় দিব, ডাঃ মাঃ ।০ চারি আনা।

মহানির্ব্বাণ তন্ত্র ও মন্ত্রকোষ।

মূল ও অনুবাদসহ এই মহানির্ব্বাণ তন্ত্র দশম সংস্করণ প্রকাশিত হইল। মহানির্ব্বাণ তন্ত্র সাধকের কণ্ঠহার ; পঞ্চমকার সাধনের ইহাই মূল গ্রন্থবিশেষ। তন্ত্রতত্ত্ব, তন্ত্র-মাহাত্ম্য, তন্ত্ররহস্য এই তন্ত্রের অন্তর্গত। সাধকগণের সুবিধার জন্য মহানির্ব্বাণ-তন্ত্র-সহ সর্ব্বদেবদেবীর বীজমন্ত্র, মন্ত্রকোষ ইহার সহিত সন্নিবেশিত।

অথচ উভয় গ্রন্থের অত্যন্ত সুলভ মূল্য ৸০ বার আনা করা হইল। ডাকমাশুল ৶০ তিন আনা।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

যোগশাস্ত্র।

১ ষট্‌চক্র, ২ শিবসংহিতা, ৩ ঘেরণ্ডসংহিতা, ৪ ব্রহ্মসংহিতা, ৫ অষ্টাবক্রসংহিতা মূল ও সরল অনুবাদ সহ সিদ্ধযোগীগণপ্রদত্ত পুঁথি দৃষ্টে প্রকাশিত। ২৲ টাকা মূল্যের ৫ খানি গ্রন্থের ॥৵০ দশ আনা মূল্য ধার্য্য করিলাম, ডাঃ মাঃ সহ ৸০ বার আনা।

যোগী যাজ্ঞবল্ক্য।

মূল ও অনুবাদ সহ যোগশাস্ত্রের নিগূঢ় তাৎপর্য্য সকল, যোগসাধনের সরল সঙ্কেত, যোগসম্পত্তিলাভের প্রশস্ত পথ এই গ্রন্থে সন্নিবেশিত। শূদ্র ও স্ত্রীলোকের জন্য এই গ্রন্থ প্রশস্ত। মূল্য ১৲ এক টাকা স্থলে ॥০ আনা ; ডাঃ মাঃ ৵০ আনা।

হঠযোগ-প্রদীপিকা।

আবার নূতন সংস্করণ প্রকাশিত হইল।

যোগের মহান্ তত্ত্বসমূহ ইহাতে সন্নিবেশিত। যম, নিয়ম, নেতি, ধৌতি, আসন, মুদ্রা, প্রাণায়াম, প্রত্যাহার, লয়, সমাধি, প্রভৃতি কিরূপে ধীরে ধীরে অভ্যাস করিয়া যোগী হইতে পারা যায়, সেই সকল সাধনে কিরূপ বিঘ্ন উপস্থিত হয়, বিঘ্নসমূহ কি অবলম্বনে দূর হয়, ঐ সকল অভ্যাসের ফল কি, ইত্যাদি ইত্যাদি নানাবিধ গুপ্ত যোগতত্ত্ব ইহাতে পাইবেন।

মূল্য ১৲ স্থলে ॥০ আট আনা, ডাঃ মাঃ ৵০ আনা।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

হিন্দু-সর্ব্বস্ব।

হিন্দুসর্ব্বস্ব—গুরু-পুরোহিতের, শিষ্য-যজমানের, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্যের, সকলের সমান দরকার। পঞ্চ উপাসকের প্রয়োজনীয় সহস্রাধিক বিষয়ে ৭০০ পৃষ্ঠায় ১৩শ খণ্ডে হিন্দু-সর্ব্বস্ব সম্পূর্ণ। কাগজ, ছাপা উৎকৃষ্ট, সুবর্ণখচিত বাঁধান।

ত্রয়োদশ খণ্ডের সংক্ষিপ্ত বিবরণ।

১ম খণ্ডে—প্রাতঃকৃত্য। ২য় খণ্ডে—পূর্ব্বাহ্নকৃত্য। ৩য় খণ্ডে—মধ্যাহ্নকৃত্য। ৪র্থ খণ্ডে—সায়াহ্নকৃত্য। ৫ম খণ্ডে—রাত্রিকৃত্য। ৬ষ্ঠ খণ্ডে—পূজাবিধি; সর্ব্বদেবদেবীর পূজার পদ্ধতি এই খণ্ডে পাইবেন। ৭ম খণ্ডে—ধ্যান ও প্রণামমালা (সর্ব্বদেব দেবীর)। ৮ম খণ্ডে—আসন ও মুদ্রা (সর্ব্ববিধ)। ৯ম খণ্ডে—স্তবকবচ-মালা (সর্ব্বদেবদেবীর)। ১০ম খণ্ডে—শ্রাদ্ধপ্রকরণ। ১১শ খণ্ডে—অশৌচ ও প্রায়শ্চিত্ত ব্যবস্থা। ১২শ খণ্ডে—ব্রতমালা। ১৩শ খণ্ডে তীর্থকৃত্য, গয়াশ্রাদ্ধ, গয়াকৃত্য, কাশীকৃত্য, প্রয়াগকৃত্য ইত্যাদি। এতদ্ভিন্ন প্রকীর্ণ অংশে নানাবিধ বিষয় আছে, হিন্দুর যাহা কিছু ধর্ম্মকর্ম্মের ইহাতে সমস্তই পাইবেন।

মূল্য ১।০ পাঁচ সিকা। ডাঃ মাঃ ।০ চারি আনা।

বসুমতী পুস্তকবিভাগ—১১৫।১ নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar

Digitized by Arya Samaj Foundation Chennai and eGangotri

CC-0. In Public Domain. Gurukul Kangri Collection, Haridwar